# তৃতীয় অধ্যায় ঃ
# খাসজমির ব্যবস্থাপনা

**BOARD OF REVENUE**

Memo No. 1822(17)-Com/F Date the 13th June, 1958.

To : The Collector of Faridpur.

**Sub : <u>Payment of annuity in respect of acquired Debottar properties to the Shebaits.</u>**

Under Government's notification No. 10291-L.R. dated 22.2.56 Collectors of all the districts and the Deputy Commissioner, Sylhet have been appointed ex-officio Trustees U/S. 58 of the E.B.S.A. & T Act in respect of all religious endowments affected by the Act. Section 58 (4) of the Act does not recognise a Shebait but required the Government to pay the annuity in respect of an acqd. Debottar property to the "Trustee". So in all cases the Collector has to make payment to himself as Trustee and open a personal ledger account, operate upon it and be responsible for the due performance of services in the temple or other religious and charitable institutions.

Section 59 (4) of the Act requires the Trustee to pay the annuities to the Shebait which does not imply that payment should be made imprudently and the Shebaits are entitled to receive and spend the money as they like. The shebaits or their agents if they are prepared to co-operate and live in the country as servants of the Trustee should receive money and spend it in accordance with the directions of the collector and render a satisfactory account to him. If the collector as Trustee is not satisfied with the behaviour of any Shebait or his agent, he should engage or appoint another.

Section 5 of the Foreign Exchange Regulation Act, 1947, restricts payment to, or for credit of any person outside the country. So it would be an infringement of the provisions of the above Act to pay to a non-resident Shebait or his or her agent. It is, however, open to a Collector as Trustee to admit a resident agent of non-resident Shebait as his servant (Trustee's employee) and make payment to him as such if he is satisfied with his conduct. But he should not make payment to him as an agent of a non-residen Shebait.

**Sd/-Illegible.**
Secretary.
Board of Revenue,

**BOARD OF REVENUE**

**CIRCULAR**

Memo. No. 44919) - S.O. – 12/70, Dated the October 3,1970

TO: THE DEPUTY COMMISSIONER,.........................................

**Subject: <u>Preservation of Pasture land.</u>**

The undersigned is directed to invite his attention to the instructions contained in the Board's Memo. No. 826 (17)- A.E. dated 6th April 1961 (copy enclosed) on the subject of preservation of pasture land and to state that land recorded as pasture land, gopat and halat and also Government khas tanks (even in derelict condition) in the fields should not be leased out. These should be permanently preserved for public purpose. The Tahsildars would be responsible for keeping a strict watch over them to ensure that no encroachment is made thereon. If any encroachment takes place, this should at once be reported by the Tahsildar to the Circle Officer (Revenue) who should, in his turn report the matter to the Additional Deputy' Commissioner (Revenue), Joint Deputy Commissioner for eviction of trespassers.

2. It would be the duty of the Circle Officer (Revenue) and the Field Kanungo to see that the instructions given here are seriously followed.

**Sd/- S.A.SALAM,**
Secretary,
Board of Revenue

**BOARD OF REVENUE**
**CIRCULAR**
Memo No. 928(22)- vii-76/71-L.S, dated 10th November, 1971.

To.
(1) THE COMMISSIONER,........................ DIVISION, ....................
(2) THE DEPUTY COMMISSIONER, .......................................................

Subject : **Settlement of agricultural khas land, free of salami, with landless agriculturist families.**

In purpose of para. 4 of G.O. No. 2L-77/70/272-R.L., date 9th November, 1971, the undersigned is directed to say that Government have been pleased to secede that available agricultural khas land would be settled free of salami, with landless agriculturist families and also those who have less than one acre of land of preference as shown below:-

(i) Agricultural refugees requiring rehabilitaiton on land on condition that they will cultivate the land themselves.
(ii) Agriculturists whose land has been diluviated.
(iii) Ex- servicemen of tha agriculturist class, retired of discharged after a long and meritorious active service in the Army, Navy or Air force. But if an ex-serviceman is also a tenant of diluviated land , his case will be considered with those of category (ii) above.
(iv) Other bona fide cultivators having no land at all or owning less than once acre of land.

2. The settlement will be made on condition and principles laid down below :-
(i) An applicant having no land at all shall have preferencc over any apllicant having less than one acre of land.
(ii) In either case, homestead land should be excluded from calculation to determine whether a person is landless or has some land, but allowance for homstead land in all cases shall be limited to five kattas only.
(iii) When any land is settled free of salami, the settlement – holder or on his death, his legal heirs shall have no right to transfer the land, whether by sale or gift or bequest of otherwise within a period of fifteen years from the date of settlement except mortgaging the same with Government, or a registered Co-operative Socicty for raising funds for investment in agriculture.

3. The following procedure should be adopted for implementing the Government decision in the matter of settlement of land free of salami :-

(i) Agricultural khas land verified and advertised for settlement under the last crash programme should be checked afresh after omitting the area already settled and excluding any area earmarked for special projects and six copies of a fresh mauzawari list of all available cultivable agricultural khas land should be prepared by the Tahsildar within a specificd period to be fixed by the Deputy Commissioners.

(ii) The list of khas land so prepared shall then be published for two weeks by hanging one copy each on the notice boards of the Tahsil Office, Union Council Office, Cercle Officer (Revenue)'s Office, Circle Officer (Development)'s Office, Thana Office and Registration Office. Simultaneously, wide publicity should be made by inviting applications from eligible candidates for settlement of land free of salami, beginning from the stage of publication of the list of khas lands to be affixed at the Notice Board of all those offices.

(iii) All applications for settlement of khas land must be in the prescribed printed form (priced at six paisa) available from stamp-vendors at all thana headquarters. The Deputy Commissioner will also arrange to have the printed application forms sold to the public through Union Council Offices, Tahsil Offices and Offices of Circle Officer (Revenue) and Circle Officer (Development).

(iv) All such application are required to be filed before the Circle Officer (Revenue) of the area within thirty days of expiry of the period prescribed for publication of nolices, as laid down in clause (ii) above.

(v) The applicant must be an adult male and head of an independent agriculturist family having a separate holding in his name on the Union tax assessment list. An applicant living in the same mess with his father or brothers or other close relations shall not be considered as head of an independent family eligible for settlement of land.

(vi) The Circle Officer (Revenue) will receive applications personally within the time limit fixed and grant an acknowledgment receipt for each application. While receiving these applications, he must examine them carefully in presence of the applicants to see that the columms therein have been correctly filled in with the particulars needed. In case of incomplete or defective applications, these should be corrected by the applicants on the spot. All these applications should be serially entered in Register XII for settlement of khas land.

(vii) As soon as the last date for filing of applications expires, the Circle Officer (Revenue) shall sort out all the applications filed and classify them under two categories, (a) applications from landless families and (b) those families owning less than one acre land. Both these categories of applications shall then be classified separately under four heads of priority as shown in paragraph 1. Scrutiny and classification of applications must be completed by the Circle Officer (Revenue) within ten days.

(viii) The applications shall then be sent to respective Tahsildars for enquiry in the locallity and verfication with the records-of-rights. The Tahsildar must complete this work within three weeks and send all the applications with enquriy-reports back to the Circle Officer (Revenue).

(ix) On receipt of enquity-report from the Tahsildars the Circle Officer (Revenue) will chalk out a programme for holding enquiry by himself at each Tahsil Office. He will notify all the applicants to appear at their respective Tahsil Office on the dates fixed with necessary papers and witnesses in support of statements made in their application. The Circle Officer (Revenue) will also invite the respective Union Council Chairman and members to be present at the Tahsil Offices during his enquiry to assist him in ascertaining the eligibility of the applicants and veracity of their statement. This enquiry and preparation of settlement proposals shall be completed by the Circle Officer (Revenue) within six weeks.

(x) Immediately on completion of this phase of the work the Circle Officer (Revenue) shall intimate the total number of verified applications to the Subdivisional officer with a request to fix a date for hearing of the settlement proposals at the thana headquarters.

(xi) On receipt of intimaion from all the Circles the subdivisional Offcer will chalk out a programme for hearing and disposal of the settlement proposals at each thana head-quarters and inform the Circle Officers (Revenue) accordingly. This programme of Subdivisional Officer should be judiciously drawn up keeping in view the number of Circle Offices in his jurisdiction and the volume of applications to be dealt with at each thana headquarters. But the programme once drawn up should not extend beyond two months.

(xii) The Subdivisional Officer will personally examine each candidate's eligibility and veracity of his statement openly before all the other candidates present on the occasion and pass his final orders on the spot allowing settlement free of salami or rejecting the application as may be deemed necessary. According to standing Government orders the Subdivisional Officer is not competent to make initial settlement of char and accreted land. But under this scheme only, he will pass final orders in cases of settlement of char and accreted lands also without referring them to the Additional Deputy Commissioner (Revenue)/ Joint Deputy Commissioner for consideration.

(xiii) After the passing of the final orders of settlement by the Subdivisional Officer a period of two months should be allowed to pass to see if any appeal or objection petition is filed against the settlement orders. During this period no rent should be accepted from the successful applicant nor should he be put in the possession of the land. If no appeal or objection is filed within this period the proponent should then be asked to execute the lease deed. One year's rent should be accepted from the lessee and he should be put in possession of the land after making demarcation on the field where necessary. In cases where objections or appeals are filed, excution of lease deed should be done with the winning party after disposal of the appeal or objection.

(xiv) The time for filing an appeal or objection to the Additional Deputy Commissioner (Revenue)/Joint Deputy Commissioner against an order of the

Subdivisional Officer should be one month. No Court-fee stamps would be required for filing an appeal or objection.

(xv) An appeal or objection petition should be disposed of by the Additional Deputy Commissioner (Revenue)/Joint Deputy Commissioner within a period of two months form the date of its filing. These cases should be herad and disposed of by the Additional Deputy Commissioner (Revenue)/Joint Deputy Commissioner at the respective thana headquarters with due notice to the parties concerned.

(xvi) At the time of the execution of the lease deed, the person, in whose favour the settlement is going to be made will be required to produce two copies of his passport size photograph, one of which will be affixed to the original lease deed and the other to its duplicate.

4. The Board would not like to draw up a uniform programme with a specific timeschedule for all the districts. This part of the responsibility is left with the Deputy Commissioner who in consultation with the Additional Deputy Commissioner (Revenue)/Joint Deputy Commissioner would chalk out a suitable programme for his district with its various stages and the timeschedule prescribed above according to the volume of available khas land, local conditions and other factors. In any case, the advertisement for settlement must start immediately after the ensuing by-elections and the stage up to disposal of applications by Subdivisional Officer should as far as practicable, be completed within the current financial year. A copy of the programme drawn up by the Deputy Commissioner should be sent to the Divisional Commissioner and the Board and subsequently progress reports on each stage of the programme.

5. Pending implementation of the scheme of settlement of agricultural land, free of salami, with landless cultivators, normal settlement of agricultural land with families owning les than three acres land according to G.O. No. IC-19/63/441/R.L. dated 14th November, 1969 shall be kept in abeyance.

6. All char land in the province would come also within the purview of this scheme except the newly formed chars in the southern part of Noakhali district, presently covered by a separte colonisation scheme. These chars have been temporarily kept outside the scope of this scheme for following reasons :-

(a) Some char land on the sea side already allotted as clustered villages are now under examination by the local authorities in consultation with Co-operative Department. More blocks of khas land of requisite size available in the areas would be brought under the same scheme.

(b) Regarding settlement of scattred plots that may be available in that char after all land required for co-operative farming or clustered villages has been determined, Government would take a decision separately after thorough examination of the entire position.

7. Though the programme will start after the forthcoming by-elections, necessary preparations to this end should be initiated right now to make the drive a complete success. During the period of advertisement of khas land and local enquires by the Tahsildars and the Circle Officer (Revenue), the Additional Deputy Commissioner (Revenue)/Joint Deputy Commissioner and the Subdivisional Officers should be on constant mofussil tours to see if advertisement and publicity are being properly made and also to see that the applicants are not in anyway harassed by the Tahsildars and the staff of the Circle Officers (Revenue). Strict vigilance should be maintained against possible malpractices at various levels. It is needless to say that Government attaches great improtance to the successful implementation of the scheme of giving land, free of salami, to the actually needy and deserving cultivating families. It shall therefore be the responsibility of the district administration to take all possible measures to ensure that this scheme is fully and satisfactorily implemented.

Sd/-S.A. SLALAM
Secretary,
Board of Revenue.

## GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
## MINISTRY OF LAND ADMINISTRATION AND LAND REFORMS

**Section V**

Memo. No. 21(18)-V-213/73-L.S, Dated 10/01/75

TO : THE DEPUTY COMMISSIONER ..........................

**Sub: Eviction of Trespassers from Government Khas Lands.**

The undersigned is directesd to say that widespread trespasses that are being committed on Government khaslands both agicultural and non-agricultural all over the country have been viewed with grave concern by Government and it has been decided that all trespassers and unauthorized occupants should be evicted.

He is, therefore, requested to take immediate steps for eviction of trespassers and unauthorized occupants from all Government khas lands-agricultural or non-agricultural including abandoned lands and to ensure that no body can keep any khas land under unauthorized occupation.

**Sd/- M.A. THER**
Secretary,
Ministry of Land Admn. and Land Reforms.

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**
**MINISTRY OF LAND REFORMS**

**SECTION – V**

Memo No. 102(18)-V-213/74-L.S Dated 15/03/75

To : The Deputy Commissioner
Mymensingh

**Sub :- Eviction of Trespassers from Government Khas Lands.**

Ref :- Correspondence resting with this Ministry's telegram No. 81(18)-V, dated 18.2.75.

The undersigned is directed to say that eviction of trespassers and removal of unauthorised shops/structures from Govt. hats and bazars are reported to have put many small vendors and hawkers to great hardship. The general public also are reported to have been facing difficulties in purchasing their reuirements on these days on account of meagre supplies. The monsoon will come soon and these difficulties will increase manifold. It has, therefore, been decided by Government that for each Government hat/bazar a plan should be prepared clearly demarcating the periphery of the "Toha Bazar". In preparing the plan the necessity of roads, passages, drainage, sanitation and other public conveniences should be kept in view. Simultaneously a list of the evictees with their necessary particularts such as name, address, nature of business, size and location of the structure removed, length of running the business etc. for each hat/bazar should also be prepared. Thereafter, the evictees of the hat/bazar concerned should be given annual licence, if they want, for carrying on their small trades/business on a space of specified measurement on payment of usual licence fees in accordance with the rules. They may also be allowed to construct temporary kutcha structures in the spaces to be allotted to them subject to the condition that they will have to vacate the lands and remove the structures at their own cost at any time when so required by Government and they will have no claim whatsoever on the lands for long term settlement thereof. No licence should be allowed to erect any structure in disregard of the plan.

2. In case there are more evictees in any hat/bazar than there are spaces available out side "Toha Bazar" the evictees with longer duration of trades/business in the hat/bazar concerned should be given preference for issue of licence.

3. In no case any structure should be allowed to be erected by any licence holder/person within the periphery of the "Toha Bazar".

4. This order will not apply to the areas covered by the city of Dhaka and port towns of Chittagong,. Khulna and other district towns.

**Sd/- M.A. Taher**
Secretary
Ministry of Land Admn. and Land Reforms.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়

স্মারক নং ৩৮৫-১৬-৭৫/৭৫ এল আর, তারিখ ৪-৬-৭৫ খ্রীঃ।

প্রেরক ঃ জনাব মোঃ আবু তাহের
সচিব
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়
ঢাকা।

প্রাপক ঃ জেলা প্রশাসক, সিলেট।

বিষয় ঃ জমির শ্রেণী পরিবর্তন।

সূত্র ঃ তাঁহার ২৮-২-১৯৭৫ তারিখের এম,এ/১সি/২১/৭৫/২৪২ নং স্মারক।

আপনার উল্লেখিত স্মারকলিপিতে আপনি যে বক্তব্য পেশ করিয়াছেন সেই ধরণের সমস্যা সমাধানকল্পে ইতিপূর্বেও সরকার কর্তৃক বিস্তারিত নির্দেশ দেওয়া হইয়াছিল। ইহাও বলা হইয়াছিল যে, যদি এ ধরণের কোন জমির শ্রেণী পরিবর্তন করিবার মত পর্যাপ্ত কারণ ঘটে তাহা হইলে অতিরিক্ত জেলা প্রশাসকগণ (রাজস্ব) সরেজমিনে তদন্ত করিয়া কেবল মাত্র অপরিহার্য ক্ষেত্রে শ্রেণী পরিবর্তনের নির্দেশ দিতে পারেন। অথচ মনে হইতেছে যে, সিলেট জেলাস্থ রাজস্ব কর্তৃপক্ষ সেইসব নির্দেশ প্রতিপালনের প্রতি উপযুক্তভাবে যত্ন নেন নাই। নতুবা সাধারণত এমন ব্যাপক আকারে সরকারী গোচর বা গোপাট ভূমিসমূহ বিভিন্ন প্রকারে সরকারের হস্তচ্যুত হওয়া বা বিভিন্ন প্রকারে অনধিকারী বা অন্যবিধি ব্যবহারকারীর কবলে পড়ার কথা নহে। এইটা স্বভাবতই প্রতীয়মান হয় যে, ইহা হঠাৎ ঘটে নাই এবং বহুদিন যাবৎ এমন অবৈধ আচরণ বিনা বাধায় চলিতে দেওয়া হইয়াছে। অথচ স্মরণ রাখা উচিৎ ছিল যে এইসব গোচর/গোপাট ভূমি কৃষি কার্যের সংগে গভীরভাবে সংশ্লিষ্ট এবং সম্পৃক্ত। গরু-বাছুর কৃষিরই অপরিহার্য অঙ্গ এবং প্রোটিন ও স্নেহ জাতীয় খাদ্যের প্রধান অংশবিশেষের অন্যতম। কৃষিক্ষেত্রে গরু যে কতদূর প্রয়োজনীয় এবং গরুর স্বল্পতা এবং দুর্মূল্য কৃষি কার্যের পথে কতদুর অসুবিধার সৃষ্টি করিয়াছে সেই ব্যাপারে দ্বিমতের অবকাশ নাই। সুতরাং এইসব গোচর/গোপাট ভূমিসমূহকে সংরক্ষণ প্রকারান্তরে কৃষি কার্যকে সহায়তা করার শামিল।

অতএব, সরকার আশা করেন যে, উপরোক্ত বিষয়সমূহের প্রতি সযত্ন দৃষ্টি রাখিয়া জেলা প্রশাসন এবং তদনিম্নস্থ কর্তৃপক্ষসমূহ সকল সম্ভাব্য উপায়ে সরকারী রেকর্ডভূক্ত গোচর বা গোপাট ভূমিসমূহ পুনরুদ্ধারের চেষ্টা করিবেন এবং ইহার প্রতিটি ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পর্যায়ে সরেজমিনের অবস্থা সম্বন্ধে পূর্ণ ওয়াকেফহাল হইয়া সুচিন্তিত সিদ্ধান্ত নিবেন এবং উক্ত কাজের অগ্রগতি সম্বন্ধে অত্র মন্ত্রণালয়কে অবহিত রাখিবেন।

স্বাঃ আবু তাহের
সচিব,
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার
মন্ত্রণালয়, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ**
**শাখা নং ৫**

নং ২৭০-৫-২০৫/৮৩ এল, এস, তারিখ ৯-৬-৮৩ খ্রীঃ।

প্রাপক ঃ জেলা প্রশাসক, চট্টগ্রাম।

**বিষয় ঃ চট্টগ্রামে পাহাড় কাটা নিষিদ্ধ ঘোষণা।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে সরকার এই মর্মে সিদ্ধান্ত নিয়াছেন যে চট্টগ্রাম জেলায় যে কোনও স্থানে পাহাড় কাটা নিষিদ্ধ। উপরোক্ত আদেশ মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা যাইতেছে।

**স্বাঃ মোঃ মোস্তফা আনোয়ার মোহাম্মদ**
উপ-সচিব,
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ।

স্মারক নং ২৭০/১(৩)-৫-২০৫/৮৩-এল,এস, তারিখ ৯-৬-৮৩খ্রীঃ

অনুলিপি জাতার্থে প্রেরণ করা হইল ঃ-

১। চেয়ারম্যান, বি, এল, এ, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।

৩। শাখা প্রধান, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
তাহার স্মারক নং মপবৈ -১৬/৮৩/২৩৬-মপসা, তারিখ ১৭ ই মে, ১৯৮৩ খ্রীঃ।

**স্বাঃ মোস্তফা আনোয়ার মোহাম্মদ**
উপ-সচিব
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ।

## GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
## MINISTRY OF LAND ADMINISTRATION AND LAND REFORMS

**Sub : <u>Encroachment on Government land.</u>**

During my tours in several districts I have come across enroachers who have in some cases built residential houses to establish a permanent claim on the land.

2. It is common knowledge that encroachment on Govt. land happens with active or passive connivance of the officials of this Ministry charged with responsibility of protecting the interest of the state. It is a sad reflection that many officials have totally betrayed this trust reposed on them.

3. Encroachment on land belonging to the state (khas, vested, abandoned, acquired, requisitioned etc.) must be stopped once for all. If the Govt. cannot protect state property how can the Govt. protect the property and person of the citizens? This is, therefore, a matter wich cannot be taken lightly.

i) All D.Cs must immediately start enquiry and identify Govt. lands which have been encroached upon. They should simultaneously identify the encroachers and the officials at whose connivance the encroanchment has happend. They should start departmental proceedings against officials at whose connivance the encroachment has happend.

ii) All D.Cs should submit a report of action within 30 days, together with a statement of the property encroached upon and particulars of encroachers.

iii) All Officials concerned down to the lowest level must be warned against connivance at encroachment of Govt. land.

Henceforth, if any encroachment happens and the local officials have not taken action to prevent, it will be assumed that they connived at the encroachement.

**Sd/-M.A. Haque,**
Minister, 5.7.87
Ministry of L.A. & L.R.

Order passed by the Minister, L.A. & L.R. are self explanatory. Khas lands are due to be inspected from time to time and trespassers, if any, have got to be evicted as a measure of necessity.

The D.C/A.D.C (Rev) may please advise the Tahsildars to quickly inspect all Govt. khas land and make suitable entries in Register-VIII, if any property was not noted therein earlier. It will, however, be convenient, if a list of such property is separately prepared for khas land located at Zila and Upazila Headquarters and maintained in registers for their inspection and inspection of superior officers also.

Order of the Minister should be followed strictly and a compliance report should be submitted from each Zila and Upazila.

**Sd/-Md. Khaney Alam Khan**
Chairman
Board of Land Administration

Memo No.- V-393/04/407 (128) Date 7.7.48

Copy forwarded for information and necessary action to the Deputy Commissioner/Additional Depury Commissioner (Rev), Brahmanbaria. A Report of compliance please be submitted accordingly.

**Sd/-Md. Abdur Rahman Bhuiyan**
Section officer-V
Board of Land Administration

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ
শাখা নং -৮

স্মারক নং ৮-৪৬/১২১১(৬৪) তারিখ ঃ ৬/১০/৮৬ খ্রীঃ।

প্রাপক ঃ জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

বিষয় ঃ খাস কৃষি জমি বন্দোবস্তের জন্য দরখাস্ত গ্রহণ ।

এতদ্বারা নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া সরাকারী নির্দেশ জানাইয়া দিতেছে যে, সরকার খাস কৃষি জমি বন্দোবস্তের জন্য দরখাস্ত গ্রহণের কোন শেষ তারিখ ধার্য না করার সিদ্ধান্ত নিয়াছেন।

স্বা/- (আঃ বারী তরফদার)
উপ-সচিব (এম)।

স্মারক নং ১৬১৮(৮৮) এম, এ, টি তারিখ ১/১১/৮৬ খ্রীঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্য ব্যবস্থার জন্য প্রেরণ করা হইল।

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২। উপজেলা রাজস্ব অফিসার (সকল)।

৩। তহশিলদার ................ তহশিল।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার বিভাগ**
**শাখা নং -১ (প্রতিঃ)**

স্মারক নং -২এম-১২/৮৬/১৪৩৫ (৬৪)-প্রতি, তারিখ ২৩-১২-৮৬ ইং

প্রেরক ঃ এম মোকম্মেল হক,
সচিব
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

প্রাপক ঃ জনাব ..............................জেলা প্রশাসক ।

**বিষয় ঃ <u>খাসজমি, চিংড়ি চাষোপযোগী খাসজমি, জলমহাল, হাট/বাজার, অপির্ত সম্পত্তি ও পরিত্যক্ত সম্পত্তি প্রসংগে</u>।**

উপরোক্ত বিষয়সমুহের বরাত দিয়া জ্ঞাপন করা যাইতেছে যে, সরকারী খাস কৃষি ও অকৃষি জমি, চিংড়ি চাষোপযোগী খাসজমি এবং সরকারী জলমহালের ব্যবস্থাপনা/বন্দোবস্ত সম্পর্কে নিম্মবর্ণিত স্মারকগুলি অত্র মন্ত্রণালয় হইতে জারী করা হইয়াছে ঃ-

(ক) সরকারী খাস কৃষি জমি ও অকৃষি বন্দোবস্ত সম্পর্কীয় স্মারক নং ৮-৪৬/৮৪/২৪ (৬৪) তারিখ ৬/৯/৮৬ ইং

(খ) চিংড়ি চাষোপযোগী খাসজমি বন্দোবস্ত পদ্ধতি সম্পর্কীয় স্মারক নং ৮-৪০০/৮৫/১২৩২ (৯) তারিখ ৮/১২/৮৬ ইং

(গ) সরকারী জলমহাল ব্যবস্থা পদ্ধতি সম্পর্কে স্মারক নং ৮-৮০/৮৪/৪৫৮ (১৩৯) তারিখ ১৫-১০-৮৫ইং, স্মারক নং ৭-১৪৮/-৩১৫ (৯৩৭), তারিখ ১০-৩-৮৫ ইং

২। ইহা ছাড়া অর্পিত সম্পত্তি, পরিত্যক্ত সম্পত্তি ও হাট/বাজার সম্পত্তি সম্পর্কে বিভিন্ন সময়ে নীতিমালা ও স্মারক জারী করা হইয়াছে।

৩। উক্ত নীতিমালা ও স্মারকগুলিতে সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে পদক্ষেপ গ্রহণ করিবার জন্য জেলা প্রশাসককে প্রয়োজনীয় ক্ষমতা অর্পণ করা হইয়াছে। কিন্তু ইহা ছাড়াও দেখা যাইতেছে যে, বর্ণিত বিষয়গুলির উপর প্রতিকার চাহিয়া জনসাধারণ অত্র মন্ত্রণালয়ে সরাসরি দরখাস্ত পেশ করিতেছেন যাহার ফলে মন্ত্রণালয়ে অহেতুক কাজের চাপ বৃদ্ধি পাইতেছে। এরূপ অবস্থা কোন ক্রমেই বাঞ্ছনীয় নহে। জেলা প্রশাসকগণ রাজস্ব প্রশাসন সম্পর্কে অধিকতর মনোযোগী হইলে এইরূপ অবস্থার অবসান হইবে বলিয়া সরকারের বিশ্বাস।

৪। ভবিষ্যতে অনুরূপ দরখাস্ত অত্র মন্ত্রণালয়ের হস্তগত হইলে তাহা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট প্রেরণ করা হইবে। উক্ত দরখাস্তগুলির নিষ্পত্তি কার্য তাঁহারা দ্রুততার সহিত প্রচলিত আইন ও নির্দেশ অনুযায়ী সম্পাদন করিবেন।

৫। এখন হইতে সংশ্লিষ্ট বিষয়গুলি সম্পর্কে ত্রৈমাসিক/ষান্মাসিক প্রতিবেদন যেসব ক্ষেত্রে চাওয়া হইয়াছে তাহা অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে এবং উহা জেলা প্রশাসক হইতে সচিবের বরাবরে সরাসরি পাঠানোর ব্যবস্থা করিতে হইবে।

৬। উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে ভূমি ও রাজস্ব প্রশাসন সম্পর্কীয় যে সকল স্মারক, নীতিমালা, আইন ও ম্যানুয়াল জারী করা হইয়াছে তাহা কড়াকড়িভাবে অনুসরণ করিয়া সংশ্লিষ্ট বিষয়সমূহ দ্রুততার সহিত নিষ্পত্তি করিবারি জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হইল।

**স্বা/- এম, মোকাম্মেল হক**
২৪-১২-৮৬ ইং
সচিব।

স্মারক নং ২ এম-১২/৮৬/১৪৩৫/১(৬৪)/(৯৪৭) প্রতিঃ তারিখ ২৩-১২-৮৬ ইং।

প্রতিলিপি ঃ

১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, ঢাকা। জ্ঞাতার্থে

**স্বা/-জগন্নাথ দে**
২৩-১২-৮৬ ইং
উপ-সচিব (প্রশাসন),
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।

স্মারক নং ১-৫৮/৮৫/৭(১৪) (ভূমি)- প্রশাসন, তারিখঃ ৮/১/৮৭ ইং ২-৩-৯৩ বাং

**পৃষ্ঠাংকন অনুলিপি অবগতির জন্য প্রেরিত হইলঃ-**

(১) সহকারী সচিব, ১/২ ভূমি প্রশাসন বোর্ড।
(২) শাখা প্রধান, শাখা নং . . . . . . . ভূমি প্রশাসন বোর্ড।

**স্বা/- মোঃ আবদুর রহমান ভূঁইয়া**
শাখা প্রধান (প্রশাসন),
ভূমি প্রশাসন বোর্ড।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়
শাখা নং -২

নং ২-২/৮৭/৯০(১০৬০),

তারিখ ১৯শে মাঘ, ১৩৯৩/২-২-৮৭ইং।

"সার্কুলার"

বিষয় ঃ নদী সিকস্তি ও পয়োস্তি হইলে অথবা নতুন জাগিয়া উঠা চরের জরিপ ও বন্দোবস্ত পদ্ধতি।

সরকার গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করিতেছে যে, বিভিন্ন জেলায় নদী সিকস্তির জমি পয়োস্তি হইবার পর সার্ভেয়ার/আমিন কর্তৃক প্রস্তুতকৃত এবং কানুনগো কর্তৃক সার্টিফিকেটপ্রাপ্ত পুনঃ পুনঃ বদলকৃত চর্চা ম্যাপ দ্বারা খাসজমি বন্দোবস্ত দেওয়ার প্রেক্ষিতে আইন-শৃঙ্খলা সমস্যার উদ্ভব হইতেছে যাহার ফলশ্রুতিতে চরাঞ্চলে খুন-জখম, দাংগা-হাংগামা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। সুতরাং এই ধরণের ম্যাপ দ্বারা পয়োস্তি জমি ও নতুন জাগিয়া উঠা চরের জমি বন্দোবস্ত দেওয়া অবিলম্বে বন্ধ করিত হইবে। দিয়ারা সেটেলমেন্ট দ্বারা প্রস্তুতকৃত ম্যাপ প্রকাশিত না হওয়া পর্যন্ত কোন পয়োস্তি খাস জমি ও নতুন জাগিয়া উঠা চরের জমি বন্দোবস্ত দেওয়া যাইবে না।

যখনই কোন নতুন চর জাগিয়া উঠিবে তখনই সংশ্লিষ্ট জেলা প্রশাসক অবিলম্বে বেংগল সার্ভে এ্যাক্ট এবং সেটেলমেন্ট ম্যানুয়েল, ১৯৩৫-এর ২৯৯ এবং ৩০০ ধারা অনুযায়ী উহা জরিপের জন্য মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ পরিদপ্তরের নিকট প্রস্তাব পেশ করিবেন এবং সেই প্রেক্ষিতে মহা পরিচালক বাৎসরিক জরিপ কর্মসূচী গ্রহণ করিবেন। যত শীঘ্র এ জরিপ সম্পন্ন করা যায়, জমি বন্দোবস্ত ততই সুগম হইবে এবং এতকাল উদ্ভূত বিভিন্ন সমস্যার পরিমাণ লাঘব হইবে আশা করা যায়। ইহার ফলে নতুন জাগিয়া উঠা খাসজমি ভূমিহীন ও বিত্তহীনদের মধ্যে বন্টনের ফলে আর্থ-সামাজিক সমস্যারও আংশিক লাঘব হইবে বলিয়া বিশ্বাস।

এই নির্দেশ অমান্য করিলে দায়ী কর্মকর্তা/কর্মচারীবৃন্দের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

এই নির্দেশ অবিলম্বে বলবৎ হইবে।

স্বা/- কাজী সিরাজুল হোসেন
যুগ্ম সচিব।

জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণঃ

(১) সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
(২) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, কর ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
(৪) মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ পরিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(৫) বিভাগীয় কমিশনার, .............. বিভাগ।
(৬) জেলা প্রশাসক . . . . জেলা।
(৭) অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ). . . . . . জেলা।
(৮) উপজেলা নির্বাহী অফিসার, . . . . . . . উপজেলা . . . . . জেলা।
(৯) উপজেলা রাজস্ব অফিসার . . . . . . . উপজেলা . . . . . জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

স্মারক নং ৮-৫/৮৬/১১১ তারিখ ২৮শে ফেব্রুয়ারী, ১৯৮৭ খ্রীঃ
১৫ই ফাল্গুন, ১৩৯০ বাংলা।

প্রেরক ঃ এম, মোকাম্মেল হক,
সচিব।

প্রাপক ঃ জনাব ..................................................
জেলা প্রশাসক ..................................................

## নির্দেশ

বিষয় ঃ যে সব চরের খাসজমি স্থায়ী বন্দোবস্ত দেয়া হয়নি অথচ একসনা বন্দোবস্ত দেয়া হচ্ছে তার বন্দোবস্ত পদ্ধতি প্রসংগে।

প্রকৃত ভূমিহীন/প্রায় ভূমিহীন চাষীরা চরের খাসজমি একসনা বন্দোবস্ত পাচ্ছেন না বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। চরের খাসজমি একসনা বন্দোবস্তের বিষয়ে নিজস্ব স্বার্থসিদ্ধির জন্য ভূমিহীন চাষীদের সামনে রেখে মধ্যস্বত্বভোগী প্রভাবশালী সম্প্রদায় চাঁদার ব্যবহার করছেন।

ঐ অবস্থার প্রেক্ষিতে প্রকৃত ভূমিহীন/প্রায় ভূমিহীন চাষীগণ যাতে চরের খাসজমি একসনা বন্দোবস্ত পান তা' অবশ্যই নিশ্চিত করার পদক্ষেপ আপনাকে গ্রহণ করতে হবে।

এই মন্ত্রণালয়ের স্মারক সংখ্যা ৮-৮৬/৮৪/৭৭, তারিখ ৮ই ফেব্রুয়ারী, ১৯৮৭ খ্রীঃ পদ্ধতি সংক্রান্ত যে নির্দেশ জারী করা হয়েছে সেই নির্দেশে যে সব চরের খাসজমি এখনও একসনা বন্দোবস্ত দেয়া হচ্ছে সেই ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

কেউ যাতে চরের খাসজমি একসনা বন্দোবস্ত ও খাজনা প্রদান ব্যতিরেকে বে-আইনীভাবে চাষ করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

আরো জানা গেছে যে, চরের খাসজমির একসনা খাজনা বেশীরভাগ ক্ষেত্রে ফসল কাটার পূর্ব মুহূর্তে আদায় করা হচ্ছে। এই অবস্থা বিদ্যমান থাকা অনুচিত।

এই অবস্থা নিরসনকল্পে এখন থেকে নতুন অর্থ বৎসরের জন্য প্রতি বৎসর ৩১শে জুলাই তারিখের মধ্যে চরের খাসজমি একসনা বন্দোবস্ত দিতে হবে। ঐ তারিখের মধ্যে একসনা বন্দোবস্তের খাজনা আদায় করতে হবে।

এই নির্দেশ অবিলম্বে বলবৎ হবে।

স্বা/- (এম, মোকাম্মেল হক)
সচিব।

স্মারক নং ৮৫/৮৬/১১১/১( )

তারিখ ঃ ২৮শে ফেব্রুয়ারী, ১৯৮৫ খ্রীঃ
১৫ই ফাল্গুন ১৩৯৩ বাংলা

১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড,
কর ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার . . . . . . বিভাগ।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।

স্বা/- (এম, মোকাম্মেল হক)
সচিব।

ভূমি সংস্কার অভিয়ান
অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(ভূমি সংস্কার কোষ)

নং ভূ কোষ/১-১৪/৮৭/২৩৮, তারিখ ১৮ই নভেম্বর ১৯৮৭ খ্রীঃ।

পরিপত্র নং ৯

প্রেরক ঃ এম, মোকাম্মেল হক.
সচিব, ভূমি মন্ত্রণালয়

প্রাপক ঃ কালেক্টর/জেলা প্রশাসক
..............................................................জেলা (সকল)।

**বিষয় ঃ ভূমির সর্বোচ্চ সীমা নিয়ন্ত্রণ অধ্যাদেশ পি, ও, ৯৮/৭২ ও ভূমি সংস্কার অধ্যাদেশ'৮৪ এর বিধান অনুসারে ভূমিহীনদের মধ্যে বিতরণের উদ্দেশ্যে মাত্রাতিরিক্ত জমি উদ্ধার।**

বাংলাদেশের মত কৃষিপ্রধান দেশে জমির সুষম বন্টন সামাজিক সাম্য ও জাতীয় মঙ্গলের প্রকৃষ্ট পন্থা। তদুদ্দেশ্যে দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার চাপ ও ভূমিহীনদের সংখ্যা আশংকাজনক বৃদ্ধির প্রেক্ষিতে সরকার ১৯৫০ সালের জমিদারী উচ্ছেদ আইনের সংশ্লিষ্ট বিধি সংশোধনক্রমে ১৯৭২ সালে 'The Bangladesh Land Holding (Limitation) Order 1972 (P.O. 98)' জারী করেন। এই অধ্যাদেশ মোতাবেক কোন পরিবার বা সংস্থা বিশেষ বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে ওয়ারিশসূত্রে হোক কিংবা অন্য কোন সূত্রে হোক, ১০০ (একশত) বিঘার উর্ধে কোন জমি নিজ মালিকানায় রাখতে পারবে না। ১৯৮৪এর ভূমি সংস্কার অধ্যাদেশ অনুসারে নতুন করে কোনো মালিক তার ভূসম্পত্তির পরিমাণ ৬০ বিঘার উপর বৃদ্ধি করতে পারবে না। তদুর্ধ উদ্বৃত্ত জমি/অতিরিক্ত জমি সরকারের নিকট সমর্পিত গণ্য হবে এবং তা বিধিমাফিক ভূমিহীন/প্রায় ভূমিহীন যথোপযুক্ত কৃষক পরিবারের মধ্যে যথাশীঘ্র বন্টন করা হবে। এ অধ্যাদেশ সমগ্র বাংলাদেশ ব্যাপী তৎক্ষণাৎ বলবৎ হয়েছিলো।

২। কিন্তু উপরোক্ত অধ্যাদেশ (P.O.৯৮/৭২) প্রশাসনিক দৌর্বল্য, ইতস্ততা ও ঔদাসিন্যের জন্য আজ অন্যূন ১৫ বৎসর পরও সর্বতোভাবে, সঠিকভাবে ও পূর্ণাঙ্গরূপে কার্যকরও বাস্তবায়িত হয়নি বলে সরকার মনে করেন। ফলে গোটা দেশে তেমন উল্লেখযোগ্য পরিমাণ জমি উদ্বৃত্ত হিসেবে সরকারের দখলে আসেনি। নামে ও বেনামীতে বহু লোক ১০০ বিঘার অনেক বেশী জমির মালিক হিসাবে সমাজে বিচরণ করছেন। একথাও সর্বজনবিদিত যে ১৯৮৪ সালের অধ্যাদেশ জারীকরার পরও গ্রামাঞ্চলের প্রভাবশালী লোকজন এবং শহরবাসী সমাজের উচু পর্যায়ের জোতদারগণ ৬০ বিঘার উপরেও বিনা বাধায় ইচ্ছামত জমির ক্রয় ও ভোগদখল করছেন। প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের জমি নামে/বেনামীতে সীমিত সংখ্যক ব্যক্তি পরিবারের হাতে হস্তান্তর হচ্ছে।

৩। পি, ও, ৯৮/৭২ এর ৫ম ধারায় বর্ণিত ১০০ (একশত) বিঘার উর্ধ পরিমাণ ভূসম্পত্তির মালিকদের প্রতি ৭ (২) ধারামতে ১৯৭৩ সালের ৩১শে জানুয়ারীর মধ্যে নির্দিষ্ট ছকে স্ব স্ব সম্পত্তির হিসাব স্থানীয় রাজস্ব কর্মকর্তার কাছে দাখিল করার নির্দেশ রয়েছে। কিন্তু এ নির্দেশ কতটুকু কার্যকর হয়েছে তা পুঙ্খানুপুঙ্খরূপে পর্যবেক্ষণ করে দেখা হয়নি। বিলম্বে হলেও এখন জেলার রাজস্ব কর্মকর্তাগণকে ভূমি মালিকদের প্রদত্ত বিবৃতি সঠিক কি না তা কঠোরভাবে দেখার জন্য অনুরোধ জানানো হচেছ। বিবৃতি প্রদানকারী সঠিক খবর গোপন রাখছেন সন্দেহ হলে অধ্যাদেশের ৯ম ধারামতে ভুম্যাধিকারীর ভূমি সংক্রান্ত খবরাদি স্থানীয় লোকজন থেকে সংগ্রহ করে নেয়া যেতে পারে। যদি কোন পরিবার/সংস্থা উক্ত হিসাব দিতে ব্যর্থ হয় কিংবা ভুল তথ্য সরবরাাহ করে, তবে পরিবার কর্তাকে/সংস্থা কর্তাকে ৮ম ধারামতে জেল-জরিমানা দেয়ার বিধান রয়েছে। প্রত্যেক রাজস্ব কর্মকর্তার এ বিধান কঠোরভাবে প্রয়োগ করা প্রয়োজন। এ ব্যাপারে ৩১শে ডিসেম্বর ৮৭ তারিখের মধ্যে মাত্রাতিরিক্ত জমির তালিকা প্রণয়ন করতে হবে। প্রয়োজনবোধে এ ব্যাপারে করণীয় কাজ যেন সুষ্ঠুভাবে চলতে থাকে সে ব্যাপারে কালেক্টর ব্যাক্তিগতভাবে সজাগ থেকে নিয়মিত তদারক করবেন।

৪। উপরোক্ত অধ্যাদেশ বলে কোন জেলায় কত পরিমাণ জমি সরকারের হস্তগত হয়েছে এবং কি পরিমাণ ভূমিহীন/প্রায় ভূমিহীনদের মাঝে তা বন্টিত হয়েছে এর পূর্ণ বিবরণ সংগ্রহের জন্য সর্বস্তরের রাজস্ব কর্মকর্তাগণের আরও অধিক তৎপর হওয়া আবশ্যক। কোন কোন ক্ষেত্রে রাজস্ব বিভাগের কর্মকর্তাা/কর্মচারীদের যোগসাজসে সরকারের এ মহৎ প্রচেষ্টা ব্যর্থ হয়েছে এমন ধারণা করাও খুব অন্যায় হবে না। ভবিষ্যতে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে অতীতের দুর্নাম মুছে ফেলা যেতে পারে।

৫। ক্ষেত্র বিশেষে, উপরোক্ত অধ্যাদেশ বলে মূল মালিককে সরকার কর্তৃক দখলকৃত জমির ক্ষতিপুরণ সম্পূর্ণ পরিশোধ করা হয় না। একারণেও এসব জমি ভূমিহীনদের মধ্যে বন্টন হয়নি কিংবা এগুলির বন্টন প্রক্রিয়া বিলম্বিত হচেছ। যদিও ক্ষতিপূরণ পরিশোধ করার পূর্বে দখলকৃত জমি বন্টন করতে আইনতঃ কোন বাধা নাই তবুও ক্ষতিপূরণ পরিশোধ বিষয়টির ত্বরিৎ নিস্পত্তি আইনানুগ /অবশ্য পালনীয় কর্তব্য। ক্ষতিপুরণ না দেয়ার কারণে কোন কোন ক্ষেত্রে উদ্বৃত্ত জমি সরকারী দখলে নেয়া সম্ভব হয়নি।

৬। সরকার মনে করেন যে, জমির মালিকানার সর্বোচ্চ সীমা সম্পর্কিত উপরোক্ত বিধি-বিধানসমূহ পুরোপুরি মানা হলে বিপুল পরিমাণ উদ্বৃত্ত জমি উদ্ধার করা সম্ভবপর হবে এবং এ জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। কোন কর্মকর্তা /কর্মচারী এ নির্দেশ পালনে উদাসীনতা/ অবহেলা প্রদর্শন করলে তা কঠোরতার সাথে বিবেচিত হবে।

৭। এমতাবস্থায় সকল জেলা প্রশাসকদের অনুরোধ করা যাচেছ যে, রাষ্ট্রপতির অধ্যাদেশ ৯৮/৭২ এবং ভূমি সংস্কার অধ্যদেশ ১৯৮৪ এর বিধান বলে সিলিং বহির্ভূত জমি অবিলম্বে গ্রহণ করে তা সরকারী খাসে আনতে হবে। অতঃপর ভূমি সংস্কার অভিযানের অংশ হিসাবে খাস কৃষি জমি বন্টনের নূতন নীতিমালার আলোকে ভূমিহীনদের মধ্যে এই ব্যাপারে প্রত্যেক জেলার কাজের অগ্রগতি আগামী ১লা ডিসেম্বর ১৯৮৭ খ্রীঃ থেকে প্রতি দু'সপ্তাহের ব্যবধানে পাক্ষিক প্রতিবেদনের মাধ্যমে মন্ত্রণালয়ের ভূমি সংস্কার কোষকে অবহিত করতে হবে।

**স্বা/- (এম, মোকম্মেল হক)**
সচিব।

ংযুক্ত একটি ছক

নং ভূ ঃ কোষ /১-১৪/৮৭/২৩৮(১০৫২), তারিখ ১৮ই নভেম্বর, ১৯৮৭ খ্রীঃ

কার্যার্থে অনুলিপি ঃ

১। কমিশনার ............................................................................ বিভাগ (সকল)
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ...............................জেলা (সকল)। তাহার জেলাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার /রাজস্ব অফিসারের অনুলিপি (................কপি) বিতরণের জন্য প্রেরণ করা হচ্ছে।
৩। উপজেলা নির্বাহী অফিসার / রাজস্ব অফিসার ......................................উপজেলা (সকল)

স্বা/- (মোঃ সিকন্দার আলী মন্ডল )
সিনিয়র সহকারী সচিব।

নং ভূ ঃ কোষ /১-১৪/৮৭/২৩৮(২৮), তারিখ ১৮ই নভেম্বর, ১৯৮৭ খ্রীঃ

<u>জ্ঞাতার্থে অনুলিপি ঃ</u>

১। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী মহোদয় সমীপে অবগতির জন্য উপস্থাপনের অনুরোধসহ।
২। উপমন্ত্রীর সচিব, ভূমি মন্ত্রণালয়, একই অনুরোধসহ।
৩। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়
৪। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, ঢাকা।
৫। মহা-পরিচালক ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা ।
৬। যগ্ম-সচিব ......./ভূমি সংস্কার কমিশনার, ভূমি মন্ত্রণালয়।
৭। উপ-সচিব .............../উপ-ভূমি সংস্কার কমিশনার, ভূমি মন্ত্রণালয়।
৮। অর্থনীতিবিদ, ভূমি মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ..............শাখা, ভূমি মন্ত্রণালয়।
১০। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়।

স্বা/- (মোঃ সিকান্দার আলী মন্ডল )
সিনিয়র সহকারী সচিব ।

বিশেষ ছক
পরিপত্র নং-৯ দ্রষ্টব্য

সর্বোচ্চ সিলিং বহির্ভূত জমি উদ্ধারের (পিও-৯৮/৭২ অনুসারে ১০০ মান বিঘা ও ভূমি সংস্কার অধ্যাদেশ ১৯৮৪ অনুসারে ৬০ মান বিঘা)
মাসিক অগ্রগতি বিবরণী

জেলার নাম .............................. মাসের নাম ..................................

পি, ও, ৯৮/৭২ অনুযায়ী

| উপজেলার নাম | সিলিং বহির্ভূত জমির কেসের সংখ্যা | উদ্ধারযোগ্য জমির পরিমাণ | এযাবত নিষ্পত্তি-কৃত কেসের সংখ্যা | এযাবত উদ্ধার-কৃত মোট জমির পরিমাণ | বিবেচ্য মাসে কতটি কেস শুরু করা হইয়াছে | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | বিবেচ্য মাসে উদ্ধারকৃত জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

ভূমি সংস্কার অধ্যাদেশ '৮৪ অনুযায়ী

| সিলিং বহির্ভূত কেসের সংখ্যা | চিহ্নিত জমির পরিমাণ | উদ্ধারকৃত জমির পরিমাণ | বিবেচ্য মাসে প্রাপ্ত সিলিং বহির্ভূত জমির কেসের সংখ্যা | বিবেচ্য মাসে তদন্ত কেসের নিষ্পত্তির সংখ্যা | বিশেষ মন্তব্য/সমস্যা (বিবরণের জন্য অতি-রিক্ত কাগজ সংযো-জন করা যেতে পারে) |
|---|---|---|---|---|---|
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
এর স্বাক্ষর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**রাষ্ট্রপতির সচিবালয়**
**মন্ত্রীপরিষদ বিভাগ**

স্মারক নং সিডি / ডিএ - ১/১২(৬৫) /৮৩ (অংশ -৩ ) /২৪১ তারিখ ৩০ শে অগ্রহায়ণ ৯৪
১৭ই ডিসেম্বর ৮৭

**পরিপত্র**

**বিষয় ঃ সরকারের ভূমি সংস্কার অভিযানের আওতায় সকল খাসজমির জবরদখল প্রতিরোধ জোতদারের অবৈধ দখল হইতে খাসজমি উদ্ধার এবং চর ও অন্যান্য অঞ্চলে ভূমিহীনদেরকে আইনগত নিরাপত্তা ও সহায়তা প্রদান ।**

ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বিতরণ সরকারের ভূমি সংস্কার অভিযানের একটি গুরুত্বপূর্ণ কর্মসুচি। ভূমি সংস্কারের ইতিহাসে ইহা নিঃসন্দেহে সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। এই কার্যক্রমের আওতায় সরকার এই পর্যন্ত প্রায় ৩২০০ একর খাসজমি ভূমিহীদেরকে স্থায়ী বন্দোবস্ত প্রদান করিয়াছে। এখনও দেশের বিভিন্ন এলাকায় বিশেষতঃ চরাঞ্চলে বিপুল পরিমাণ খাসজমি কোন কোন জোতদার ও প্রভাবশালী মহলের দখল বা নিয়ন্ত্রণে আছে বলিয়া সরকারের বিশ্বাস। বেদখলী খাসজমির পাশাপাশি আরও একটি সমস্যা প্রশাসনের জন্য বেশ অসুবিধাজনক অবস্থার সৃষ্টি করিয়াছে। স্থায়ী বন্দোবস্ত দেওয়া হইয়াছে এমন সব খাসজমিতেও অনেক ক্ষেত্রে ভূমিহীন ক্ষুদ্র চাষীরা দখলে যাইতে পারেন না বা সাময়িক দখলে গেলেও প্রভাবশালী জোতদার মহল নানা জালিয়তি ও জবরদস্তিমূলক তৎপরতার মাধ্যমে তাহাদিগকে বেদখল করিতেছে । সরকারের ভূমিহীন নীতিমালা অনুযায়ী খাসজমি প্রকৃত ভূমিহীন কৃষকদের প্রাপ্য অথচ চরাঞ্চলের হাজার হাজার একর খাসজমি কোন কোন জোতদার অবৈধভাবে জবর দখল করিয়া ভূমিহীনদেরকে বঞ্চিত করিতেছে । জোতদারদের অবৈধ দখল হইতে সকল খাসজমি উদ্ধার করিয়া প্রকৃত ভূমিহীনদের মধ্যে বন্টন এবং তাহাদের নিরবিচ্ছিন্ন দখল নিশিচত করিতে না পারিলে সরকারের ভূমি সংস্কার অভিযানের অগ্রযাত্রা ব্যাহত হতে বাধ্য ।

২। দেশের বিভিন্ন সাময়িকী ও পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ ও প্রতিবেদন হইতে প্রতীয়মান হয় যে, ভূমিলিপ্সু স্বার্থান্বষী ব্যক্তিরা ভূমি সংস্কার অভিযানের অগ্রগতিতে আতংকিত হইয়া এই অভিযানের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রমকে নস্যাৎ করার জন্য সুপরিকল্পিত তৎপরতা শুরু করিয়াছে । এতদুদ্দেশ্যে মিথ্যা মামলা দায়ের এবং বিভিন্ন অজুহাতে ভূমি সংস্কার কার্যক্রমের সাথে জড়িত কর্মকর্তা ও কর্মচারীদের হয়রানী, ভূমিহীনদের মধ্যে খাসজমি বন্দোবস্তের দরখাস্ত ফরম বন্টন ও জমি প্রদানে প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়া ভূমি সংস্কার অভিযানকে ব্যাহত করার প্রয়াস পাইতেছে বলিয়াও জানা যায়।

৩। চরাঞ্চলে জোতদার বিশেষের লাঠিয়াল বাহিনীর দৌরাত্ম ও অত্যাচার প্রতি বৎসর ধানকাটার মৌসুমের একটি নিয়মিত ঘটনা। গরীব চাষীদের উৎপাদিত ধান ঘরে তোলার পূর্বমুহুর্তে জোতদারদের ভাড়াটিয়া লাঠিয়াল বাহিনী জোরপূর্বক এই ফসল ছিনাইয়া লইয়া বিত্তবানদের হাতে তুলিয়া দেয়। উপকূলীয় ও নদী ভাংগনে ক্ষতিগ্রস্ত বেশ কয়েকটি জেলার চরাঞ্চালে ধান কাটাকে কেন্দ্র করিয়া প্রায় প্রতি বৎসর রক্তক্ষয়ী দাংগা সংগঠিত হইয়া থাকে। যদিও প্রতি বৎসরই এই ধরণের রক্তক্ষয়ী ঘটনার পুনারাবৃত্তি ঘটে। চরাঞ্চলে গরীব চাষীদের জীবন মরণের প্রশ্ন এই সমস্যার সংগে জড়িত। তাই এই সমস্যাটি বিশেষ গুরুত্বের সাথে পর্যালোচনা করিয়া যাহাতে প্রতি বৎসর ইহার পুনারাবৃত্তি না ঘটে সে জন্য স্থায়ী সমাধানের ব্যবস্থা করা প্রয়োজন।

৪। উল্লেখিত সমস্যাদির ব্যাপারে সরকার অত্যন্ত কঠোর মনোভাব গ্রহণ করিয়াছেন। সরকারী খাসজমি জবর দখলকারী ও চরাঞ্চলে ত্রাস সৃষ্টিকারী প্রভাবশালী মহলকে আগে হইতে চিহ্নিত করিয়া দেশের প্রচলিত ও বিশেষ আইনের আওতায় তাদেরকে প্রতিহত করা সম্ভব। সংশ্লিষ্ট জেলা, উপজেলা ও পুলিশ প্রশাসনকে সর্বোচ্চ অগ্রাধিকারভিত্তিতে এ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে।

৪.১. বর্তমান বৎসরে ধানকাটা মৌসুমের পূর্বে অত্যন্ত জরুরীভিত্তিতে পূর্বসতর্কতামূলক ব্যবস্থা লইতে হইবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে সকল মন্ত্রণালয়কে অবহিত করিতে হইবে। চরাঞ্চলে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য ধানকাটা মৌসুম শুরু হওয়ার আগে হইতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ক্যাম্প স্থাপন করিতে হইবে এবং ম্যাজিস্ট্রেট মোতায়েন করিতে হইবে।

৪.২ খাসজমি ও চর জবরদখলকারী জোতদার ও তাহাদের লাঠিয়ালবর্গকে নিরপেক্ষভাবে চিহ্নিত করিয়া তালিকা প্রণয়ন করিতে হইবে। জেলা প্রশাসনকে পুলিশ সুপারের সহায়তায় এই তালিকা প্রণয়ন করিতে হইবে।

৪.৩ জোতদার ও তাহাদের চিহ্নিত লাঠিয়ালবর্গের প্রতি কড়া নজর রাখিতে হইবে। চরাঞ্চলে ভূমিহীনদের উপর নির্যাতন এবং আইন-শৃঙ্খলা ভংগের ক্ষেত্রে যাহাদের অতীত রেকর্ড খারাপ তাহাদেরকে ধানকাটা মৌসুম শুরু হওয়ার আগেই বিশেষ ক্ষমতা আইনে আটক রাখার ব্যবস্থা করিতে হইবে। সময়মত এইরূপ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের ফলে চরাঞ্চলে ধানকাটা মৌসুমে শান্তি-শৃঙ্খলা রক্ষার কাজ সহজতর হইবে।

৪.৪ ক্ষেত্র বিশেষে ভূমিলিপ্সু জোতদার ও প্রভাবশালী মহলের প্রতিপত্তি এত বেশী যে স্থানীয় প্রশাসনের পক্ষে তাহাদের ব্যবস্থা গ্রহণ কখনও কখনও দুরূহ হইয়া পড়ে। সে ক্ষেত্রে সরকার /মন্ত্রণালয়ের সহিত ত্বরিত যোগাযোগ করিয়া সরকারী সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা অবশ্যই গ্রহণ করিতে হইবে।

৪.৫ ভূমিহীনদের হয়রানি, চর জবরদখল এবং জবরদস্তিমূলক ধানকাটার ব্যাপারে সংশ্লিষ্ট দলনেতা ও তথাকথিত লাঠিয়াল প্রধানদের জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাধ্যমে সতর্ক করিয়া দিতে হইবে। বিষয়টি জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় জানুয়ারী মাস পর্যন্ত নিয়মিতভাবে পর্যালোচনা করিতে হইবে যাহাতে সময়মত এই সমস্যাটি সম্পর্কে দ্রুতগতিতে ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় এবং বিষয়টি কখনও প্রশাসন ও দৃষ্টির বাহিরে চলিয়া না যায়।

৪.৭ চরাঞ্চলে জোতদারগণ ভূমিহীদের ছদ্মাবরণে কৃষি সমবায় সমিতি গঠন করিয়া খাসজমি দখলের অপচেষ্টায় লিপ্ত এই ধরণের সমিতিগুলো যাহাতে সরকারের খাসজমি দখল করিয়া প্রকৃত ভুমিহীন কৃষকদের খাসজমি বরাদ্দ প্রাপ্তিতে জটিলতা ও বিঘ্ন সৃষ্টি করিতে না পারে সেই বিষয়ে জেলা প্রশাসনকে বিশেষ সতর্ক দৃষ্টি রাখিতে হইবে।

৪.৮ এই বৎসর নজীরবিহীন বন্যার ফলে ফসলের ব্যাপক ক্ষতি হইয়াছে। সে জন্য সরকার বর্তমান শীত মৌসুমে খাদ্য উৎপাদনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করিয়াছেন । এই কারণেও চর এলাকার খাসজমির ফসল যাহাতে কৃষকদের ঘরে ঠিকমত পৌছে তাহা নিশ্চিত করা প্রয়োজন। কোন ক্ষেত্রে কোন আইন প্রযোজ্য তাহা স্থানীয় প্রশাসনই স্থির করিতে পারেন । তবে চর এলাকার উদ্ধারকৃত খাসজমিতে ভূমিহীন কৃষকরা যাহাতে নির্বিঘ্নে দখলে থাকিতে পারে সেই উদ্দেশ্যে তাহাদের নিরাপত্তার জন্য ফৌজদারী কার্যবিধির ৫৪,১০৭ও১৫৪ ধারার কথা বিশেষভাবে উল্লেখ করা যাইতে পারে। সংঘবদ্ধ জোতদারদের অবৈধ দখল হইতে খাসজমি উদ্ধার করিয়া সাথে সাথেই সেখানে সরকারী নীতিমালা অনুযায়ী ভূমিহীন কৃষকদের বসাইতে হইবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে তাহাদের নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে।

৫। স্বরাষ্ট্র ও ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনান্তে তাহাদের সম্মতিক্রমে উপরোক্ত নির্দেশেবলী জারী করা হইল । বিষয়টির গুরুত্ব বিবেচনার সর্বোচ্চ অগ্রাধিকারভিত্তিতে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। ডিসেম্বর, ১৯৮৭ এর ১ম পক্ষ হইতে আগামী জানুয়ারী ১৯৮৮ এর শেষ পক্ষ পর্যন্ত খাসজমি, খাস চর জবরদখলকারী ও বেআইনীভাবে ধানকাটাসহ লাঠিয়াল বাহিনীর তৎপরতার এবং তাহাদের সম্পর্কে গৃহীত ব্যবস্থাদি উল্লেখপুর্বক নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করিতে হইবে এবং ইহার অনুলিপি ভূমি মন্ত্রণালয়, স্বরাষ্ট্রমন্ত্রণালয় ও পুলিশ মহাপরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

৬। খাসজমি জবরদখল সংক্রান্ত যে কোন সমস্যা সম্পর্কে ভূমি সংস্কার কোষের মাধ্যমে ভূমি মন্ত্রণালযকে জরুরিভিত্তিতে অবহিত রাখিতে হইবে। উপরোক্ত নির্দেশাবলী পতিপালনে প্রশাসনের কোন কর্মকর্তা/কর্মচারীর কোনরূপ শৈথিল্য বা অবহেলা পরিলক্ষিত হইলে তাহা কঠোরভাবে বিবেচিত হইবে।

স্বা/- (মোঃ মুজিবুল হক)
মন্ত্রীপরিষদ সচিব।

নং সিড়ি /ডিএ ১/১২(৬৫)/৮৩(অংশ -৩/২৪১,

তারিখ ঃ ৩০শে অগ্রহায়ন ৯৪ বাংলা
১৭ই ডিসেম্বর ১৯৮৭ খ্রীঃ।

বিতরণ ঃ

কার্যার্থে ঃ ১। জেলা প্রশাসক (সকল)
২। পুলিশ সুপার (সকল)

জ্ঞাতার্থে ১। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়।
৩। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৫। বিভাগীয় কমিশনার (সকল)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**(ভূমি সংস্কার কোষ)**

স্মারাক নং ভূঃ কোষ ২-১৯/৮৭/২৭৭(৬১, তারিখ ২৪ই ডিসেম্বর ১৯৮৭ খ্রীঃ।

**পরিপত্র নং ১০**

প্রেরক ঃ ডঃ কামাল উদ্দিন সিদ্দিকী
ভূমি সংস্কার কমিশানার।

প্রাপক ঃ জেলা প্রশাসক/কালেক্টর ........................জেলা (সকল)।
(পার্বত্য জেলাসমুহ বাদে)

**বিষয় ঃ ভূমি সংস্কার অভিযান- জরিপের জন্য মৌজা-ম্যাপ সংগ্রহ।**

খাস কৃষি জমি বন্টনের নীতিমালা অনুযায়ী খাসজমি চিহ্নিতকরণের জন্য জরিপের ক্ষেত্রে মৌজা-ম্যাপ একটি অত্যাবশ্যকীয় উপকরণ। কিন্তু অনেক জেলা-উপজেলা থেকেই মৌজা-ম্যাপের অভাব সম্পর্কে অভিযোগ আসছে। কালেক্টর হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিটি মৌজার ম্যাপ থাকা উচিৎ। না থাকলে জেলা প্রশাসকগণ অবিলম্বে তার ব্যবস্থা স্থানীয়ভাবে করবেন।

২। ভূমি মন্ত্রণালয়য়ের অধীনস্থ সেটেলমেন্ট প্রেসের যন্ত্রপাতি এবং মুদ্রণ পদ্ধতি খুবই প্রাচীন বিধায় বর্তমান চাহিদার সাথে তা তাল মিলিয়ে উঠতে পারছেনা। সরকার এ প্রেসটি আধুনিকীকরণের জন্য প্রয়েজনীয় ব্যবস্থা নিচেছ না। তথাপিও খুব শীঘ্র উক্ত প্রেস থেকে প্রয়োজনীয় ম্যাপ চাহিদামত সরবরাহ করা সম্ভব হবে বলে মনে হয় না ।

৩। ভূমি সংস্কারের অব্যাহত কাজের সুবিধার্থে মৌজাম্যাপ সংগ্রহ সম্পর্কে সরকার নিম্নলিখিত সিদ্ধান্ত নিয়েছেনঃ

(ক) সংশ্লিষ্ট এলাকার সর্বশেষ জরিপের ভিত্তিতে যে ম্যাপ প্রণীত হয়েছে সেই ম্যাপের মুদ্রিত মূল কপি স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে । গ্রাম এলাকার স্থানীয় সংশ্লিষ্ট ব্যক্তিদের নিকট এসব ম্যাপ রয়েছে তা সর্বজনবিদিত। যদি জেলা প্রশাসকের সংগ্রহে উক্ত ম্যাপ না থাকে তরে সংশ্লিষ্ট মোজার একাধিক কপি স্থানীয়ভাবে সংগ্রহ করে তা পরস্পরের সাথে মিলিয়ে প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি স্থানীয়ভাবে করে নিতে হবে।

(খ) সংশ্লিষ্ট মৌজা-ম্যাপের অন্ততঃপক্ষে চারটি কপি করা দরকার এবং তা সংশ্লিষ্ট তহশিল, উপজেলা রাজস্ব অফিস, নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রয়োজনমত ম্যাপের যথার্থ সম্পর্ক একটির সাথে অপরটি পরীক্ষা করে দেখার সুবিধা থাকবে।

(গ) সংগৃহীত উক্ত ম্যাপের চার কিংবা ততোধিক সংখ্যক ফটোকপি করে তার উপরে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর প্রত্যয়ন স্বাক্ষর নিতে হবে।

৪। এভাবে সংগৃহীত প্রত্যায়িত ম্যাপ খাসজমি উদ্ধারের কাজে জরিপের জন্য সরকারী দলিল হিসাবে ব্যবহৃত হতে পারে। উপজেলা রাজস্ব অফিসার উদ্যোগ নিলে এসব ম্যাপে অনতিবিলম্বে সংগ্রহ করা সম্ভব এবং তা সুনিশ্চত করতে হবে।

৫। বৃহত্তর জেলা সদর দপ্তরের রেকর্ড রুমেও প্রতিটি মৌজা-ম্যাপের একটি কপি অবশ্যই থাকার কথা। নতুন জেলার কালেক্টরগণ এ সম্পর্কে বৃহত্তর জেলা সদর দপ্তরে কপি করার ব্যবস্থা জরুরী ভিত্তিতে গ্রহণ করাবেন। আগামী ৩১-১২-৮৭ খ্রীঃ তারিখের মধ্যে সকল উপজেলা রাজস্ব অফিসারগণ নিজ নিজ এলাকার যে সকল মৌজা-ম্যাপ নাই সেসব সম্পর্কে উপরোক্ত নির্দেশ মতে সকল ব্যবস্থা/ম্যাপ প্রাপ্তি স্থানীয়ভাব নিশ্চিত করবেন ।

৬। উপরোক্ত ব্যবস্থায় যদি কোন মৌজা-ম্যাপের যথার্থতা সম্পর্কে সন্দেহ দেখা যায় তাহলে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর থেকে কোন এলাকায় সর্বশেষ জরিপ কবে হয়েছে, সর্বশেষ ম্যাপ মুদ্রণ কবে হয়েছে এবং ম্যাপে স্বাক্ষর দানের তারিখ কি, ইত্যাদি জেলা প্রশাসকগণকে জেনে নিতে অনুরোধ করা হলো ।

স্বা/-ডঃ কামাল উদ্দিন সিদ্দিকী
ভূমি সংস্কার কমিশনার ।

নং ভূঃ কোঃ - ১৯/৮৭/৭৭/১(৭৩) তারিখ ঃ ২৪শে ডিসেম্বর ' ৮৭ খ্রীঃ

অবগতির জন্য অনুলিপি দেয়া হল ঃ

১। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা ।

২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা ।

৩। বিভাগীয় কমিশনার .................................... বিভাগ (সকল ) ।

৪। জেলা প্রশাসক, খাগড়াছড়ি/বান্দরবন/রাঙ্গামাটি জেলা ।

৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ................. জেলা (সকল)

স্বা/-মোঃ সিকান্দার আলী মন্ডল
সিনিয়র সহকারী সচিব ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং ৮

নং ভূঃমঃ/ শাখাজব / ১০৭/৮৮/৬৩০, তারিখ ৫-৮-৯৬ বাং /১৯-১১-৮৯ খ্রীঃ

পরিপত্র

চা বাগানের জমি ও চা বাগান এলাকা দীর্ঘ মেয়াদী ইজারার মাধ্যমে ব্যক্তি- মালিকানাধীন সম্পত্তি হিসাবে পরিগণিত এবং ইহার অভ্যন্তরীণ রাস্তাসমুহও ব্যক্তিমালিকানাধীন। চা বাগানের মধ্য দিয়ে জনসাধারণের ব্যবহার্য রাস্তা থাকলেও সেগুলির মালিকানা চা বাগানের এবং তা রক্ষাণাবেক্ষণের দায়িত্ব সংশ্লিষ্ট চা বাগানই পালন করেছেন এবং ভবিষ্যতেও করবেন। এই অবস্থায় চা বাগান ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান চা বাগানের ভিতর দিয়ে জনসাধারণের ব্যবহার্য কোন রাস্তা নির্মাণ/মোরামত করলে তাতে চা বাগানের নিরাপত্তা বিশেষভাবে বিঘ্নিত হবে এবং সন্নিহিত এলাকায় অবস্থিত সরকার সংরক্ষিত বনভুমিও ক্ষতিগ্রস্ত হবার আশংকা রয়েছে।

২। সম্প্রতি সরকারের নজরে এসেছে যে স্থানীয় ইউনিয়ন পরিষদ কর্তৃক বিভিন্ন কর্মসূচীর অধীনে দেশের কোন কোন চা বাগানের মধ্য দিয়ে জনসাধারণের ব্যবহারের জন্য রাস্তা নির্মাণ/মেরামতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপরোক্ত উদ্যোগ অনভিপ্রেত, আইনবর্হিভুত এবং চা বাগানের সুষ্ঠু বিকাশের ও উন্নয়নের পরিপন্থী ।

৩। উপরোক্ত অবস্থায় যেহেতু চা বাগানসমূহের উন্নয়ন এবং চা রপ্তানী দেশের বৈদেশিক মুদ্রা অর্জনে অবদান রেখে থাকে এ জন্য সরকার চা বাগান এবং সন্নিহিত এলাকায় অবস্থিত সংরক্ষিত বনভূমির নিরাপত্তা যাতে বিঘ্নিত না হয় সে জন্য এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করে নির্দেশ জারী করছেন যে, চা বাগানের ভিতর দিয়ে জনসাধারণের ব্যবহারের জন্য রাস্তা নির্মাণ/মেরামতের উদ্যোগ গ্রহণ হতে বিরত থাকবেন ।

স্বা/-মোঃ নিয়ামত আলী
যুগ্ম-সচিব (প্রঃ)।

নং ভূঃমঃ/শা ৮ খাজব/ ১০৭/ ৮৮/৬৩০ (২০), তারিখ ৫-৮-৯৬ বাং/১৯-১১-৮৯ খ্রীঃ

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, নাসিরাবাদ শিল্প এলাকা, চট্টগ্রাম ।
২। কমিশনার, চট্টগ্রাম ।
৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার/হবিগঞ্জ/সিলেট/চট্টগ্রাম/রাংগামাটি/খাগড়াছড়ি ও ব্রাহ্মণবাড়ীয়া ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................................................

স্বা/- (মোঃ নিয়ামত আলী )
যুগ্ম সচিব (প্রঃ)।

ভূমি সংস্কার অভিযান
অগ্রাধিকার।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**ভূমি সংস্কার কোষ**
**শাখা ১৪**

স্মারক নং ভূঃমঃ/ভূঃমঃ কোঃ/২৩/৮৭/৪৯ তারিখ ঃ ২৫ শে ফাল্গুন, ১৩৯৪ বাং।
৯ই মার্চ, ১৯৮৮ খ্রীঃ।

**পরিপত্র-১১**

**বিষয় ঃ ভূমিহীন কৃষক পরিবারের মধ্যে বিতরণকৃত খাসজমির খতিয়ান প্রণয়ন প্রসংগে।**

ভূমিহীন কৃষক পরিবারের মধ্যে খাসজমি বিতরণ এবং যেখানে সম্ভব বাসস্থানের জন্য জমি বন্দোবস্ত প্রদানের মাধ্যমে গুচ্ছগ্রাম সৃষ্টি করে বাস্তুহারা কৃষক পরিবার পুনর্বাসন করা, জমি বন্টন নীতিমালা অনুযায়ী ভূমিহীন প্রত্যেক কৃষক পরিবারকে অনধিক ১.৫০ একর হতে ২.০০ একর কৃষি জমি ৯৯ বৎসরের জন্য বন্দোবস্ত দানের নির্দেশনা প্রদান করা হয়েছে। যেহেতু এ জমি কতিপয় শর্তাধীনে বন্দোবস্ত দেয়া হচ্ছে এবং যেহেতু এ জমি হস্তান্তরযোগ্য নয়, সেহেতু ধরণের বন্দোবস্তকৃত জমির খতিয়ানে তার উল্লেখ থাকা প্রয়োজন। এতে একদিকে যেমন কালেক্টরের খাস খতিয়ান হালকরণকৃত হবে এবং ত্রুটিমুক্ত থাকবে, অন্যদিকে তেমনি দরিদ্র ও অসহায় কৃষক পরিবারের দখল-অধিকার লিপিবদ্ধ থাকবে এবং বেআইনী হস্তান্তর প্রতিরোধ করবে।

২। উপরি-উক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্দেশনামা জারী করা হলো ঃ

(ক) ভূমি সংস্কার অভিযান কর্মসূচীর আওতায় ভূমিহীন কৃষি পরিবারকে যে সকল খাসজমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে বা হচ্ছে ইজারা গ্রহীতার অনুকূলে সে সকল জমি সংক্রান্ত খতিয়ান প্রণয়ন করে তার এক কপি তাৎক্ষণিকভাবে জমির দখল প্রদানের সময় ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া নিশ্চিত করতে হবে।

(খ) খতিয়ানের আবশ্যকীয় কলামগুলো যথাযথভাবে পূরণ করে মন্তব্য কলামে ভূমিহীন হিসাবে বন্দোবস্তকৃত /হস্তান্তরযোগ্য নয় কথাগুলো অবশ্যই লিখতে হবে।

(গ) জরিপ চলাকালে ইজারা গ্রহীতা দলিল এবং কালেক্টর/সহকারী কমিশনার (ভূমি) উপজেলা রাজস্ব অফিসার কর্তৃক প্রণীত খতিয়ানের কপি জরিপ অফিসারের নিকট উপস্থাপন করবেন। মেয়াদাধীন কালে জরিপ হলে খতিয়ানের মন্তব্য কলামে "ভূমিহীন হিসাবে বন্দোবস্তকৃত /হস্তান্তরযোগ্য নয়" কথাগুলো লিপিবদ্ধ করতে হবে।

(ঘ) ইজারা গ্রহীতার অনুকূলে খতিয়ান প্রণয়নের পর সংশ্লিষ্ট তহশিলদার জমাবন্দী/তলববাকী রেজিষ্টারে তা লিপিবদ্ধ করবেন এবং যথারীতি ভূমি উন্নয়ন কর আদায় করবেন।

৩। উপরি-উক্ত নির্দেশমালার যথাযথ প্রয়োগ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য সকল কালেক্টর/সেটেলমেন্ট অফিসারকে অনুরোধ করা হলো।

স্বা/-এম, মোকাম্মেল হক
সচিব।

স্মারক নং ভুঃম/ভুমঃকোঃ২-৩/৮৭/৪৯/১(১৮২), তারিখ ঃ ২৫ শে ফাল্গুন ১৩৯৫ বাং
৯ই মার্চ ১৯৮৮ খ্রীঃ

অনুলিপি কার্যার্থে ঃ

১। বিভাগীয় কমিশনার (সকল)।

২। মহাপরিচালক, ভূমি জরিপ অধিদপ্তর।

৩। জেলা প্রশাসক (সকল)।

৪। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)।

৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে ঃ-

১। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রীর নিকট উপস্থাপনের অনুরোধসহ।

২। সচিবের একান্ত সচিব।

৩। সচিবের একান্ত সচিব।

৪। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড।

৫। যুগ্ম সচিব........................ /ভূমি সংস্কার কমিশনার, ভূমি মন্ত্রণালয়।

৬। উপ-সচিব ................/ উপ-ভূমি সংস্কার কমিশনার .........../ ভূমি মন্ত্রণালয়।

৭। অর্থনীতিবিদ, ভূমি মন্ত্রণালয়।

৮। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব ..........................শাখা, ভূমি মন্ত্রণালয়।

৯। হিসাব নিরীক্ষক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়।

স্বা/-এম, এ, মোমেন
সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং ৮

নং ভূম/শা ৮ খাজব / ২৪২/৮৫/৭২৭ (৬৪), তারিখ ঃ ৬-৯-৯৬ বাং
২০-১২-৮৯ খ্রীঃ

প্রেরক ঃ- সৈয়দ আসগার আলী ,
উপ-সচিব (৪)
ভূমি মন্ত্রণালয় ।

প্রাপক ঃ- জেলা প্রশাসক , ....................................................................... ।

বিষয় ঃ দাতব্য চিকিৎসালয়ের জন্য জেলা পরিষদের নিকট হস্তান্তরিত খালি পড়িয়া থাকা জমি প্রসংগে ।

উপরোক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, দাতব্য চিকিৎসালয়ের জন্য জেলা পরিষদের অনুকূলে হস্তান্তরিত জমি যাহা বর্তমানে খালি পড়িয়া আছে এবং অন্যভাবে ব্যবহার হইতেছে তাহা অতি সত্বর ১নং খতিয়ানে অন্তর্ভুক্ত করতঃ নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার জন্য তাহাকে অনুরোধ করা যাইতেছে ।

স্বা/-সৈয়দ আসগার আলী
উপ-সচিব (৪) ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৮

নং ভূঃমঃ/শ-৮/খাজব/ ১৫৫/৯০/৭৪৩(৫৯৬) তারিখ ১৯-৫-৯০ খ্রীঃ

পরিপত্র

বিষয় ঃ দি বিল্ডিং কনস্ট্রাকশন ( এমেণ্ডমেন্ড ) এ্যাক্ট, ১৯৯০ ।

দি বিল্ডিং কনস্ট্রাকশন (এমেণ্ডমেন্ড) এ্যাক্ট, ১৯৯০ (১৯৯০ সনের ৩৫ নং আইন) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপুর্বক জানানো যাইতেছে যে , ইমারত তৈয়ারীর প্রয়োজনে পাহাড় কাটা সরকার নিষিদ্ধ ঘোষণা করিয়াছেন এবং এহেন কার্য শাস্তিযোগ্য এবং আমলযোগ্য (Cognizable) অপরাধ বলিয়া গণ্য করা হইয়াছে ।

২। উক্ত আইনে কোন প্রকার লঙ্ঘন বা উহার প্রয়োগে কোন প্রকার শৈথিল্য গর্হিত অপরাধ বলিয়া বিবেচিত হইবে। ফলে, বাস্তবক্ষেত্রে উক্ত আইনের সার্বিক প্রয়োগ নিশ্চিতকরণে সম্ভাব্য সকল প্রকার পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা যাইতেছে ।

৩। উল্লেখিত আইনের এক প্রস্থ এতদসংগে প্রেরণ করা হইল ।

স্বা/-এ,জেড, এম, নাছিরুদ্দিন
সচিব।

বিতরণঃ-
১। বিভাগীয় কমিশনার, ............................................................................ ।
২। জেলা প্রশাসক ................................................................................... ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ......................................................... ।
৪। সহকারী কমিশনার (ভূমি) .................................................................... ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং - ৮

বিজ্ঞপ্তি

তারিখ ঃ ৭ ই মার্চ, ১৯৯৫
২৩ শে ফাল্গুন, ১৪০১

নং ভূঃমঃ/ শা-৮/খাজব/৪৬/৮৪/১২৫-অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্তের বিষয়ে সরকার নিম্নে বর্ণিত নীতিমালা প্রণয়ন করিয়াছে । এতদ্বারা অনুমোদিত নীতিমালা সকলের অবগতির জন্য জারী করা হইল । গেজেট প্রকাশনার তারিখ হইতে এই নীতিমালা কার্যকর বলিয়া গণ্য হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বা/- আব্দুল মুয়ীদ চৌধুরী
সচিব ।

# প্রজ্ঞাপন

বিষয় ঃ অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্তের নীতিমালা ।

নং ভূঃমঃ শা-৮-খাজব-৪৬৮৪ ১২৪, তারিখঃ ৭ ই মার্চ, ১৯৯৫/২৩ শে ফাল্গুন, ১৪০১

১.০ ভূমিকা ঃ-

ভূমি মন্ত্রণালয়ের ব্যবস্থাধীনে কৃষি ও অকৃষি এই দুই প্রকারের খাসজমি আছে। কৃষি খাসজমি বন্দোবস্তের একটি নীতিমালা আছে । কিন্তু অকৃষি খাসজমি বন্দোবস্তের কোন নীতিমালা না থাকায় অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান দীর্ঘদিন ধরিয়া বন্ধ আছে । ফলে শহরাঞ্চলে অকৃষি খাসজমি কোন না কোনভাবে প্রভাবশালী মহলের লোকজনের অবৈধ দখলে চলিয়া গিয়াছে এবং তাহারা দখলের সমর্থনে জাল-জালিয়াতির মাধ্যমে কাগজ-পত্র তৈরী করিয়া আদালত হইতে ডিক্রীলাভ করিতেছেন বা প্রচেষ্টা চালাইতেছেন । তাই অকৃষি খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত একটি সুষ্ঠু নীতিমালা প্রয়োজন। এই নীতিমালায় খাসজমি বলিতে কেবলমাত্র জেলা প্রশাসকের নামে রেকর্ডকৃত সরকারী খাসজমি বুঝাইবে । অন্য কোন সংস্থা বা বিভাগের নামে রেকর্ডকৃত সরকারী জমি বুঝাইবে না । পরিবেশ সংরক্ষণের স্বার্থে বনায়নের জন্য যে সকল জমির প্রয়োজন হইবে তাহা বন আইনের ৪ ধারা অনুযায়ী বনভূমি হিসাবে গেজেট নোটিফিকেশনকৃত জমি এবং বন আইনের ২৯ ধারা অনুযায়ী রক্ষিত বনভূমি হিসাবে ঘোষিত জমি পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সংগে পরামর্শ ছাড়া এই নীতিমালার আওতায় বন্দোবস্ত দেওয়া যাইবে না। অধিকন্তু এই ধরণের কেস ভূমি মন্ত্রণালয় এর নীচে কোন পর্যায়ে নিষ্পত্তি করা হইবে না। এই নীতিমালা বাস্তবায়ন করিতে গিয়া যদি কোথাও কোন জমি সম্পর্কে কোন সরকারী সংস্থা বা বিভাগের সাথে জমির মালিকানা বা দখলগত বিষয়ে কোন অস্পষ্টতা বা দ্বিমত থাকে তাহা হইলে সংশ্লিষ্ট সংস্থা বা বিভাগের সাথে আলোচনাক্রমে নিষ্পত্তি সাপেক্ষে এই নীতিমালার আওতায় উক্ত জমি বন্দোবস্তের কার্যক্রম গ্রহণ করা হইবে ।

২.০ সংজ্ঞা ঃ-

(ক) অকৃষি খাসজমি ঃ দেশের ৪টি মেট্রোপলিটন এলাকার সকল পৌর এলাকা এবং সকল থানা সদর বর্তমান নীতিমালা অনুযায়ী শহরাঞ্চল হিসাবে বিবেচিত হইবে। এই সকল এলাকাভুক্ত কৃষি যোগ্য খাসজমিও অকৃষি খাসজমি হিসাবে বিবেচিত হইবে। ইহার বাহিরে অবস্থিত কৃষিযোগ্য জমি বাদে অন্যান্য সকল জমি অকৃষি খাসজমি হিসাবে বিবেচিত হইবে।

(খ) থানা সদর ঃ যে সকল থানা সদরে পৌরসভা আছে সে সকল থানার ক্ষেত্রে পৌরসভার এলাকা এবং অন্যান্য থানার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক বিভাগীয় কমিশনারদের লিখিত পূর্বানুমোদনক্রমে চিহ্নিত এলাকাকে থানা সদর এলাকা হিসাবে গণ্য করা হইবে। জেলা প্রশাসকগণ এই নীতমিালা জারীর তারিখ হইতে ১৮০ দিনের মধ্যে পৌরসভা নাই এমন সকল থানা সদরের সীমানা চিহ্নিত করার কার্য সম্পাদন করিবেন। অবশ্য পরবর্তীতে যদি কোন থানা সদরে পৌরসভা প্রতিষ্ঠিত করা হয় তাহা হইলে পৌরসভা প্রতিষ্ঠিত হওয়ার তারিখ হইতে পৌরসভা এলাকাকেই ঐ থানার থানা সদর হিসাবে বিবেচনা করা হইবে।

(গ) বাজার দর ঃ প্রচলিত নিয়মে নির্ধারিত মূল্যকেই বাজার দর হিসাবে গণ্য করা হইবে।

৩.০ অকৃষি খাসজমি বন্দোবস্তের নীতিমালা ঃ-

(ক) সরকারী প্রয়োজনে যে কোন সরকারী দপ্তর বা সংস্থাকে অকৃষি খাসজমি বন্দোবস্ত দেওয়া হইবে। তবে সেই ক্ষেত্রে বাজার দর অনুযায়ী জমির উপযুক্ত মূল্য পরিশোধ করিতে হইবে।

(খ) ধর্মীয় উপাসনালয়, এতিমখানা, কবরস্থান ও শ্মশান ঘাট স্থাপনে জন্য পরিমাণ মত জমি বন্দোবস্ত দেওয়া যাইবে । এই ক্ষেত্রে বাজার দর অনুযায়ী জমির মূল্য নির্ধারণ করিয়া নির্ধারিত মূল্যের ১০% মূল্যে বন্দোবস্ত দেওয়া যাইবে ।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য পরিমাণ মত জমি নির্ধারিত মূল্যের ১০% মূল্যে বন্দোবস্ত দেওয়া হইবে।

(ঘ) প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ক্ষতিগ্রস্ত ও সরকার কর্তৃক বৈধভাবে পুনর্বাসিত লোকজনকে সংশ্লিষ্ট জমি সরকারের জন্য অন্য কোন প্রয়োজনে না লাগিলে দখল বিবেচনায় আনিয়া পরিবার প্রতি সর্বোচ্চ ০.০৫ একর (পাঁচ শতাংশ) জমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত দেওয়া যাইবে। তবে নারায়নগঞ্জসহ ঢাকা মেট্রোপলিটন এলাকায় এবং চট্টগাম মেট্রোপলিটন এলাকায় এই ধরণের বন্দোবস্ত দেওয়া যাইবে না ।

(ঙ) বিশিষ্ট শিক্ষাবিদ, কবি, সাহিত্যিক বা জাতীয় পর্যায়ে নিজ অবদানের জন্য বিশিষভাবে স্বীকৃত ব্যক্তিকে সরকার প্রধানের অনুমোদনক্রমে মেট্রোপলিটন এলাকার সর্বোচ্চ ০.০৫ একর (পাঁচ শতাংশ) এবং মেট্রোপলিটন এলাকার বাহিরে সর্বোচ্চ ০.০৮ একর (আট শতাংশ) পর্যন্ত জমি বাজার দরে বন্দোবস্ত দেওয়া যাইবে। তবে এই ক্ষেত্রে সরকার প্রধান ইচ্ছা করিলে রেয়াতি মূল্যে বন্দোবস্তের আদেশ দিতে পারিবেন ।

(চ) প্রবাসী বাংলাদেশীরা যদি রেজিষ্ট্রিকৃত সমবায় এর মাধ্যমে বহুতল বিশিষ্ট ভবন নির্মাণ (ন্যূনপক্ষে পাঁচতলা ভবন হইতে হইবে) এর জন্য জমি বন্দোবস্ত নিতে চান তাহা হইলে তাহাদিগকে মেট্রোপলিটন এলাকায় ১০ একর এবং জেলা শহরে সর্বোচ্চ ৩.০ একর পর্যন্ত জমি বন্দোবস্ত দেওয়া যাইবে। তবে এ্ ক্ষেত্রে তাহাদেরকে জমির সমুদয় মূল্য বৈদিশিক মুদ্রায় পরিশোধ করিতে হইবে এবং তাহাদের দলে একই পরিবারের একজনের বেশী সদস্য থাকিতে পারিবেন না । বহুতল বিশিষ্ট ভবনের জন্য সমবায়ের প্রতি দুইজন সদস্যর জন্য ০.০২৫ একর (২.৫ শতাংশ) হিসাবে জমির পরিমাণ নির্ধারণ করিয়া বন্দোবস্ত দেওয়া হইবে।

(ছ) শহর এলাকার বাহিরে শিল্প স্থাপনের জন্য আবেদনারী যদি মোট প্রয়োজনীয় জমির ৩/৪ অংশ নিজে সংগ্রহ করেন তাহা হইলে সর্বোচ্চ ১/৪ অংশ সংলগ্ন খাসজমি বাজার দরে বন্দোবস্ত দেওয়া যাইবে।

(জ) অন্ততঃ ১০ বৎসরের বেশী সময় ধরিয়া নিয়মিতভাবে সরকারী পাওনা পরিশোধ করিয়া একসনা লীজমূলে জমির দখলে আছেন এমন লোকদেরকে সর্বোচ্চ ০.০৫ একর (পাঁচ শতাংশ) জমি বাজার দরে বন্দোবস্ত দেওয়া যাইবে ।

(ঝ) যে সকল অধিগ্রহণকৃত জমি পুনঃগ্রহণের মাধ্যমে খাস করা হইয়াছে বা হইবে সেই সকল জমির মূলমালিক বা তাহার বৈধ উত্তরাধিকারীদেরকে ক্ষতিপুরণ বাবদ প্রদত্ত অর্থ সমম্বয় না করিয়া বজার দরে মেট্রোপলিটন এলাকায় সর্বোচ্চ ০.০৮ একর (আট শতাংশ ) জেলা ও থানা সদরে এবং পৌর এলাকার সর্বোচ্চ ০.১৬ একর (ষোল শতাংশ) এবং ইহার বাহিরের এলাকায় সর্বোচ্চ ০.৩২ একর (বত্রিশ শতাংশ) ভূমি বন্দোবস্ত দেওয়া যাইবে। প্রত্যেক

ক্ষেত্রে জমির পরিমাণ অধিগ্রহণকৃত জমির অর্ধেক অপেক্ষা বেশী হইতে পারিবে না। তবে কাহাকেও শহর এলাকায় মোট ০.০৪ একর (চার শতাংশ) এবং পল্লী এলাকায় ০.১০ একর (দশ শতাংশ) অপেক্ষা কমও দেওয়া হইবে না। তাহা ছাড়া যেহেতু বন্দোবস্ত গ্রহীতা জমির পূর্বতন মালিক সেহেতু তাহাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। অধিগ্রহণে ক্ষতিগ্রস্ত এমন ভূমি মালিকের ক্ষেত্রে কেবলমাত্র একজনকেই সুবিধা দেওয়া হইবে। এই রূপ বন্দোবস্ত প্রদানে মন্ত্রণালয়ের অনুমোদন লাগিবে।

(ঞ) মেট্রোপলিটন এলাকা এবং জেলা শহরের বাহিরে গবাদিপশু বা দুগ্ধ খামার এবং হাঁস-মুরগীর খামার স্থাপনের জন্য অকৃষি খাসজমি বন্দোবস্ত দেওয়া যাইবে। তবে এই ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হইতে হইবে। হাঁস-মুরগীর খামারের জন্য সর্বোচ্চ ২০ একর ও দুগ্ধ খামারে জন্য সর্বোচ্চ ৫.০ একর জমি বন্দোবস্ত দেওয়া যাইবে। বন্দোবস্ত প্রাথমিকভাবে ১০ বছরের জন্য দেওয়া হইবে। প্রথম ৫ বছরের মধ্যে যদি প্রকল্পটি পুরাপুরি প্রকল্প পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত এবং বন্দোবস্তের শর্ত যথাযথভাবে পালিত হয় তাহা হইলে একই জমি পরবর্তীতে সন্তোষজনক পরিচালনার শর্তে দীর্ঘ মেয়াদী বন্দোবস্তে রূপান্তর করা যাইবে। তবে প্রথম পাঁচ বছরের মধ্যে প্রকল্প বাস্তবায়িত না হইলে বা পরবর্তীতে যে কোন সময় পরিত্যাক্ত হইলে বা বন্দোবস্তের শর্ত যথাযথভাবে পালিত না হইলে বন্দোবস্ত যে কোন সময় বাতিল করিবার শর্ত চুক্তিপত্রে অন্তর্ভুক্ত থাকিবে। যদি কেহ নিজ জমিতে হাঁস-মুরগীর খামার বা দুগ্ধ খামার করিয়া থাকেন তাহা হইলে তাহাকে তাহার খামারের সংলগ্ন খাসজমি উপরোক্ত নিয়মে বন্দোবস্ত দেওয়া যাইবে।

(ট) বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য খামার স্থাপনের জন্য সরকারী খাস পুকুর দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত দেওয়া যাইবে। ব্যক্তি বিশেষের ক্ষেত্রে সর্বোচ্চ ২০.০ একর আয়তনবিশিষ্ট পুকুর নিবন্ধনকৃত সমবায় বা ব্যক্তিমালিকানাধীন (প্রাইভেট লিমিটেড) কোম্পানীর ক্ষেত্রে সর্বোচ্চ ৫০.০ একর এবং পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে যে কোন আয়তনের খাস পুকুর বা বদ্ধ জলমহাল পরবর্তীতে সন্তোষজনক পরিচালনার শর্তে দীর্ঘ মেয়াদী বন্দোবস্তে রূপান্তর করা যাইবে। কিন্তু প্রথম ৫ বৎসরের মধ্যে প্রকল্প বাস্তবায়িত না হইলে বা পরবর্তীতে যে কোন সময় পরিত্যক্ত হইলে বা যথাযথভাবে পরিচালিত না হইলে বন্দোবস্ত যে কোন সময় বাতিল করিবার শর্ত চুক্তিপত্রে অন্তর্ভুক্ত থাকিবে । এইরূপ বন্দোবস্তের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন লাগিবে।

(ঠ) বিদেশী বিনিয়োগকারীদেরকে অথবা যৌথ উদ্যোক্তাদেরকে শিল্প-কারখানা স্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ জমি মেট্রোপলিটন এলাকার বাহিরে বন্দোবস্ত দেওয়া যাইবে। এই ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প অনুপাতে জমির পরিমাণ নির্ধারণ করা হইবে। তবে মেট্রোপলিটন এলাকায় আন্তার্জাতিক মানের হোটেল/মোটেল (তিন তারকা ও তদুর্ধে) স্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ জমি বন্দোবস্ত দেওয়া যাইবে।

(ড) কারখানা ও বাড়ী সংলগ্ন খাসজমি আছে এবং এই খাসজমির অবস্থান এমন যে ইহা অন্য কাহাকেও বন্দোবস্ত প্রদান করিলে বাড়ী বা শিল্প-কারখানায় যাতায়াতসহ অন্যান্য অসুবিধা সৃষ্টি হইবে সে ক্ষেত্রে বাড়ীর মালিক বা শিল্প কারখানার অনুকূলে বিশেষ ব্যবস্থা হিসাবে এই খাসজমি (কৃষি বা অকৃষি যাহাই হোক না কেন) বন্দোবস্ত দেওয়া যাইবে। তবে এই রূপ বন্দোবস্ত কেসে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক সরেজমিনে তদন্ত সম্পাদন করিয়া এবং প্রচলিত নিয়মে সেলামী ধার্য করিয়া প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠাইতে হইবে।

(ঢ) কমপক্ষে ২০ বৎসর বা তদুর্ধকাল যাবত সরকারী আধাসরকারী বা স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীতে নিয়োজিত আছেন বা ছিলেন এই রূপ কমপক্ষে ৩০ জন বা তদুর্ধ সংখক

সদস্যবিশিষ্ট সরকারী আধা সরকারী বা স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী বা কর্মকর্তার সমন্বয়ে গঠিত সমবায় সংগঠনকে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন (ন্যূনপক্ষে পাঁচতলা ফ্লাট বাড়ী ) নির্মাণের জন্য মেট্রোপলিটন এলাকায় সর্বোচ্চ ১ (এক) একর এবং জেলা বা থানা শহরে সর্বোচ্চ ৩.০ একর পর্যন্ত খাসজমি বন্দোবস্ত দেওয়া যাইবে। মেট্রোপলিটন এলাকা বা জেলা শহরে বাড়ী বা বাড়ী করার মত জমি আছে এই রূপ কোন সরকারী আধাসরকারী বা স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী/কর্মকর্তাকে সংগঠনের সদস্য করা যাইবে না । বহুতলা বিশিষ্ট ভবন নির্মাণের জন্য সমবায়ের প্রতি দুইজন সদস্যের জন্য ০.০২৫ একর (২.৫ শতাংশ) হিসাবে জমির পরিমাণ নির্ধারণ করিয়া বন্দোবস্ত দেওয়া হইবে । এই রূপ বন্দোবস্তের ক্ষেত্রে প্রচলিত নিয়মে ধার্যকৃত সেলামী আদায় করিতে হইবে এবং ইহাতে সরকার প্রধানের অনুমোদন লাগিবে ।

৪.০ প্রস্তাবিত বন্দোবস্ত কার্যক্রম ঃ-

(ক) নিলামের মাধ্যমে বিক্রয় ছাড়া মেট্রোপলিটন এলাকার যে কোন অকৃষি খাসজমি বন্দোবস্তের ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে সরকার প্রধানের পূর্ব-অনুমোদন গ্রহণ করিতে হইবে ।

(খ) জেলা শহরে ০.০৮ একর (আট শতাংশ) এর উর্ধ্ব পরিমাণ থানা সদরে ০.১৬ একর (ষোল শতাংশ) এর উর্ধ্ব পরিমাণ এবং উহার বাহিরে ০.৩০ একর (ত্রিশ শতাংশ) এর উর্ধ পরিমাণ জমি বন্দোবস্তের সকল প্রস্তাবে ভমি সংস্কার বোর্ড হইতে অনুমোদন গ্রহণ করিতে হইবে ।

(গ) সকল ক্ষেত্রেই জেলা প্রশাসক প্রার্থীত জমির সেলামী নির্ধারণ করতঃ কেস রেকর্ড সৃজনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের নিকট বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ করিবেন ।

৫.০ যে সকল কারণে বন্দোবস্ত বাতিল হইবে ঃ-

(ক) জমি যে উদ্দেশ্যে বন্দোবস্ত প্রদান করা হইবে তাহা বন্দোবস্ত অনুমোদনকারী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা হইলে ।

(খ) বন্দোবস্তগ্রহীতা আংশিক বা সম্পূর্ণভাবে চুক্তি পত্রের কোন শর্ত ভংগ করিলে ।

(গ) ভূমি সংক্রান্ত সরকারী আইন, অধ্যাদেশ / আদেশ লঙ্ঘন করিলে ।

(ঘ) নির্দিষ্ট সময়ের মধ্যে মূল্য পরিশোধ করিতে ব্যর্থ হইলেও বন্দোবস্ত বাতিল এবং প্রদত্ত কিস্তির টাকা বাজেয়াপ্ত হইবে ।

(ঙ) বন্দোবস্ত গ্রহণের পর কোন প্রয়োজনীয় তথ্য গোপন রাখা বা শর্তভঙ্গের ঘটনা প্রকাশ হইলে বন্দোবস্ত অনুমোদনকারী কর্তৃপক্ষ বন্দোবস্ত বাতিল ও প্রদত্ত মূল্য বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৬.০ কোন খাসজমি দীর্ঘ-মেয়াদী বন্দোবস্ত দেওয়া হইলে সেই জমির জন্য জেলা প্রশাসক আলাদা একটি খতিয়ান খুলিবেন। সেই খতিয়ানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসকের নাম এবং জেলা প্রশাসকের নীচে বন্দোবস্ত প্রাপকের নাম লিপিবদ্ধ থাকিবে। তাহা ছাড়া বন্দোবস্তের মেয়াদ, আরম্ভ ও শেষ হওয়ার তারিখ লিপিবদ্ধ থাকিবে। এই দীর্ঘ মেয়াদী বন্দোবস্তের ফলে বন্দোবস্ত গ্রহীতাকে ভূমি উন্নয়ন কর পরিশোধ করিতে

হইবে। ভূমি উন্নয়ন কর সংক্রান্ত তথ্যাবলী বন্দোবস্ত দলিলে ও খতিয়ানে উল্লেখ করিতে হইবে ।

৭.০ বন্দোবস্ত গ্রহীতা জমির দখল প্রদানের তারিখ হইতে নির্ধারিত হারে ভূমি উন্নয়ন কর ও অন্যান্য কর প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৮.০ বন্দোবস্তকৃত জমি সম্পর্কে উদ্ভূত যে কোন বিতর্কিত বিষয়ে সরকারী সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯.০ এই নীতিমালা প্রনয়ণের পর হইতে অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান সংক্রান্ত পূর্বের সকল নীতিমালা সার্কুলার স্মারক, নির্দেশ ইত্যাদি বাতিল বলিয়া গণ্য হইবে। অবশ্য ইতিপূর্বে বলবৎ নীতিমালা সার্কুলার ইত্যাদি বলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সকল বৈধ বন্দোবস্ত আদেশ বহাল থাকিবে। এই নীতিমালার যা কিছুই থাকুক না কেন সংশ্লিষ্ট সময়ে বলবৎ আইন ও বিধি সকল সময়ে উহার উপর কার্যকর হইবে।

১০.০ প্রয়োজন অনুসারে এই নীতিমালা পরিবর্তন করা যাইবে এবং কেবলমাত্র নীতিমালার ব্যতিক্রম সাপেক্ষে অকৃষি খাসজমি বন্দোবস্তের ক্ষেত্রে সরকার প্রধানের সার্বিক এখতিয়ার সংরক্ষিত থাকিবে।

১১.০ প্রয়োজন অনুসারে এই নীতিমালা পরিবর্তন করা যাইবে এবং কেবলমাত্র নীতি-মালা অন্যান্য সকল জেলার জন্য প্রযোজ্য হইবে। রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার খাসজমি বন্দোবস্ত প্রদানের জন্য এই জেলাসমহের ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ আইন ও সরকারী নির্দেশ কার্যকর হইবে।

স্বা/-আব্দুল মুয়ীদ চৌধুরী
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং- ৮

সংশোধনী

তারিখ ঃ ১৩ ই চৈত্র, ১৪০১
২৭শে মার্চ, ১৯৯৫

নং ভুমঃ/ শা-৮/খাজব/৪৬/৮৪/১৬২ গত ৮ই মার্চ ১৯৯৫ইং তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যার ৭২৫ নং পৃষ্ঠায় প্রকাশিত অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্তের নীতিমালার ১০.০ নং অনুচ্ছেদের পরে শেষ অনুচ্ছেদটি ভুলবশতঃ নিম্নরূপ ছাপা হইয়াছে ।

"১১.০ প্রয়োজন অনুসারে এই নীতিমালা পরিবর্তন করা যাইবে এবং কেবলমাত্র নীতিমালার অন্যান্য সকল জেলার জন্য প্রযোজ্য হইবে । রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার খাসজমি বন্দোবস্ত প্রদানের জন্য এই জেলাসমূহের ক্ষেত্রে বিশেষ আইন ও সরকারী নির্দেশ কার্যকর হইবে ।"

এক্ষণে, অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্তের নীতিমালার ১০.০ নং অনুচ্ছেদের পরে শেষ অনুচ্ছেদটি নিম্নরূপ পড়িতে হইবে ।

"১১.০ এই নীতিমালা রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি এই তিনটি পার্বত্য জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার জন্য প্রযোজ্য হইবে । রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার খাসজমি বন্দোবস্ত প্রদানের জন্য এই জেলাসমূহের ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ আইন ও সরকারী নির্দেশ কার্যকর হইবে ।"

মোঃ সোলায়মান খান
উপ-সচিব ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং - ৮

নং ভূঃমঃ/লা-৮ খাজব/ ৯৩৭/৯০/৬৭৯(৬৪) তারিখ ঃ- ২১-৫-১৪০২ বাং
৫-৯-৯৫ খ্রীঃ

প্রেরক ঃ মোঃ সোলায়মান খান,
উপ-সচিব।

প্রাপক ঃ জেলা প্রশাসক, (সকল)

..............................

বিষয় ঃ বরিশাল ও বরগুনা জেলাসহ সকল জেলায় জেলা প্রশাসকগণ কর্তৃক অনিয়মিতভাবে ও বেআইনী ভাবে ১-৭-৮৭ খ্রীঃ তারিখের পরে অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ে আদেশক্রমে জানানো যাইতেছে যে, বরিশাল ও বরগুনা জেলাসহ সকল জেলাসমূহে ১-৭-৮৭ খ্রীঃ তারিখের পরে বিভিন্ন সময়ে জেলা প্রশাসকগণ বেআইনীভাবে ও অনিয়মিতভাবে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে অকৃষি খাসজমি স্থায়ী বন্দোবস্ত প্রদান করিয়াছেন। পরবর্তীতে সরকার কর্তৃক বরিশাল ও বরগুনা জেলার এইরূপ বন্দোবস্ত সম্পর্কে গোচরীভূত হওয়ার পর এই জেলাদ্বয়ের বন্দোবস্ত কেসগুলির কার্যক্রম স্থগিত রাখার আদেশ প্রদান করা হয়। এক্ষণে সরকার অনুরূপ বন্দোবস্ত কেসগুলি সম্পর্কে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন ঃ

(ক) ১-৭-৮৭ খ্রীঃ তারিখ হইতে ২১-৪-৯০ খ্রীঃ তারিখের মধ্যে বন্দোবস্তকৃত যে সকল বন্দোবস্ত কেসে দলিল রেজিষ্ট্রি হয় নাই সেই সমস্ত কেস বাতিল বলিয়া গণ্য হইবে। কোন কেসে সেলামী গৃহীত হইয়া থাকিলে (আংশিক বা সম্পূর্ণ) তাহা জেলা প্রশাসকগণ কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তিকে ফেরৎ প্রদান করা হইবে।

(খ) উপরে (ক) উপ-অনুচ্ছেদে বর্ণিত সময়সীমার মধ্যে বন্দোবস্তকৃত যে সকল কেসে জেলা প্রশাসক দলিল রেজিষ্ট্রি করিয়া দিয়াছেন সেই সকল কেসের ক্ষেত্রে বন্দোবস্ত বহাল থাকিবে এবং এই সকল কেসের ক্ষেত্রে মন্ত্রণালয় হইতে জারীকৃত বাতিল/ স্থগিত আদেশ প্রত্যাহার করা হইল এই ব্যাপারে জেলা প্রশাসকগণ কর্তৃক রেজিষ্ট্রিকৃত দলিলের শর্তানুসারে পরবর্তী কার্যক্রম চূড়ান্ত করা হইবে।

(গ) ২১-৪-৯০ খ্রীঃ তারিখের পর জেলা প্রশাসকগণ কর্তৃক প্রদত্ত বন্দোবস্ত কেসসমূহ ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে। এই সকল কেস রেকর্ড মন্ত্রণালয়ে পরীক্ষা নিরীক্ষা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করা হইবে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত পাওয়ার পর সেই সব জেলা প্রশাসকগণ পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন।

(ঘ) ১-৭-৮৭ খ্রীঃ তারিখ হইতে ২১-৪-৯০ খ্রীঃ তারিখের মধ্যবর্তী সময়ে জেলা প্রশাসকগণ কর্তৃক বন্দোবস্তকৃত যে সমস্ত কেসে দলিল রেজিষ্ট্রি হইয়াছে সেই সকল কেস জেলা প্রশাসকগণ নিজে পরীক্ষা নিরীক্ষা করিয়া দেখিবেন। কোন কেসে

criminal conspiracy অথবা misrepresentation of facts পাওয়া গেলে জেলা প্রশাসক সেই কেসের দলিল বাতিলকরণের জন্য দেওয়ানী আদালতে আইনানুগ মোকদ্দমা দায়ের করিয়া মন্ত্রণালয়কে লিখিতভাবে জানাইতে হইবে।

২। উপরোক্ত মর্মে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল ।

৩। উপরোক্ত সিদ্ধান্ত বাস্তাবায়ন তদারক করার জন্য বিভাগীয় কমিশনারকে আদেশক্রমে অনুরোধ করা হইল ।

স্বা/- (মোঃ সোলায়মান খান )
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং - ৮

## পরিপত্র

নং- ভূঃমঃ/শা-৮/খাজব/৪৬/৬৮৬ তারিখ ঃ ২৩/৫/১৩০২ বাং
৭/৯/৯৫ খ্রীঃ।

বিষয় ঃ অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্তের নীতিমালা।

উল্লিখিত বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের ৭ই মার্চ, ১৯৯৫ তারিখের বিজ্ঞপ্তি নং ভূঃমঃ/শা-৮/খাজব/৪৬/৮৪/১২৫ মূলে জারীকৃত নীতিমালার সুষ্ঠু ও দ্রুত বাস্তবায়নের জন্য সরকার নিম্নলিখিত নির্দেশাবলী প্রদান করিলেন ঃ

### বন্দোবস্ত কেস নিষ্পত্তির সময়সীমা

১। সকল আবেদনপত্র জেলা প্রশাসকের নিকট সরাসরি দাখিল করিতে হইবে।

২। জেলা প্রশাসক তাহার অফিসের বন্দোবস্তের আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে উহার উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক তাহা উর্ধতন কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

৩। বিভাগীয় কমিশনার তাঁহার অফিসে জেলা প্রশাসকের নিকট হইতে কেস রেকর্ড প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বন্দোবস্ত প্রস্তাব নিষ্পত্তি করিবেন এবং ভূমি সংস্কার বোর্ডকে গৃহীত সিদ্ধান্ত অবহিত করিবেন।

৪। জেলা প্রশাসকের নিকট হইতে কেস রেকর্ড প্রাপ্তির ৩০ দিনের মধ্যে ভূমি মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম সমাপ্ত করিবে।

### বন্দোবস্ত কেসের সঙ্গে প্রেরিতব্য আবশ্যকীয় তথ্যাদি

১। অনুমোদনের জন্য প্রেরিতব্য প্রত্যেকটি বন্দোবস্ত কেসে জেলা প্রশাসক একটি স্বয়ং-সম্পূর্ণ সার-সংক্ষেপ দিবেন।

২। সার-সংক্ষেপের সঙ্গে সকল প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ প্রস্তাবিত জমির চতুর্দিকের কম বেশী ৫০০ গজ ব্যাসার্ধের অন্তর্ভুক্ত স্থানের একটি ট্রেস ম্যাপ সংযোজন করিতে হইবে।

৩। প্রস্তাবিত দাগ/দাগসমূহের জমিকে রঙিন কালি দিয়ে চিহ্নিত করিতে হইবে ।

৪। ট্রেস ম্যাপভুক্ত সকল দাগের জমির বর্তমান শ্রেণী, বর্তমান ব্যবহার ও জমির পরিমাণ উল্লেখ করিতে হইবে ।

৫। একই জমির উপর আবেদন থাকিলে জেলা প্রশাসক সবগুলি আবেদনপত্র একসঙ্গে পরীক্ষা করিয়া তাহার মতামতসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

৬। জমির মূল্য নির্ধারণের বিষয়ে বর্তমানে প্রচলিত নিয়ম চালু থাকিবে । বাজার দর নির্ধারণ কালে প্রস্তাবিত জমির সংলগ্ন এলাকায় অনুরূপ ভূমি বিগত ১২ মাসে ক্রয়-বিক্রয় না হইয়া থাকিলে পার্শ্ববর্তী মৌজার একই শ্রেণীর জমির ১২ মাসের গড় বাজার দরের ভিত্তিতে জমির মূল্য নির্ধারণ করিতে হইবে । তাহা পাওয়া না গেলে ঐ জেলার অনুরূপ জমির ১২ মাসের ক্রয়-বিক্রয় মূল্যের উপর ভিত্তি করিয়া প্রস্তাবিত জমির মূল্য নির্ধারণ করিতে হইবে। যদি তাহাও পাওয়া না যায় তবে বন্দোবস্ত কেসটি মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে।

৭। নীতিমালা ৩.০ অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদে বর্ণিত ধর্মীয় উপাসনালয়, এতিমখানা, কবরস্থান ও শ্মশান ঘাট স্থাপনের জন্য বন্দোবস্তোর আবেদনে আবেদনকারীকে সংশ্লিষ্ট স্থানীয় সরকার সংস্থার (ইউনিয়ন পরিষদ /পৌরসভা) নিকট হইতে ছাড়পত্র নিতে হইবে ।

৮। নীতিমালার ৩.০ অনুচ্ছেদের (গ) উপ-অনুচ্ছেদে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যমান নীতিমালার ব্যত্যয় না ঘটাইয়া বন্দোবস্ত প্রস্তাব দিতে হইবে ।

৯। নীতিমালায় ৩.০ অনুচ্ছেদের (চ) উপ অনুচ্ছেদে বর্ণিত বহুতল-বিশিষ্ট ভবন নির্মাণের প্রস্তাবের ক্ষেত্রে ভবনের প্ল্যান, সজ্জা-পরিকল্পনা, বিনিয়োগ পরিকল্পনা, ব্যাংকের নিকট হইতে সলভেন্সি সার্টিফিকেট ও সমাবয় রেজিষ্ট্রিকরণের কাগজ-পত্র দিতে হইবে এবং স্থানটি যদি কোন বিধিবদ্ধ সংস্থার সন্নিকটে অবস্থিত হয় তাহা হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে অনাপত্তি সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

১০। নীতিমালার ৩.০ অনুচ্ছেদে (ঞ) উপ-অনুচ্ছেদে বর্ণিত শহর এলাকার বাহিরে শিল্প স্থাপনের ক্ষেত্রে আবেদনকারীকে প্রয়োজনীয় জমির তিন-চতুর্থাংশের মালিকানা তাঁহার আছে ইহার সমর্থনে গ্রহণযোগ্য কাগজপত্র দিতে হইবে এবং প্রকল্পের সময়সীমা উল্লেখ করিতে হইবে ।

১১। নীতিমালার ৩.০ অনুচ্ছেদের (ঝ) উপ- অনুচ্ছেদে বর্ণিত পুনগ্রহণের মাধ্যমে খাস করা পূর্বে অধিগ্রহণকৃত জমির বন্দোবস্তের আবেদনকারীকে উক্ত জমিতে তাহার বৈধ মালিকানার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে ।

১২। নীতিমালার ৩.০ অনুচ্ছেদে (ঞ) উপ- অনুচ্ছেদে বর্ণিত মেট্রোপলিটন এলাকা ও জেলা শহরের বাহিরে গবাদি-পশুখামার বা দুগ্ধখামার ও হাঁস-মুরগীর খামার স্থাপনের জন্য বন্দোবস্তের ক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষের নিকট হইতে প্রকল্পের

সম্ভাব্যতা প্রতিবেদন ও জমির উপযুক্ততার প্রত্যায়নপত্র এবং ব্যাংকের নিকট হইতে সলভেন্সি সার্টিফিকেট দাখিল করিতে হইবে ।

১৩। নীতিমালার ৩০ অনুচ্ছেদে (ট) উপ- অনুচ্ছেদ বর্ণিত মৎস্য খামার স্থাপনের জন্য সরকারী খাস পুকুর বা বদ্ধ জলমহাল দীর্ঘমেয়াদী বন্দোবস্তের আবেদনপত্রের সঙ্গে রেজিষ্ট্রার, কো-অপারেটিভ্স/জয়েন্ট ষ্টক কোম্পানীর রেজিষ্ট্রেশন দাখিল করিতে হইবে । ইহা সম্ভব না হইলে ন্যূনপক্ষে রেজিষ্ট্রারের অনাপত্তি সার্টিফিকেট জমা দিতে হইবে ।

১৪। নীতিমালার ৩.০ অনুচ্ছেদের (ঠ) উপ-অনুচ্ছেদে বর্ণিত শিল্পকারখানা স্থাপনের জন্য জমি বন্দোবস্তোর ক্ষেত্রে পূর্ণাঙ্গ ইনভেষ্টমেন্ট সিডিউল, ব্যাংকের নিকট হইতে সলভেন্সি সার্টিফিকেট এবং প্রকল্পের সময়সীমা আবেদনপত্রের সংগে সংযুক্ত করিতে হইবে। আন্ত-র্জাতিক মানের হোটেল/মোটেল স্থাপনের জন্য জমি বন্দোবস্তের ক্ষেত্রে উল্লিখিত শর্তাদি ছাড়া যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে ছাড়পত্র/সুপারিশ দাখিল করিতে হইবে এবং প্রকল্পটি ১৯৯৪ এর আওতায় রেজিষ্ট্রেশন করিতে হইবে ।

১৫। নীতিমালার ৩.০ অনুচ্ছেদেও (ড) উপ-অনুচ্ছেদে বর্ণিত কারখানা ও বাড়ি সংলগ্ন খাসজমি বন্দোবস্তের ক্ষেত্রে পাবলিক ইজমেন্ট বাধাগ্রস্ত হইবে না এই মর্মে নিশ্চিত করিতে হইবে ।

১৬। নীতিমালার ৩.০ অনুচ্ছেদের (ঢ) উপ-অনুচ্ছেদে বর্ণিত বহুতল-বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের জন্য জমি বন্দোবস্তের ক্ষেত্রে আবেদনপত্রের সংগে ভবনের প্ল্যান, বিনিয়োগকৃতব্য মূলধনের পরিমাণ, অর্থের উৎস, সমবায়ের কাগজপত্রাদি, যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সার্টিফিকেট এবং সমবায়ের শর্তসমূহ যথাযথভাবে পালনের অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে ।

১৭। নীতিমালার ৩.০ অনুচ্ছেদেও (ত) উপ-অনুচ্ছেদে (i) (ii) ও (iii) দফায় বর্ণিত ক্ষেত্রসমূহে বন্দোবস্তের প্রস্তাবের সঙ্গে প্রকল্পের বিনিয়োগকৃতব্য মূলধনের পরিমাণ ও অর্থের উৎস, প্রকল্পের সম্ভাব্যতা রিপোর্ট, ব্যাংকের নিকট হইতে সলভেন্সি সার্টিফিকেট এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে চাষের জন্য প্রার্থিত জমির উপযুক্ততার সার্টিফিকেট দাখিল করিতে হইবে । তাহা ছাড়া, বিদেশে রপ্তানির লক্ষ্যে ফুলের চাষ করার জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্টিফিকেটও দাখিল করিতে হইবে।

১৮। নীতিমালার ৩.০ অনুচ্ছেদ (ধ) উপ-অনুচ্ছেদে বর্ণিত জমি বন্দোবস্তের ক্ষেত্রে আবেদনপত্রে এই মর্মে প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের নিকট হইতে হলফনামা দিতে হইবে যে বন্দোবস্তকৃতব্য জমির প্রকৃতি কোন প্রকারেই পরিবর্তন করা যাইবে না ।

১৯। (১) শিক্ষা প্রতিষ্ঠান, গবাদি-পশু খামার, দুগ্ধ খামার, হাঁস-মুরগীর খামার, ধর্মীয় উপাসনালয়, এতিমখানা, কবরস্থান ও শ্মশান ঘাট স্থাপনের জন্য বন্দোবস্তের মেয়াদ সাধারণতঃ ৯৯ বৎসর হইবে ।

(২) ফুলের চাষ, ফলের বাগান ও রাবার চাষ করার নিমিত্তে ৩৫ বংসরের জন্য জমি বন্দোবস্ত দেওয়া যাইবে ।

(৩) আন্তর্জাতিক মানের হোটেল/মোটেল, বহুতল-বিশিষ্ট আবাসিক ভবন, শিল্প-কারখানা স্থাপনের জন্য বন্দোবস্তের মেয়াদ ৯৯ বৎসর হইবে ।

(৪) বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য খামার স্থাপনের জন্য সরকারী খাস পুকুর বা বদ্ধ জলমহাল নীতিমালার ৩.০ অনুচ্ছেদের (ট) উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে ১০ বৎসরের জন্য দীর্ঘমেয়াদী বন্দোবস্ত দেওয়া হইবে । তবে যে সকল খাস পুকুর বা বদ্ধ জলমহাল স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক ইজারা দেওয়া হয় নাই অথবা তাহাদের তত্ত্বাবধানে নাই সে সকল পুকুর বা জলমহাল এই নীতিমালার আওতায় বন্দোবস্ত দেওয়া যাইবে ।

(৫) অনান্য ক্ষেত্রে বন্দোবস্তের মেয়াদ সাধারণভাবে ১৫ বৎসর হইবে ।

<u>অন্যান্য নির্দেশাবলী</u>

১। অকৃষি খাসজমি বন্দোবস্তের আবেদন প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট দাখিল করিতে হইবে ।

২। বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদনযোগ্য বন্দোবস্তের কেস রেকর্ড জেলা প্রশাসক সরাসরি ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করিবেন।

৩। কেস রেকর্ডের একটি করিয়া কপি জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে আলাদাভাবে সংরক্ষণ করিতে হইবে ।

৪। জেলা প্রশাসক যে সকল কেস রেকর্ড বিভাগীয় কমিশনারের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবেন উহাদের অনুলিপি ভূমি সংস্কার বোর্ডেও প্রেরণ করিবেন।

৫। সকল অনুমোদনকারী কর্তৃপক্ষ অনুমোদিত বন্দোবস্ত কেসের একটি অনুলিপি ভূমি সংস্কার বোর্ডে সংরক্ষণের জন্য চূড়ান্ত অনুমোদনের ১৪ দিনের মধ্যে প্রেরণ করিবেন।

৬। আবেদনকারী তাহার আবেদনপত্রের সহিত একজন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/নোটারী পাবলিকের নিকট হইতে তাহার আবেদনে বর্ণিত তথ্যাবলীর সত্যতা সম্পর্কে একটি হলফনামা দাখিল করিবেন ।

৭। আবেদনকারী তাহার আবেদনপত্রে এই মর্মে প্রত্যয়ন করিবেন যে, তিনি যে উদ্দেশ্যে জমি বন্দোবস্ত প্রাপ্তির জন্য আবেদন করিয়াছেন শুধুমাত্র সেই উদ্দেশ্যেই তিনি তাহা ব্যবহার করিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে জমির শ্রেণী পরিবর্তন করিবেন না ।

৮। যে কোন বন্দোবস্ত প্রস্তাব প্রেরণের পূর্বে জেলা প্রশাসক প্রস্তাবটি যথাযথভাবে মূল্যায়ন করিবেন এবং প্রস্তাবিত জমি সরেজমিনে প্রত্যক্ষ করিয়া তাহার সুষ্ঠু সুপারিশ লিপিবদ্ধ করিবেন ।

৯। জেলা প্রশাসক প্রতি মাসের ৭ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ছকে পূর্ববর্তী মাসের অকৃষি খাসজমির বন্দোবস্ত কেস নিষ্পত্তির একটি বিবরণ ভূমি সংস্কার বোর্ডে নিয়মিত ভাবে প্রদান করিবেন ঃ

| গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্তি | আবেদনের মোট সংখ্যা | জড়িত জমির পরিমাণ | আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা | জড়িত জমির পরিমাণ | মাসের শেষ কার্য দিবসে বকেয়া | জড়িত জমির পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

...................... মাসের অকৃষি খাস জমির বন্দোবস্ত কেস নিষ্পত্তির বিবরণ

রাষ্ট্রপতির আদেশ ক্রমে

স্বা/- (এ,এইচ,এম , আবদুল হাই)

সচিব।

স্মারক নং ভূঃমঃ/শা-৮/খাজব/৪৬/৮৪/৬৮৬/১(৭৭)

তারিখ ২৩/৫/১৪০২ বাং
৭/৯/৯৫ খ্রীঃ ।

বিতরণ ঃ-

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা ।

২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল, ঢাকা ।

৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা ।

৫। বিভাগীয় কমিশনার (সকল).................................... ।

৬। জেলা প্রশাসক (সকল) .................................... ।

স্বা/- (মোঃ আলী আকবর )

সহকারী সচিব ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৮

নং-ভূঃমঃ/শা-৮/খাজনা/৪৬/৮০/ ৬৩৯ (৮০) তারিখ ঃ ২৭-৬-১৪০৩ বাং
১২-১০-৯৬ খ্রীঃ।

প্রেরক ঃ মোঃ সোলায়মান খান,
উপ-সচিব।

প্রাপক ঃ ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড।
২। বিভাগীয় কমিশনার,......................।
৩। জেলা প্রশাসক ..............................।

বিষয় ঃ অকৃষি খাসজমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ে আদেশক্রমে জানানো যাইতেছে যে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এখন হইতে অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদানের সকল প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে। তবে এই আদেশ তিনটি পার্বত্য জেলার জন্য প্রযোজ্য হইবে না।

স্বা/- (মোঃ সোলায়মান খান)
উপ-সচিব।

সং-ভূঃমঃ/শা-৮/খাজনা/৪৬/৮০/ ৬৩৯ (৮০) তারিখ ঃ ২৭-৬-১৪০৩ বাং
১২-১০-৯৬ খ্রীঃ।

অনুলিপি অবগতির জন্য ঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মূখ্য-সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।
৪। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫। পরিচালক, আদর্শগ্রাম প্রকল্প, নীলক্ষেত, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
৭। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
৮। গার্ড ফাইল।

স্বা/- (মোঃ সোলায়মান খান)
উপ-সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৮**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৩রা বৈশাখ, ১৪০৪/১৬ইং এপ্রিল ১৯৯৭

নং ভূঃমঃ/শা-৮/খাজব/৪৬/২৬১-কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্তের বিষয়ে সরকার নিম্নে বর্ণিত নীতিমালা প্রণয়ন করিয়াছেন। এতদ্বারা অনুমোদিত নীতিমালা সকলের অবগতির জন্য জারী করা হইল। গেজেট প্রকাশনার তারিখ হইতে এই নীতিমালা কার্যকর বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সৈয়দ মারগুব-মোর্শেদ
সচিব।

স্মারক নং-ভূঃমঃ/শা-৮/খাজব/৪৬/৮৪/২৬০, তারিখ ৩-১-১৪০৪বাং/১৬-৪-১৯৯৭খ্রীঃ

বিষয় ঃ কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা।

১.০ ভূমিকা ঃ

১.১ ভূমি মন্ত্রণালয়ের ব্যবস্থাপনাধীন কৃষি ও অকৃষি এই দুই প্রকারের সরকারী খাসজমি আছে। অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত সংক্রান্ত একটি নীতিমালা বিগত ৮ই মার্চ ১৯৯৫ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট-এর মাধ্যমে জারী করা হইয়াছে। বর্তমানে এই নীতিমালা অনুযায়ী অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করা হইতেছে। অপরদিকে দেশের প্রতিটি জেলায়ই কম-বেশি কৃষি খাসজমি রহিয়াছে। ১৯৭২ সাল হইতেই সরকারের ভূমি সংস্কার কর্মসূচী অনুযায়ী কৃষি খাসজমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হইয়া আসিতেছিল। ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বিতরণের বিষয়ে সর্বশেষ ১৯৮৭ সালের ০১লা জুলাই তারিখে একটি নীতিমালা জারী করা হইয়াছিল। এই নীতিমালায় কৃষি খাসজমি কেবলমাত্র ভূমিহীনদের মধ্যেই বিতরণের বিধান রাখা হয়। এই নীতিমালার আওতায় ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বিতরণের কার্যক্রম বহুপূর্বেই সম্পন্ন করার কথা ছিল। কিন্তু ইহা একটি ব্যাপক ও জটিল কার্যক্রম বিধায় সরকার ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টন কর্মসূচী অব্যাহত রাখার লক্ষ্যে উহার সময়সীমা বৃদ্ধি করেন।

১.২ এইদিকে খাসজমি বন্টনের ক্ষেত্রে কোথাও কোথাও অনিয়ম সংগঠিত হওয়ার সংবাদ পাওয়া গিয়াছে। তাহাছাড়া বিভিন্ন সময়ে কৃষি খাসজমি বন্টনের ফলে সর্বত্রই বন্দোবস্তযোগ্য জমির পরিমাণ কমিয়া গিয়াছে। অপরদিকে জনসংখ্যা ক্রমবৃদ্ধির ফলে ভূমিহীনদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে। ফলে বন্দোবস্ত পাওয়ার যোগ্য ভূমিহীনদের সংখ্যার তুলনার বন্দোবস্ত-যোগ্য কৃষি খাসজমির অপ্রতুলতা তীব্রভাবে অনুভূত হয়। ইহার ফলে কৃষি খাসজমি বন্টনের

ক্ষেত্রে নানা প্রকার জটিলতার উদ্ভব হইতেছে বলিয়া সারাদেশ হইতে বিভিন্ন মাধ্যমে সংবাদ পাওয়া যায়। তাই প্রকৃত ভূমিহীনদের মধ্যে বন্দোবস্তযোগ্য কৃষি খাসজমি সুষমভাবে বন্টনের লক্ষ্যে এবং অধিক সংখ্যক ব্যক্তি/পরিবারকে জমি প্রদানের লক্ষ্যে একটি সুষ্ঠু ও গণমুখী নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা তীব্রভাবে অনুভূত হয়। সেই কারণে বর্তমান সরকার বিগত ১৩-৮-১৯৯৬ খ্রীঃ তারিখে জারীকৃত এক আদেশের মাধ্যমে কৃষি খাসজমি বন্টন স্থগিত রাখেন।

১.৩ সময়ের বিবর্তনে এবং জনসাধারণের আর্থসামাজিক অবস্থার পরিবর্তনের ফলে উদ্ভূত পরিস্থিতিতে ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টনের একটি সুষ্ঠু ও গণমুখী নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন। এই নীতিমালার আওতায় রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি-এই তিনটি পার্বত্য জেলা ব্যতীত বাকী ৬১টি জেলার বন্দোবস্তযোগ্য সকল কৃষি খাসজমি ভূমিহীনদের মধ্যে বন্টন করিতে হইবে।

২.০ (ক) এই নীতিমালা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

(খ) এই নীতিমালা জারীর পর হইতে ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টন সংক্রান্ত ইতিপূর্বে জারীকৃত সকল আদেশ, পরিপত্র, স্মারক, নীতিমালার কার্যকারিতা বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(গ) এই নীতিমালার জারীর পূর্বে প্রচলিত নিয়মনীতি মোতাবেক খাস কৃষি জমির যে সকল বন্দোবস্ত দেওয়া হইয়াছে, ঐ সকল বন্দোবস্ত বহাল থাকিবে। তাহাছাড়া পূর্বের নীতিমালার আওতায় যে সকল বন্দোবস্ত কেস জেলা প্রশাসক কর্তৃক ১৩-৮-৯৬ খ্রীঃ তারিখের পূর্বে চূড়ান্তভাবে অনুমোদিত হইয়াছে কিন্তু কবুলিয়ত রেজিষ্ট্রি করা হয় নাই; সেই সকল কেসও বহাল থাকিবে এবং কবুলিয়ত সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে।

৩.০ ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টন কার্যক্রম সম্পর্কে নীতিনির্ধারণী কার্যক্রম সম্পাদনের উদ্দেশ্যে সময়ে সময়ে তদারকির জন্য একটি জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটি, জেলা পর্যায়ে একটি জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি এবং উক্ত কার্যক্রম বাস্তাবায়নের জন্য থানা পর্যায়ে কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিট গঠন করা হইল। এই সকল কমিটির গঠন ও কার্যপরিধি/দায়িত্ব নিম্নরূপঃ

(ক) জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির গঠন ঃ-

<u>সভাপতি</u>

(১) মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়

<u>সদস্যবৃন্দ</u>

(২-৭) ৬ বিভাগ হইতে ৬ জন সংসদ সদস্য (মাননীয় প্রধানমন্ত্রীর সহিত আলোচনাক্রমে মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)

(৮) সচিব, ভূমি মন্ত্রণালয়
(৯) সচিব, কৃষি মন্ত্রণালয়
(১০) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(১১) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(১২) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
(১৩) চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড
(১৪) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
(১৫-২০) ৬টি বিভাগের ৬জন বিভাগীয় কমিশনার
(২১) বেসরকারী সংস্থা এডাব এর চেয়ারম্যান বা তাহার ১জন প্রতিনিধি
(২২-২৩) জাতীয় পর্যায়ের কৃষক সংগঠনের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিক্রমে মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি।

সদস্য-সচিব

(২৪) যুগ্ম-সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়

(খ) জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির কার্যপরিধিঃ
(১) এই কমিটি দেশব্যাপী কৃষি খাসজমি বরাদ্দ সম্পর্কে নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ করিবেন।
(২) এই কমিটি দেশব্যাপী কৃষি খাসজমি বরাদ্দ ও ব্যবস্থাপনার অগ্রগতি মূল্যায়ন করিবেন।
(৩) কৃষি খাসজমি চিহ্নিত ও বরাদ্দ সংক্রান্ত বিভিন্ন অঞ্চলে উদ্ভূত সমস্যা সমাধানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।
(৪) এই কমিটি প্রতি তিন মাসে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হইবেন।

৪.০ (ক) জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির গঠন :

আহ্বায়ক

(১) জেলা প্রশাসক

সদস্যবৃন্দ

(২) পুলিশ সুপার
(৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
(৪) সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা
(৫) জেলা কৃষি কর্মকর্তা
(৬) জেলা কৃষক সংগঠনের দুইজন প্রতিনিধি (ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)
(৭) জেলা কৃষক সমবায় সংগঠনের একজন প্রতিনিধি (ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)
(৮) ভূমি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বেসরকারী সংস্থা এডাব এর একজন প্রতিনিধি কিংবা সংশ্লিষ্ট জেলার কর্মরত যে কোন বেসরকারী সংস্থার একজন প্রতিনিধি
(৯) জেলা মুক্তিযোদ্ধার সংগঠনের একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি (মাননীয় মন্ত্রী কর্তৃক মনোনীত)

সদস্য-সচিব

(১০) রেভিনিউ ডেপুটি ক্যালেক্টর

ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী কর্তৃক মনোনীত একজন সংসদ সদস্য এই কমিটির উপদেষ্টা থাকিবেন। তাহাছাড়া জেলা কমিটির প্রয়োজনে সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানকে উক্ত কমিটিতে কো-অপ্ট করা যাইবে।

(খ) জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির কার্যপরিধি ঃ

(১) জেলা কৃষি খাসজমির বরাদ্দ কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে উহার বিধিমালা প্রচার।

(২) থানা কৃষি খাসজমি বরাদ্দ কর্মসূচী অনুযায়ী ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টনের প্রস্তাব অনুমোদন ও থানা কমিটির কার্যক্রম পর্যালোচনা ও তদারকী।

(৩) ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি সংক্রান্ত অনিয়ম সম্পর্কে সরেজমিনে তদন্তক্রমে বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

(৪) কমিট প্রতিমাসে একবার বৈঠকে মিলিত হইবেন এবং জেলার ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্দোবস্ত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে প্রতিমাসে ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করিবেন।

৫.০ (ক) থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির গঠন ঃ

**চেয়ারম্যান**

(১) থানা নির্বাহী কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

(২) থানা কৃষি কর্মকর্তা

(৩) ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা

(৪) থানা সমবায় কর্মকর্তা

(৫) বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জ অফিসার

(৬) ইউ, পি, চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়নের জন্য)

(৭) বিত্তহীন সমবায় সমিতির ১জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

(৮) থানা কৃষক সংগঠনের একজন প্রতিনিধি (ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)

(৯) স্থানীয় সৎ, নিষ্ঠাবান ও জনহিতকর কার্যে নিয়োজিত একজন গণ্যমান্য ব্যক্তি (জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সংসদ সদস্যদের সহিত পরামর্শক্রমে মনোনয়ন দিবেন)।

(১০) এডাব বা এডাব কর্তৃক সুপারিশকৃত স্থানীয় এনজিও প্রতিনিধি একজন

(১১) স্থানীয় কলেজ কিংবা হাইস্কুলের প্রধান একজন (জেলা প্রশাসক সংশ্লিষ্ট সংসদ সদস্যদের সহিত পরামর্শক্রমে মনোনয়ন দিবেন)।

(১২) থানা মুক্তিযোদ্ধা সংগঠনের একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি (ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)।

**সদস্য-সচিব**

(১৩) সহকারী কমিশনার (ভূমি)

তাহাছাড়া সংশ্লিষ্ট সংসদ সদস্য ও ভবিষ্যতে থানা পরিষদের চেয়ারম্যান নির্বাচন হইলে নির্বাচিত চেয়ারম্যান উক্ত কমিটির উপদেষ্টা থাকিবেন। এখানে আরেকটি বিষয় উল্লেখ্য যে, একাধিক থানা নিয়া গঠিত প্রশাসনিক ইউনিটের ক্ষেত্রে প্রতিটি থানার উপরোক্ত মতে পৃথক পৃথক কমিটি গঠিত হইবে।

তবে এই ক্ষেত্রে অফিসিয়াল সদস্যগণ একই থাকিবেন, কেবলমাত্র ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা এবং বেসরকারী ও মনোনীত সদস্যগণ সংশ্লিষ্ট থানার আওতাধীন হইতে হইবে।

(খ) থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির কার্যপরিধি ঃ

(১) থানার আওতাধীন এলাকার কৃষি খাসজমি চিহ্নিতকরণ ও উদ্ধারকরণ।

(২) উদ্ধারকৃত কৃষি খাসজমিকে নীতিমালা অনুযায়ী বন্দোবস্ত প্রদানের সুবিধার্থে প্লটে বিভক্তিকরণ।

(৩) সরকারের কৃষি খাসজমি বরাদ্দ কর্মসূচী সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ।

(৪) ভূমিহীনদের নিকট হইতে দরখাস্ত আহবান এবং সহকারী কমিশনার (ভূমি) এর মাধ্যমে দরখাস্ত গ্রহণ।

(৫) প্রাপ্ত দরখাস্ত বাছাই এবং নীতিমালা অনুযায়ী ভূমিহীনদের অগ্রাধিকার তালিকা প্রণয়ন।

(৬) নির্বাচিত ভূমিহীনদের জন্য খাস প্লট বরাদ্দ দেওয়া সম্পর্কে সুপারিশ প্রদান।

(৭) বন্দোবস্তপ্রাপ্ত ভূমিহীনকে দখল প্রদান নিশ্চিতকরণ।

(৮) বন্দোবস্তগ্রহীতা প্রাপ্ত জমি যথাযথভাবে ব্যবহার করিতেছে কিনা, কেহ বন্দোবস্ত শর্তাবলী সঠিকভাবে প্রতিপালন করিতেছে কিনা সেই সম্পর্কে তদারকী ও শর্তভংগ করিলে জেলা প্রশাসকের নিকট বিধিভংগ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা।

৬.০ ভূমিহীন বাছাই প্রক্রিয়া ঃ

(ক) ভূমিহীনগণ থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সদস্য-সচিব ও সহকারী কমিশনার (ভূমি) এর নিকট সরকার কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত দাখিল করিবেন।

(খ) সদস্য-সচিব প্রাপ্ত দরখাস্তগুলি ইউনিয়ন-ওয়ারী বাছাই করিবেন।

(গ) প্রাপ্ত দরখাস্তসহ থানা কমিটি প্রতিটি ইউনিয়নে বৈঠকে মিলিত হইবেন। এই সময় আবেদনকারীদেরকে কমিটির সামনে হাজির করিয়া জিজ্ঞাসাবাদ ও পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে প্রাথমিক বাছাই করিবেন।

(ঘ) প্রাথমিক বাছাই এর পর থানা কমিটি প্রয়োজনে সরেজমিনে তদন্তক্রমে আবেদনকারীর আবেদনের বিষয়ে সঠিকতা যাচাই করিবেন এবং এইভাবে চূড়ান্ত-ভাবে প্রকৃত ভূমিহীন পরিবার বাছাই করিবেন।

(ঙ) আবেদনকারীকে সহজে বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা করার সুবিধার্থে আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট ওয়ার্ডের মেম্বার/চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত ২ কপি ফটো জমা দিতে হইবে এবং আবেদপত্রে তাহার স্থায়ী ও বর্তমান ঠিকানা সঠিকভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

(চ) আবেদনের সহিত স্থানীয় ইউ, পি, চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট জমা দিতে হইবে।

(ছ) একান্নভুক্ত একই পরিবারের একাধিক সদস্যকে জমি দেওয়া যাইবেনা।

(জ) জমি স্বামী-স্ত্রী দুইজনের যৌথ নামে প্রদান করা হইবে।

(ঝ) কোন পরিবারকে জমির প্রাপ্যতা সাপেক্ষ সর্বোচ্চ ১.০ (এক) একর জমি দেওয়া যাইবে।

৭.০ বরাদ্দকৃত কৃষি খাসজমি উত্তরাধিকার সূত্র ব্যতীত অন্য কোনভাবে কাহারো নিকট হস্তান্তর করা যাইবেনা। কেহ এইরূপ করিলে সংশ্লিষ্ট জমি সরকারের খাসজমিতে পরিণত হইবে।

৮.০ ভূমিহীনদের মধ্যে খাস কৃষি জমি বন্টনের বিষয়ে থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক সংঘটিত কোন অনিয়মের বিরুদ্ধে জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির নিকট অভিযোগ করিতে হইবে। জেলা কমিটি প্রাপ্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তক্রমে কোন অনিয়মের প্রমাণ পাইলে সংশ্লিষ্ট বন্দোবস্ত কেস বাতিল করিবেন এবং এই বিষয়ে দায়ী কর্মকর্তা/ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশসহ একটি প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ের নিকট পেশ করিবেন।

৯.০ কৃষি খাসজমির সংজ্ঞা ঃ

বাংলাদেশ গেজেটের মাধ্যমে ৮ই মার্চ/১৯৯৫ খ্রীঃ তারিখে জারীকৃত অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার আওতায় সংজ্ঞায়িত অকৃষি খাসজমি বাদে অন্যান্য সকল খাস জমি কৃষি খাসজমি হিসাবে গণ্য হইবে। অর্থাৎ দেশের সকল মেট্রোপলিটন এলাকা, সকল পৌর এলাকা এবং সকল থানা সদর এলাকাভুক্ত সকল প্রকার জমি ব্যতীত ইহার বাহিরে অবস্থিত কৃষিযোগ্য সকল খাসজমিই কৃষি খাসজমি হিসাবে বিবেচিত হইবে।

১০.০ ভূমিহীন পরিবার ঃ

(ক) যে পরিবারের বসতবাড়ী ও কৃষি জমি কিছুই নাই, কিন্তু পরিবারটি কৃষি নির্ভর।

১১.০ ভূমিহীন পরিবারের অগ্রাধিকার তালিকা ঃ

(ক) দুঃস্থ মুক্তিযোদ্ধা পরিবার।

(খ) নদী ভাংগা পরিবার (যাহার সকল জমি ভাংগিয়া গিয়াছে)।

(গ) সক্ষম পুত্রসহ বিধবা বা স্বামী পরিত্যক্তা পরিবার।

(ঘ) কৃষি জমি ও বাস্তুভিটাহীন পরিবার।

(ঙ) অধিগ্রহণের ফলে ভূমিহীন হইয়া পড়িয়াছে এমন পরিবার

১২.০ (ক) এই নীতিমালা জারীর এক মাসের মধ্যে জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটি গঠন করিতে হইবে। ভূমি মন্ত্রণালয় এই কার্যক্রম গ্রহণ করিবেন।

(খ) এই নীতিমালা জারীর এক মাসের মধ্যে জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি গঠন করিতে হইবে। এই ব্যাপারে জেলা প্রশাসক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন।

(গ) এই নীতিমালা জারীর এক মাসের মধ্যে থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি গঠন করিতে হইবে। এই ব্যাপারে থানা নির্বাহী কর্মকর্তা ও সহকারী কমিশনার (ভূমি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৩.০ (ক) কমিটি গঠিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে থানা কমিটি সংশ্লিষ্ট থানার বন্দোবস্তযোগ্য কৃষি খাসজমি চিহ্নিত করিবেন এবং উহার প্রাথমিক তালিকা প্রকাশ করিবেন এবং এই মর্মে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করিবেন।

(খ) প্রাথমিক তালিকায় প্রকাশিত কোন জমি সম্পর্কে কাহারও কোন আপত্তি থাকিলে তালিকা প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লিখিতভাবে থানা কমিটির নিকট আপত্তি পেশ করিতে হইবে। থানা কমিটি পরবর্তী ১৫ দিনের মধ্যে সকল আপত্তি সম্পর্কে শুনানী গ্রহণ করিবেন এবং কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষাক্রমে সিদ্ধান্ত প্রদান করিবেন এবং চূড়ান্ত তালিকা প্রকাশ করিবেন।

(গ) থানা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সিদ্ধান্ত প্রদানের ১৫ দিনের মধ্যে জেলা কমিটির নিকট আপীল করা যাইবে। জেলা কমিটি পরবর্তী ১৫ দিনের মধ্যে আপীল সম্পর্কে শুনানী গ্রহণ করিবেন এবং কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(ঘ) জেলা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সিদ্ধান্ত প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় নির্বাহী কমিটির নিকট আপীল করা যাইবে। জাতীয় নির্বাহী কমিটি পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল সম্পর্কে শুনানী গ্রহণ করিবেন এবং কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষাক্রমে সিদ্ধান্ত প্রদান করিবেন। জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪.০ থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি বন্দোবস্তযোগ্য কৃষি খাসজমি চিহ্নিতকরণ ও চূড়ান্ত তালিকা প্রকাশের এক মাসের মধ্যে বন্দোবস্ত প্রার্থী ভূমিহীনদের নিকট হইতে আবেদনপত্র গ্রহণ করিবেন।

১৫.০ আবেদনপত্র প্রাপ্তির এক মাসের মধ্যে থানা কমিটি প্রকৃত ভূমিহীন বাছাই কার্যক্রম সম্পন্ন করিবেন এবং বাছাইকৃতদের নামে জমি বরাদ্দের পরিমাণ নির্ধারণ করিবেন।

১৬.০ থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক ভূমিহীন বাছাই ও জমি বরাদ্দের পরিমাণ নির্ধারণ করার ২১ (একুশ) দিনের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) বন্দোবস্ত কেস রেকর্ড সৃজনপূর্বক প্রস্তাব থানা নির্বাহী কর্মকর্তার নিকট পেশ করিবেন।

১৭.০ থানা নির্বাহী কর্মকর্তা প্রস্তাব পাওয়ার ২১ (একুশ) দিনের মধ্যে উহা জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন।

১৮.০ জেলা প্রশাসক প্রস্তাব পাওয়ার পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা জেলা কমিটিতে পেশ করিবেন এবং জেলা কমিটির সিদ্ধান্তক্রমে প্রস্তাব অনুমোদন করতঃ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর নিকট ফেরৎ পাঠাইবেন।

১৯.০ অনুমোদিত প্রস্তাব ফেরৎ পাওয়ার পর সহকারী কমিশনার (ভূমি) অবশ্যই ১৫ (পনের) দিনের মধ্যে এক টাকা সেলামীর বিনিময়ে বন্দোবস্ত প্রাপকের অনুকূলে কবুলিয়ত সম্পাদন করিয়া দিবেন এবং বন্দোবস্ত প্রাপকের নামে খতিয়ান খুলিয়া দিবেন।

২০.০ কবুলিয়ত সম্পাদনের ১৫ দিনের মধ্যে থানা কমিটি বন্দোবস্ত প্রাপকের অনুকূলে বন্দোবস্ত-কৃত জমির দখল বুঝাইয়া দিবেন।

২১.০ কোন মৌজার কৃষি খাসজমি সংশ্লিষ্ট মৌজার ভূমিহীন প্রার্থীদের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ প্রদান করিতে হইবে। ঐ মৌজার প্রার্থীদের মধ্যে বরাদ্দ প্রদানের পর আরও জমি থাকিলে পার্শ্ববর্তী মৌজার ভূমিহীনদের মধ্যে বরাদ্দ দেওয়া যাইবে এবং এই ব্যাপারে জেলা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

২২.০ ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টনের বিষয়ে থানার বড় বড় হাট-বাজারে লোক সমাগমের দিনে মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা করিতে হইবে। থানা নির্বাহী অফিসার এই ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন।

২৩.০ থানা পর্যায়ের সকল সরকারী/আধা সরকারী ও বেসরকারী অফিস এবং ইউনিয়ন পরিষদ এর নোটিশ বোর্ডে ভূমিহীনদের মধ্যে কৃষি খাসজমি বন্টনের বিষয়ে নোটিশ টানাইতে হইবে।

২৪.০ প্রকৃত ভূমিহীন বাছাইয়ের বিষয়ে থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সকল সিদ্ধান্ত সর্বসম্মত হওয়া বাঞ্ছনীয়। তবে কোন ক্ষেত্রে দ্বি-মত দেখা দিলে সভাপতি বাদে উপস্থিত সকল অফিসিয়াল ও নন-অফিসিয়াল সদস্যদের প্রত্যক্ষ সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে। উভয়পক্ষে সমান সংখ্যক ভোট পড়িলে সভাপতি নির্ণায়ক (কাষ্টিং) ভোট দিবেন।

২৫.০ ভূমিহীনদের নির্বাচন এবং তালিকা প্রণয়নের বিষয়ে সার্বিক সতর্কতা ও কঠোর নিরপেক্ষতা অবলম্বন করিতে হইবে।

২৬.০ বনভূমি হিসাবে নোটিফিকেশনকৃত খাস কৃষি জমি এবং চিংড়ী ও লবণ চাষোপযোগী খাসজমি এই নীতিমালার আওতায় বন্দোবস্ত দেওয়া যাইবে না।

২৭.০ নদী পয়স্তি জমি বা চর ভূমির ক্ষেত্রে দিয়ারা জরিপ না হওয়া পর্যন্ত এই নীতিমালার আওতায় বন্দোবস্ত দেওয়া যাইবে না। দিযারা জরিপ না হওয়া পর্যন্ত এই সকল জমি ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েলের বিধান অনুযায়ী ডি, সি, আর এর ভিত্তিতে একসনা ইজারা দেওয়া যাইবে। তবে এই ক্ষেত্রেও সংশ্লিষ্ট এলাকার ভূমিহীন কৃষকদেরকে দিতে হইবে।

২৮.০ আদর্শ গ্রাম প্রতিষ্ঠার জন্য নির্বাচিত খাস কৃষি জমি এই নীতিমালার আওতায় বন্দোবস্ত দেওয়া যাইবে না। বর্তমানে আদর্শ গ্রাম সৃজনের জন্য অনুসৃত নীতিমালা/বিধি মোতাবেক অনুরূপ জমিতে আদর্শ গ্রাম সৃজন/প্রতিষ্ঠা করা হইবে।

২৯.০ কৃষি খাসজমি বন্দোবস্ত পাওয়ার জন্য কোন ভূমিহীন প্রার্থী আবেদনপত্রে কোন ভুল তথ্য উপস্থাপন করিলে কিংবা কোন তথ্য গোপন করিলে তাহাদের আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে এবং প্রয়োজনে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩০.০ বন্দোবস্ত প্রাপ্তির পর কোন বন্দোবস্ত গ্রহীতা ভূমি সংক্রান্ত সরকারের কোন আইন/অধ্যাদেশ বা আদেশ লংঘন করিলে তাহার বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং জেলা ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে থানা ব্যবস্থাপনা কমিটি বন্দোবস্তকৃত জমি পুনরায় খাস হিসাবে পুনঃগ্রহণ করতঃ খাস খতিয়ানে সংরক্ষণ করিবেন।

৩১.০ এই নীতিমালার আওতায় ভূমিহীনদের মধ্যে খাস কৃষি জমি বন্দোবস্তের ক্ষেত্রে কোথাও কোন বড় ধরণের সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বিষয়টি জাতীয় নিবর্হী কমিটির সদস্য-সচিবের নিকট লিখিত আকারে উপস্থাপন করিবেন। সদস্য-সচিব বিষয়টি কমিটির সভায় পেশ করিবেন এবং এই ব্যাপারে জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩২.০ সকল কমিটির সভায় সংশ্লিষ্ট কমিটর অন্ততঃ ১/৩ ভাগ সদস্য উপস্থিত থাকিলেই সভায় কোরাম হইয়াছে বলিয়া বিবেচিত হইবে। কোন সদস্য পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকিলে তাহার সদস্য পদ বাতিল বা প্রত্যাহারের জন্য সংশ্লিষ্ট নিয়োগ/মনোনয়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

৩৩.০ কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত সংক্রান্ত গঠিত কমিটিগুলো সর্বদা পারস্পরিক সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধাশীল হইবেন।

৩৪.০ জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটি প্রয়োজনে জনস্বার্থে এই নীতিমালার যে কোন ধারা/উপ-ধারা সংংশোধন কিংবা পরিবর্তন করিতে পারিবেন।

## খাসজমি জমি বন্দোবস্ত পাওয়ার দরখাস্ত

### ১২ই মে, ১৯৯৭ খ্রীঃ তারিখের গেজেটে প্রকাশিত নীতিমালা মোতাবেক)

১। (ক) দরখাস্তকারী কোন শ্রেণীর ভূমিহীন (প্রযোজ্য ক্ষেত্র / ক্ষেত্রসমূহ চিহ্ন দিন) ঃ

১) দুঃস্থ মুক্তিযোদ্ধা পরিবার,
২) নদী ভাঙ্গা পরিবার,
৩) সক্ষম পুত্রসহ বিধবা বা স্বামী পরিত্যক্তা পরিবার,
৪) কৃষি জমি নাই ও বাস্তুভিটিহীন পরিবার,
৫) অনধিক ০.১০ একর বসতবাটি আছে কিন্তু জমি নাই এমন কৃষিনির্ভর পরিবার,
৬) অধিগ্রহণের ফলে ভূমিহীন হইয়া পড়িয়াছে এমন পরিবার।

(খ) ভূমিহীন শ্রেণীর স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্র ঃ

১) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র ;
২) ইউনিয়ন চেয়ারম্যান / পৌরচেয়ারম্যান / ওয়ার্ড কমিশনারের সনদপত্র ;
৩) অন্যান্য।

২। দরখাস্তকারীর পরিবার প্রধানের নাম ঃ বয়স ঃ

৩। দরখাস্তকারীর পিতার নাম / স্বামীর নাম ঃ জীবিত/মৃত

৪। দরখাস্তকারীর জন্মস্থান / ঠিকানা ঃ গ্রাম
ইউনিয়ন
উপজেলা
জেলা

৫। পরিবার প্রধানের স্ত্রী / স্বামীর নাম ঃ বয়স ঃ

৬। দরখাস্তকারীর পরিবারের সদস্যদের নাম ঃ

| ক্রমিক নং | নাম | বয়স | সম্পর্ক | কি করেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

৭। দরখাস্তকারীর নিজের বসতবাটির বিবরণ ঃ

৮। নিজস্ব বসতবাটি না থাকিলে পরিবার যেখানে বাস করে, ঃ

উহার বিবরণ (বর্তমান ঠিকানা)

৯। দরখাস্তকারী অথবা তাহার পিতা/মাতা পূর্বে কোন খাস কৃষি জমি পাইয়া থাকিলে উহার বিররণ। ঃ

১০। খাসজমির জন্য কোন জায়গায় দরখাস্ত দাখিল করিলে উহার বিররণ। ঃ

১১। নদী ভাঙ্গা পরিবার হইলে কবে কোথায় কিভাবে নদী ভাঙ্গিয়াছিল এবং সেই জায়গার কোন দলিল দস্তাবেজ থাকিলে উহার বিবরণ (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করিতে হইবে)। ঃ

১২। পরিবারের কেহ শহীদ বা পঙ্গু মুক্তিযোদ্ধা হইলে তাহার বিস্তারিত পরিচয় ও শহীদ কিংবা পঙ্গু হইবার বিবরণ ও প্রমাণ (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করিতে হইবে)। ঃ

১৩। দরখাস্তকারীর দখলে কোন খাসজমি-জায়গা থাকিলে উহার বিবরণ। কবে হইতে কিভাবে দখলে আছেন এবং জমির বর্তমান অবস্থা কি তাহা জানাইতে হইবে। (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করিতে হইবে)। ঃ

১৪। দরখাস্তকারী কোন বিশেষ খাসজমি পাইতে চাহিলে তাহার কারণ ও বিবরণ। ঃ

১৫। প্রার্থিত জায়গা বন্দোবস্ত দেওয়া সম্ভব না হইলে অন্য কোন এলাকা হইতে জমি চাহেন। (ক্রমানুসারে ২/৩টি মৌজার নাম উল্লেখ করিতে হইবে)। ঃ

১৬। দরখাস্তকারীর সম্পর্কে ভাল জানেন এমন দুই জন গণ্যমান্য লোকের নাম ও ঠিকানা। ঃ

## শপথনামা

আমি -------------------- পিতা/স্বামী ------------------------------ শপথ করিয়া বলিতেছি যে, আমার সম্পর্কে উপরোক্ত বিররণ আমি পড়িয়াছি অথবা আমাকে পড়িয়া শুনানো হইয়াছে। প্রদত্ত বিররণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। উক্ত বিবরণের কোন অংশ ভবিষ্যতে যে কোন সময়ে মিথ্যা প্রমাণিত হইলে আমাকে প্রদত্ত বন্দোবস্তকৃত জমি বিনা ওজরে সরকারের বরাবরে বাজেয়াপ্ত হইবে এবং আমি বা আমার ওয়ারিশগণ উহার বিরুদ্ধে কোন প্রকার আইনতঃ দাবী-দাওয়া করিতে পারিবে না, করিলেও কোন আদালতে গ্রহণযোগ্য হইবে না। আমি শপথপূর্বক আরও বলিতেছি যে, আমার এবং আমার স্ত্রীর নামে খাসজমি বন্দোবস্ত দেওয়া হইলে উহা আমরা নিজে চাষাবাদ করিব, বর্গাদার

দিয়া কোনভাবে চাষ করিব না এবং হস্তান্তর করিব না, আমি দরখাস্তের সকল মর্ম জানিয়া শুনিয়া এবং বুঝিয়া সুস্থ জ্ঞানে সই করিলাম / টিপসই দিলাম।

দরখাস্তকারীর সই / টিপসই।

সনাক্তকারীর সই / টিপসই।

দরখাস্ত ফরম পূরণকারীর নাম ঃ

দরখাস্ত পূরণকারীর পিতা /স্বামীর নাম ঃ

পদবী ঃ

ঠিকানা ঃ

---

সংশ্লিষ্ট ভূমি রাজস্ব অফিস পূরণ করিবে

---

১। দরখাস্ত প্রাপ্তির তারিখ ঃ সময় ঃ

২। প্রাপ্তির ক্রমিক নং ঃ

৩। প্রদত্ত রসিদের ক্রমিক নং ঃ

---

ভূমি রাজস্ব অফিসের সহকারীর স্বাক্ষর ঃ

রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর ঃ

## ১ম কপি
## ভূমিহীন বন্দোবস্ত প্রাপকের জন্য

কবুলিয়ত ফরম নম্বর ঃ থানা ঃ
বন্দোবস্ত মামলা নম্বর ঃ তারিখ ঃ
জেলা প্রশাসকের পত্র সূত্র ঃ

বরাবর
জেলা প্রশাসক
............ জেলা

আমি ...................... পিতা .......................... সাং ....................................... মৌজা...................... থানা.......................... এবং আমার স্ত্রী...................... পিতা.............................. যৌথভাবে নিম্নতফসিল বর্ণিত .......................... একর...................... শতাংশ খাস কৃষি জমি বন্দোবস্ত গ্রহণ করিয়া নিম্নলিখিত শর্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাহাদুরের পক্ষে .......................... জেলার মাননীয় জেলা প্রশাসকের বরাবরে একক ও দ্বৈত দায়িত্ব লইয়া এই কবুলিয়ত সম্পাদন করিতেছি ঃ

১। এই কবুলিয়ত প্রদানের তারিখ হইতে .................................. (...............) বৎসর অর্থাৎ ...................... বং.......................... খ্রীঃ তারিখ হইতে .......................... বং.......................... খ্রীঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

২। তফসিলভুক্ত যে জমি আমাদের বন্দোবস্ত দেওয়া হইল উহার মধ্যে আমরা স্বামী এবং স্ত্রী প্রত্যেকে জমির সমঅংশীদার হইব।

৩। প্রদত্ত জমির নির্ধারিত সালামী আমরা এক কিস্তিতে পরিশোধ করিয়াছি। আমরা প্রতি বৎসর ১৫ই ফাল্গুনের মধ্যে পরবর্তী বৎসরের জন্য আইন অনুযায়ী সময় সময় প্রচলিত খাজনা/ভূমি উন্নয়ন করসহ অন্যান্য সরকারী পাওনা তহশিল অফিসে পরিশোধ করিতে বাধ্য থাকিব। যদি আমরা উহা না করি, তাহা হইলে প্রাপ্য খাজনা ১৬ই ফাল্গুন তারিখে বকেয়ায় পরিণত হইবে। খাজনা সম্পূর্ণ অথবা আংশিকভাবে বকেয়ায় পরিণত হইলে উহা সরকারী প্রাপ্যরূপে আদায় হইবে এবং সরকারী প্রাপ্য আদায় বিষয়ক আইনানুসারে এই বকেয়ার জন্য সার্টিফিকেট জারী করা হইলে আমরা বকেয়াসহ উহার শতকরা ১৬.০০ টাকা হারে ১৬ই ফাল্গুন হইতে সার্টিফিকেট স্বাক্ষর করিবার তারিখ পর্যন্ত সুদ দিতে বাধ্য থাকিব। উপরোক্ত প্রাপ্য টাকা দুই বৎসর পর্যন্ত বকেয়া থাকিলে কিংবা পরিশোধ না করিলে এই বন্দোবস্ত বাতিল করা যাইবে।

৪। আমাদের জমির সীমানা পরিষ্কার করতঃ সেখানে নিজ খরচায় সীমানার চিহ্ন স্থাপন করিব এবং উহা মেরামত করিয়া রাখিব। সীমানা চিহ্ন মাটির টিপি দিয়া নির্মাণ করিব এবং উহার মধ্যে একটি কাঠের / বাঁশের খুঁটি পুতিয়া রাখিব।

৫। আমরা জেলা প্রশাসক মহোদয়ের লিখিত আদেশ গ্রহণ না করিয়া উক্ত সীমানার বহির্ভূত কোন জায়গা দখল করিব না বা কোন জমিতে চাষ করিব না ঐরূপ চাষ করিলে উৎপাদিত ফসল সরকারে বাজেয়াপ্ত হইবে এবং আমাদের বন্দোবস্ত বাতিল হইবে।

৬। আমরা জেলা প্রশাসক মহোদয়ের লিখিত অনুমতি ব্যতীত আমাদের জমি সংলগ্ন কোন খাল বা নালা ভরাট করিতে অথবা তাহাতে কোন বাঁধ দিতে অথবা উহা গতি পরিবর্তন বা রোধ করিতে অথবা অন্য কোন প্রকারে কোন প্রতিরোধ জন্মাইতে পারিব না।

৭। বন্দোবস্তকৃত জমির সংলগ্ন সরকারী রাস্তা মেরামতের জন্য যখনই আবশ্যক হইবে আমরা আমাদের জমি হইতে মাটি কাটিয়া লইতে অনুমতি দিব এবং কোন বাধা দিব না।

৮। চাষাবাদ ছাড়া আর কোন উদ্দেশ্যে এই জমি ব্যবহার করিতে পারিব না, তবে আমাদের নিজস্ব বসতবাটি না থাকিলে জেলা প্রশাসকের লিখিত অনুমতি লইয়া প্রাপ্ত জমির এক প্রান্তে সর্বাধিক ০.০৮ একর জমি বসতবাটি হিসাবে ব্যবহার করিতে পারিব।

৯। জেলা প্রশাসকের লিখিত অনুমতি ব্যতীত আমরা আমাদের জমিতে কোন খাদ খনন বা এমন কোনভাবে উহা ব্যবহার করিব না যাহাতে উক্ত জমি চাষের অযোগ্য হইয়া পড়ে অথবা উহার মূল্য বিশষভাবে হ্রাস পায়।

১০। বন্দোবস্তকৃত জমি বা উহার কোন অংশ যদি সর্বসাধারণের ব্যবহার্থে কোন উদ্দেশ্যে সরকারের খাস করিবার প্রয়োজন হয় তাহা হইলে আমরা উহাতে আপত্তি করিব না তবে এক্ষেত্রে খাস করা জমির খাজনা হারাহারি মতে কমিবে এবং আমরা সরকার নির্ধারিত উপযুক্ত ক্ষতিপূরণ পাইব।

১১। বন্দোবস্তপ্রাপ্ত জমি আমরা এবং আমাদের পরিবারের সদস্যরা নিজেরাই চাষাবাদ করিব এবং কোন অবস্থাতেই বর্গাদার দ্বারা চাষাবাদ করাইতে পারিব না।

১২। যদি ন্যায্য এবং উপযুক্ত কারণ ব্যতীত আমরা সমগ্র জমি বা উহার কোন অংশ একাধারে গোটা এক বছর আবাদ করিতে না পারি তাহা হইলে জেলা প্রশাসক মহোদয় উক্ত জমি খাস করিতে পারিবেন।

১৩। আমরা আমাদের জমির সমস্ত বা কোন অংশ বিক্রয়, দান বা অন্য কোন প্রকারে হস্তান্তর কিংবা বাটোয়ারা কিংবা লগিয়ত করিতে পারিব না। তবে জেলা প্রশাসকের অনুমতি লইয়া চাষাবাদের প্রয়োজনে এই জমি কোন ব্যাংক বা সমবায় সমিতির অথবা সরকারের নিকট বন্ধক রাখিতে পারিব।

১৪। আমি বা আমরা কোন সমবায় সমিতি, দলের সদস্য হিসাবে এই জমি পাইয়া থাকিলে, আমি এবং আমরা জমি পাওয়ার পরও সমিতি বা দলের প্রতি সমান অনুগত থাকিব এবং সকল

নিয়ম-কানুন মানিয়া চলিব। সমিতির নিয়ম-কানুন না মানিলে কিংবা সমিতি বা দল ত্যাগ করিলে এই বন্দোবস্ত বাতিল করা যাইবে।

১৫। আমরা যদি কোন সমবায় সমিতির সদস্য না হইয়া থাকি তাহা হইলে এই বন্দোবস্ত পাওয়ার ২(দুই) বৎসরের মধ্যে সমিতির সদস্যপদ গ্রহণ করিব।

১৬। এই বন্দোবস্ত পাওয়ার পর আমাদের স্বামী-স্ত্রীর মধ্যে যদি বিবাহ বিচ্ছেদ হয় কিংবা আমাদের কেহ যদি নারী নির্যাতন আইনে দোষী প্রমাণিত হয় তাহলে আমরা এই বন্দোবস্ত বাতিলসহ সরকারের সিদ্ধান্ত মানিয়া লইতে বাধ্য থাকিব।

১৭। বন্দোবস্ত জমির মালিকানাস্বত্ব ঐ জমির ভূগর্ভস্থিত সর্বপ্রকার খনিজ দ্রবাদির স্বত্ব, ঐ রূপ খনিজ দ্রব্যাদি খনন করিয়া উঠাইতে, সংগ্রহ করিতে বা স্থানান্তরিত করিতে যে পথস্বত্ব ও যুক্তিসংগত অপরাপর সুবিধা আবশ্যক হইবে তাহা সরকারের এখতিয়ারে থাকিবে এবং উহাতে আমাদের কোন আপত্তি বা অধিকার থাকিবে না।

১৮। বর্তমানে যে নিয়ামাবলী প্রচলিত আছে বা পরে যে সকল আইনাদি প্রণয়ন করা হইবে এবং যাহা এই কবুলিয়ত শর্তাদির প্রতিকূল নহে, সেই সকল নিয়ম-কানুন মানিয়া চলিতে বাধ্য থাকিব।

১৯। এই কবুলিয়তের শর্তাদি আমাদের উত্তরাধিকারী, অছি বা স্থলাভিষিক্ত ব্যক্তি প্রকৃতপক্ষে যাহারা এই জমি ভোগ দখল করিবে তাহাদের উপরও বাধ্যকর হইবে। তাহারা আমার বা আমাদের মৃত্যুর বা তাহাদের নিকট জমি হস্তান্তরিত হইবার তিন মাসের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) অফিসে নিজেদের নামজারী করিবে। যদি না করে তবে যতকাল উহা না করা হইবে তাহার প্রতি মাসের জন্য ১০.০০ (দশ) টাকা হারে অর্থদণ্ড হইতে পারিবে।

২০। আমরা পূনর্বার প্রতিজ্ঞা করিতেছি যে, আমাদের প্রদত্ত -------------------- তারিখের আবেদনের প্রতিটি বক্তব্য সত্য। যদি কোন সময় প্রকাশ পায় যে, দরখাস্তে বর্ণিত কোন বিবরণ অসত্য ছিল তবে বন্দোবস্তকৃত জমি সরকারে বাজেয়াপ্ত বলিয়া গণ্য হইবে।

২১। যদি আমরা উল্লেখিত শর্তাদির কোনটি ভঙ্গ করি তবে জেলা প্রশাসক মহোদয় এই বন্দোবস্ত রদ করিয়া জমি খাস করিতে পারিবেন এবং তজ্জন্য আমরা কোন ক্ষতিপুরণ দাবী করিতে বা কোন আদালতের আশ্রয় গ্রহণ করিতে পারিব না।

২২। আমরা এই কবুলিয়তের সমস্ত শর্ত প্রতিপালন করিলে এই জমির উপর আমাদের ওয়ারিশানদের উত্তরাধিকার থাকিবে এবং এই বন্দোবস্তের মেয়াদ অন্তে আমাদের উভয়ের অথবা আমাদের ওয়ারিশানদের নিকট যে কোন শর্তে ও ন্যায্য খাজনায় বন্দোবস্তের প্রস্তাব করা হয়, তাহা অঙ্গীকার করিয়া আমরা/তাহারা পরপর নতুন বন্দোবস্ত লইতে পারিব/পারিবে।

তফসিল পরিবার প্রধানের স্বাক্ষর / টিপসই।

মৌজা ঃ নাম ঃ

খতিয়ান ঃ স্ত্রী / স্বামীর স্বাক্ষর / টিপসই

দাগ ঃ নাম ঃ

জমির পরিমাণ ঃ সনাক্তকারীর স্বাক্ষর

নাম ঃ

ঠিকানা ঃ

জেলা প্রশাসকের কার্যালয়,

-------------------------------- জেলা।

ভূমি মন্ত্রণালয় কর্তৃক ৩রা বৈশাখ, ১৪০৪ / ১৬ই এপ্রিল, ১৯৯৭ খ্রীঃ তারিখে জারীকৃত নীতিমালার ১৯.০ অনুচ্ছেদের এর আলোকে আমি ------------------------- জেলা প্রশাসক, ------------------ --- জেলা, সরকারের পক্ষ হইতে উপরোক্ত কবুলিয়ত গ্রহণ করিলাম এবং জনাব ------------------ ------------ ও বেগম ------------------------- কে উপরোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি আগামী - ----------- (------------) বৎসরের জন্য অর্থাৎ আগামী ----------------- তারিখ পর্যন্ত সময়ের জন্য বন্দোবস্ত দিলাম।

স্বাক্ষর ঃ

নাম ঃ

তারিখ ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৮

নং-ভূম/শা-৮/খাজব/১৯০/৯৭/৭৫৪(৬৭) তারিখ ঃ ২০-৬-১৪০৪ বাং
৫-১০-৯৭ খ্রীঃ

প্রেরক ঃ দিলদার আহমদ,
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ বিভাগীয় কমিশনার ......................../জেলা প্রশাসক,........................।

বিষয় ঃ অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রসংগে।

সূত্র ঃ মন্ত্রণালয়ের স্মারক নং-ভূম/শা-৮/খাজব/১৯০/৯৭/৭৩৬(৬৪)
তারিখ ঃ ৩০-৯-৯৭ খ্রীঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে আদেশক্রমে জানান যাইতেছে যে, দেশের প্রতিটি ইউনিয়ন ও থানায় অবস্থিত সরকারী খাসজমিতে যথাক্রমে খেলার মাঠ, কবরস্থান, আদর্শগ্রাম ও আশ্রায়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ইতিপূর্বে যে সকল নির্দেশ প্রদান করা হইয়াছে সে সকল নির্দেশ মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে সম্ভাব্য ক্ষেত্রে খাসজমি সংরক্ষিত রাখিয়া অবশিষ্ট জমি নীতিমালা অনুযায়ী বন্দোবস্ত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল। উল্লেখ্য আশ্রায়ন প্রকল্পে আদর্শগ্রামের অনুরূপ জমির প্রয়োজন হইবে।

২. এই প্রসংগে, জেলা ও থানা কৃষি খাসজমি সংশ্লিষ্ট কমিটিকে বিষয়টি অবহিত করার জন্যও অনুরোধ করা হইল।

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৪**
**বিজ্ঞপ্তি**

তারিখ ঃ ১০ই ভাদ্র ১৪০৫ বাংলা
২৫শে আগষ্ট ১৯৯৮ ইং

স্মারক নং ভূঃ/মঃ/ শাখা-৪/কৃখাজব-১/৯৮-২৬৪-বিগত ১২ই মে, ১৯৯৭ ইং তারিখের গেজেটে প্রকাশিত কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত সংক্রান্ত নীতিমালার কতিপয় সংশোধনী আনয়নের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় উক্ত নীতিমালার ৩৪.০ অনুচ্ছেদ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ সংশোধন/সংযোজন/পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। নীতিমালা সংশোধন/সংযোজন/ পরিবর্তনকৃত অংশটকু সকলের অবগতির জন্য জারী করা হইল। ১৫-৭-৯৮ইং তারিখ হইতে ইহা কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(১) কৃষি খাসজমি ব্যবস্থপনা ও বন্দোবস্ত নীতিমালা / ৯৭-এর ২.০ অনুচ্ছেদের (গ) এর শেষে নিম্নরূপ সংযোজিত হইবে ঃ

"তবে ১৯৭২ ইং তারিখের পর বিধিবহির্ভূতভাবে যদি কোন কৃষি খাসজমি বন্দোবস্ত দেওয়া হইয়া থাকে, সেই বন্দোবস্ত কেস সুনির্দিষ্ট অভিযোগ ও উহার প্রমাণাদির ভিত্তিতে থানা কমিটি, জেলা কমিটির নিকট বাতিলের জন্য সুপারিশ করিতে পারিবে এবং জেলা কমিটি উক্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে"।

(২) উক্ত নীতিমালার ৩.০ অনুচ্ছেদে নিম্নরূপ সংযোজিত হইবে ঃ
"জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটিতে মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-কে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হইল"।

(৩) উক্ত নীতিমালা ৪.০ (ক) অনুচ্ছেদে নিম্নরূপ সংযোজিত হইবে ঃ
"জেলা কমিটিতে আলোচনার সময় সংশ্লিষ্ট থানা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ের সমাজকল্যাণ কমকর্তা সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হইবেন"।

(৪) উক্ত নীতিমালার ৫.০ অনুচ্ছেদে নিম্নরূপ সংযোজিত হইবেঃ
"থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটিতে থানা সমাজকল্যাণ কমকর্তা, টিসিসি-এর চেয়ারম্যান এবং একজন মহিলা প্রতিনিধিকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হইল। মহিলা প্রতিনিধি থানা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক মনোনীত হইবেন"।

(৫) উক্ত নীতিমালার ৬.০ অনুচ্ছেদের (ঝ) নিম্নবর্ণিত ভাবে প্রতিস্থাপিত হইবে ঃ
"কোন পরিবারকে জমির প্রাপ্যতা সর্বোচ্চ ১.০০ (এক) একর জমি দেওয়া হইবে। তবে দেশের উপকূলীয় অঞ্চলের জন্য খাসজমির প্রাপ্যতা অনুযায়ী অনুর্ধ ১.৫০ (দেড়) একর পর্যন্ত জমি ভূমিহীনদের বন্দোবস্ত দেওয়া যাইবে। উপকূলীয় জেলাসমূহ হইল ঃ খুলনা,

বাগেরহাট, সাতক্ষীরা, পিরোজপুর, বরিশাল, পটুয়াখালী, বরগুনা, ভোলা, নোয়াখালী, লক্ষীপুর, চট্টগ্রাম জেলার সন্দীপ থানা এবং কক্সবাজার জেলার সদর, কুতুবদিয়া, মহেশখালী, টেকনাফ ও চকোরিয়া থানা"।

(৬) উক্ত নীতিমালার ১০.০০ অনুচ্ছেদের (ক)-এর পর (খ) হিসাবে নিম্নরূপ সংযোজিত হইবে ঃ
"(খ)যে পরিবারের ১০ শতাংশ পর্যন্ত বসতবাটি আছে কিন্তু কৃষিযোগ্য জমি নাই, এইরূপ কৃষি নির্ভর পরিবারও ভূমিহীন হিসাবে গণ্য হইবে"।

(৭) উক্ত নীতিমালার ১১ (ঘ) অনুচ্ছেদের "কৃষি জমি ও বাস্তুবাটিহীন পরিবার" নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবেঃ
"ঘ) কৃষি জমিহীন ও বাস্তুবাটিহীন পরিবার"।

(৮) উক্ত নীতিমালার ১১.০০ অনুচ্ছেদের (ঙ)-এর পর (চ) হিসাবে নিম্নরূপ সংযোজিত হইবে ঃ
"চ) ১০ শতাংশ বসতবাটি আছে, কিন্তু কৃষিযোগ্য জমি নাই এইরূপ কৃষি-নির্ভর পরিবার"।

(৯) উক্ত নীতিমালার ২৭.০ অনুচ্ছেদ নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপিত হইবে ঃ
"নদী পয়স্তি জমি বা চরভূমির ক্ষেত্রে দিয়ারা জরিপ না হওয়া পর্যন্ত এই নীতিমালার আওতায় কোন জমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত দেওয়া যাইবে না। তবে দিয়ারা সেটেলমেন্ট না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ চর্চা ম্যাপের সঠিক ও যথার্থতা সম্পর্কে সম্পূর্ণরূপে নিশ্চিত হইয়া যাহার ভিত্তিতে সংশ্লিষ্ট থানায় ভূমিহীন কৃষকদের মধ্যে প্রাথমিকভাবে অস্থায়ী-ভিত্তিতে উক্ত কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করিতে পারিবেন এবং এই সকল জমির যথাশীঘ্র সম্ভব অগ্রাধিকার ভিত্তিতে দিয়ারা জরিপ সম্পন্ন করিতে হইবে। দিয়ারা জরিপ সম্পন্ন হওয়ার পর উক্ত চর্চা ম্যাপের ভিত্তিতে সম্পাদিত বন্দোবস্ত কেসসমূহ সমন্বয় করিতে হইবে। তবে উক্ত কার্যক্রম ১৯৯৪ সালের ১৫ নং আইনের সাথে সংগতিপূর্ণ হইতে হইবে"।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বা/- মুহাম্মাদ ওমর ফারুক
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৮

নং-ভূম/শা-৮/খাজব/৯/৯৮/৫৪৬ তারিখ ঃ ২৩-৬-১৪০৫ বাং
৮-১০-৯৮ খ্রীঃ

প্রেরক ঃ দিলদার আহমদ
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ জেলা প্রশাসক,
..................।

বিষয় ঃ অকৃষি খাসজমি বন্দোবস্তের সেলামী অথবা নিলামের সর্বনিম্ন মূল্য নির্ধারণ প্রসংগে।

বর্তমানে প্রচলিত ১৯৯৫ সালের অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার আলোকে অকৃষি খাসজমির সেলামীর হার ভূমি মন্ত্রণালয়ের ২৮-৯-৯৭ খ্রীঃ তারিখের ভূঃমঃ/শা-৯/১৮/৯৪-১১-বিবিধ নং স্মারক মোতাবেক বন্দোবস্তাধীন জমির এলাকার জমি বেচা-কেনার ১২ (বার) মাসের গড় মূল্যের সাথে ধার্যকৃত ভূমি উন্নয়ন করের ৫০ গুণ যোগ করিয়া সেলামী নির্ধারণ করা হইত। এই পদ্ধতিতে জমির সেলামী নির্ধারণে জমির সঠিক মূল্য প্রতিফলিত হইত না বিধায় সরকার উল্লেখ্যযোগ্য অংকের রাজস্ব আয় হইতে বঞ্চিত হইত। এই অবস্থা নিরসনকল্পে অকৃষি খাসজমি বন্দোবস্তের সেলামী ধার্য অথবা সেই জমির নিলামের ন্যূন্যতম মূল্য নির্ধারণের জন্য এখন হইতে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(ক) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর ক্ষেত্রে যে মৌজায় জমি বন্দোবস্ত অথবা নিলাম দেওয়া হইবে সেই মৌজার পূর্ববর্তী ১২ মাসের জমি বেচা-কেনা দলিলের গড় মূল্যের ৩ তিন) গুণ মূল্যে সেলামী ধার্য করিতে হইবে। এবং নিলাম এর ক্ষেত্রেও এই মূল্যই হইবে জমির সর্বনিম্ন গ্রহণযোগ্য মূল্য।

(খ) খুলনা, সিলেট, রাজশাহী, বরিশাল, নারায়নগঞ্জ, সাভার, গাজীপুর, টংগী, পৌর, এলাকাসমূহে যে মৌজার জমি বন্দোবস্ত অথবা নিলাম দেওয়া হইবে সেই মৌজার পূর্ববর্তী ১২ মাসের জমি বেচা-কেনা দলিলের গড় মূল্যের ২ (দুই) গুণ মূল্যে সেলামী ধার্য করিতে হইবে এবং নিলামের ক্ষেত্রেও এই মূল্যই হইবে জমির সর্ব নিম্নগ্রহণযোগ্য মূল্য।

(গ) অন্যান্য শহর ও গ্রাম এলাকায় যে মৌজার জমি বন্দোবস্ত অথবা নিলাম দেওয়া হইবে সেই মৌজার পূর্ববর্তী ১২ মাসের জমি বেচা-কেনা দলিলের গড় মূল্যের ১.৫ গুণ মূল্যে সেলামী ধার্য করিতে হইবে এবং নিলামের ক্ষেত্রেও এই মূল্যই হইবে জমির সর্বনিম্ন গ্রহণযোগ্য মূল্য।

২। সুতরাং এই বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হইল।

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

নং-ভূম/শা-৮/খাজব/৯/৯৮/৫৪৬)১০০)

তারিখ ঃ ২৩-৬-১৪০৫ বাং
৮-১০-৯৮ খ্রঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ-

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড /ভূমি আপীল বোর্ড, ঢাকা।

২। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল বিভাগ।

৪। সিনিয়র সহকারী সচিব / সহকারী সচিব, শাখা নং- ভূমি মন্ত্রণালয়।

৫। ..............................

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৮

নং- ভূম/শা-৮/খাজব/৭০/৯৮/৬১৭(৭০)

তারিখঃ ২৭-৭-১৪০৫ বাং
১১-১২-৯৮ইং

প্রজ্ঞাপন

অকৃষি খাসজমি বন্দোবস্ত নীতিমালা বাংলাদেশে গেজেটের অতিরিক্ত সংখ্যায় ভূম/শা-৮/খাজব/৪৬/৮৪/১২৫, তারিখ ৭ই মার্চ, ১৯৯৫/২৬শে ফাল্গুন, ১৪০৯ বাং-এ প্রকাশিত হয়। নীতিমালার ৩.০ (থ) ধারায় শহর এলাকার অকৃষি খাসজমি নিলামের মাধ্যমে বিক্রয় করার বিধান রহিয়াছে। সরকার শহর এলাকার অকৃষি খাসজমি নিম্নবর্ণিত কমিটিসমূহের মাধ্যমে বিক্রি করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেঃ

বিভাগীয় শহর এলাকার অকৃষি খাসজমি নিলাম কমিটিঃ

(ক) বিভাগীয় কমিশনার ঃ সভাপতি
(খ) উপ-মহা পুলিশ পরিদর্শক (যেখানে মেট্রোপলিটন পুলিশ নাই) ঃ সদস্য
উপ-পুলিশ কমিশনার (যেখানে মেট্রোপলিটন পুলিশ আছে)
(গ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) ঃ সদস্য-সচিব
(ঘ) জেলা প্রশাসক (সংশ্লিষ্ট) ঃ সদস্য
(ঙ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী গণপূর্ত (সংশ্লিষ্ট) ঃ সদস্য
(চ) মাননীয় মেয়র এর একজন প্রতিনিধি (সিটি কর্পোরেশন এলাকার জন্য) ঃ সদস্য
চেয়ারম্যান অথবা চেয়ারম্যানের একজন প্রতিনিধি (পৌর এলাকার জন্য)
(ছ) রাজউক/ সিডিএ/কেডিএ/ আরডিএ এর প্রতিনিধি ঃ সদস্য

২। জেলা শহর ও থানা পৌর এলাকার অকৃষি খাসজমি নিলাম কমিটিঃ

(ক) জেলা প্রশাসক ঃ সভাপতি
(খ) পুলিশ সুপার ঃ সদস্য
(গ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ঃ সদস্য
(ঘ) নির্বাহী প্রকৌশলী গণপূর্ত ঃ সদস্য
(ঙ) পৌর সভার চেয়ারম্যান ঃ সদস্য
(চ) থানা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট) ঃ সদস্য
(ছ) রেভিনিউ ডেপুটি কালেক্টর ঃ সদস্য-সচিব।

৩। উপর্যুক্ত ২টি কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপঃ

(ক) কমিটি শুধুমাত্র অকৃষি খাসজমি নীতিমালার ৩ (থ) ধারায় বর্ণিত জমিই নিলামে বিক্রি করিতে পারিবে।

(খ) যদি কোন অকৃষি খাসজমি একসনা ইজারা দেওয়া হইয়া থাকে কমিটি ঐ সমস্ত জমি ইজারার মেয়াদ শেষ হইবার পরই নিলামে বিক্রয়ের ব্যবস্থা করিবে।

(গ) কমিটি নিলাম পরিচালনার পূর্বে স্থানীয়সহ বহুল প্রচারিত জাতীয় ২টি পত্রিকার মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিবে। কমিটি নিলাম কার্য সম্পাদনের পর সর্বোচ্চ নিলাম ডাককারীর নাম চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করিবে। ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করিয়া চূড়ান্ত অনুমোদন প্রদান করিবে।

৪। উভয় কমিটিতে ৭ (সাত) জন সদস্য রহিয়াছে। ন্যূনতম ৪জন সদস্য উপস্থিত থাকিলে কোরাম (quorum) হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

৫। নিলাম কমিটি নিম্নবর্ণিত হারের কমে কোন নিলাম ডাকের প্রস্তাব বিবেচনা করিবেনাঃ

(ক) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর ক্ষেত্রে যে মৌজার জমি নিলাম হইবে সেই মৌজার পূর্ববর্তী ১২ মাসের জমি বেচা-কেনা দলিলের গড় মুল্যের ৩ (তিন) গুণ মূল্যের নিম্নের কোন প্রস্তাব।

(খ) রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, বগুড়া, নারায়নগঞ্জ, টংগী ও গাজীপুর শহর এলাকার যে মৌজার জমি নিলাম হইবে সেই মৌজার পূর্ববর্তী ১২ মাসের জমি বেচা-কেনা দলিলের গড় মূল্যের ২ (দুই) গুণ মূল্যের নিম্নের কোন প্রস্তাব।

(গ) উপরে উল্লেখ নাই এমন জেলা ও থানা পৌর এলাকার যে মৌজার জমি নিলাম হইবে সেই মৌজার পূর্ববর্তী ১২ মাসের জমি বেচা-কেনা দলিলের গড় মুল্যের ১$\frac{১}{২}$ গুণ মূল্যের নিম্নের কোন প্রস্তাব।

৬। যে সকল খাসজমি ভবিষ্যতে সরকারের কোন প্রয়োজনে বিশেষ করিয়া উন্নয়নমূলক কাজে অথবা সরকারী কোন স্থাপনা নির্মাণের জন্য দরকার হইতে পারে বলিয়া সংশ্লিষ্ট নিলাম কমিটির নিকট প্রতীয়মান হইবে, সেই সকল অকৃষি খাসজমি বিক্রি করা যাইবেনা বরং সেই সকল জমি সংরক্ষণ করিতে হইবে।

৭। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ এই প্রজ্ঞাপন মোতাবেক অকৃষি খাসজমি নিলাম কমিটি গঠন করিয়া আলোচ্য প্রজ্ঞাপন ও অকৃষি খাসজমি বন্দোবস্তের সেলামী অথবা নিলামের সর্বনিম্ন মূল্য নির্ধারণ প্রসংগে ইতোপূর্বে জারীকৃত ৮-১০-৯৮ তারিখের ভূম/শা-৮/খাজব/৯/৯৮/৫৪৬ নং স্মারক মোতাবেক শহরাঞ্চলের অকৃষি খাসজমি নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

বিবরণঃ

১। বিভাগীয় কমিশনার (সকল) ............................ ।

২। জেলা প্রশাসক (সকল) .................................. ।

৩। ভূমি প্রতিমন্ত্রীর একান্ত সচিব/ গণসংযোগ কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৮

নং- ভূম/শা-৮/খাজব/২০/৯৯/৯৭১(৬১) তারিখঃ ২২-২-১৪০৬ বাং
৫-৫-৯৯ইং

প্রেরক ঃ দিলদার আহমদ
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ জেলা প্রশাসক
-------------------- ।

বিষয় ঃ নিলামে অকৃষি খাসজমি বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে জমাকরণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে আদেশক্রমে জানান যাইতেছে যে, ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন অকৃষি খাসজমি নিলামের মাধ্যমে বিক্রয়লব্ধ অর্থ নিম্নোক্ত হিসাবের খাত এবং কোড নম্বরে সরকারী কোষাগারে জমা করিতে হইবেঃ

| হিসাবের খাত | কোড নং |
|---|---|
| ভূমি মন্ত্রণালয়-ভূমি ব্যবস্থাপনা-জমি বিক্রয় | ১-৪৬৩৯-০০০০-৩৬০১ |

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

নং- ভূম/শা-৮/খাজব/২০/৯৯/৯৭১(৬১) তারিখঃ ২২-২-১৪০৬ বাং
৫-৫-৯৯ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। কমিশনার, ......................................... ।

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৪**
**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ই মে ২০০০

নং- ভূঃমঃ/শা-৪/কৃখাজব-৬/২০০০-১৮১-বিগত ১২ই মে, ১৯৯৭ ইং তারিখের গেজেটে প্রকাশিত কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার কতিপয় সংশোধনী আনয়নের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় উক্ত নীতিমালার ৩৪.০ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ সংশোধন/সংযোজন/পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। নীতিমালা সংশোধন/সংযোজন/পরিবর্তনকৃত অংশটুকু সকলের অবগতির জন্য জারী করা হইল। ৩০-০৪-২০০০ ইং তারিখ হইতে ইহা কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(১) কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা ১৯৯৭ ও এর ২৫-০৮-৯৮ তারিখে জারীকৃত সর্বশেষ সংশোধনীর উপর অধিকতর সংশোধন আনিয়া অনুচ্ছেদ-২ (গ) নিম্নলিখিতভাবে পরিবর্তিত ও প্রতিস্থাপিত হইবেঃ-

"এই নীতিমালা জারীর পূর্বে প্রচলিত নিয়মনীতি মোতাবেক খাস কৃষি জমির যে সকল বন্দোবস্ত দেওয়া হইয়াছে, ঐ সকল বন্দোবস্ত বহাল থাকিবে। তাছাড়া পূর্বের নীতিমালার আওতায় যে সকল বন্দোবস্ত কেস জেলা প্রশাসক কর্তৃক ১৩-৮-৯৬ইং তারিখের পূর্বে চূড়ান্ত-ভাবে অনুমোদিত হইয়াছে কিন্তু কবুলিয়ত রেজিষ্ট্রি করা হয় নাই, সেই সকল কেসও বহাল থাকিবে এবং কবুলিয়ত সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে। এমন কেসসমূহ বর্তমান নীতিমালা ও উহার সংশোধনী মোতাবেক নিষ্পত্তি করিতে হইবে। তবে ১৯৭২ ইং সালের পর বিধিবহির্ভূতভাবে যদি কোন কৃষি খাসজমি বন্দোবস্ত দেওয়া হইয়া থাকে, সেই বন্দোবস্ত কেস সুনির্দিষ্ট অভিযোগ ও উহার প্রমাণাদির ভিত্তিতে থানা কমিটি, জেলা কমিটির নিকট বাতিলের জন্য সুপারিশ করিতে পারিবে এবং জেলা কমিটি উক্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে"।

(২) কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার ১৯.০ অনুচ্ছেদ নিম্নলিখিতভাবে পরিবর্তিত হইবে ঃ-

"অনুমোদিত প্রস্তাব ফেরৎ পাওয়ার পর সহকারী কমিশনার (ভূমি) অবশ্যই ১৫ দিনের মধ্যে এক টাকা সেলামীর বিনিময়ে বন্দোবস্ত প্রাপকের অনুকূলে কবুলিয়ত সম্পাদন করিয়া দিবেন, রেজিষ্ট্রেশন করার যথাযথ ব্যবস্থা নিবেন এবং বন্দোবস্ত প্রাপকের নামে খতিয়ান খুলিয়া দিবেন।"

(৩) কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা ১৯৯৭ ও এর ২৫-০৮-৯৮ইং তারিখে জারীকৃত সর্বশেষ সংশোধনীর উপর অধিকতর সংশোধন আনিয়া অনুচ্ছেদ-২৭ নিম্নলিখিতভাবে পরিবর্তিত ও প্রতিস্থাপিত হইবেঃ-

"নদী পয়স্তি জমি বা চর ভূমির ক্ষেত্রে দিয়ারা সেটেলমেন্ট না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ চর্চা ম্যাপের সঠিকতা ও যথার্থতা সম্পর্কে সম্পূর্ণরূপে নিশ্চিত হইয়া তাহার ভিত্তিতে সংশ্লিষ্ট থানার ভূমিহীন কৃষকদের মধ্যে প্রাথমিকভাবে উক্ত কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান করিতে পারিবেন এবং এই সকল জমির যথাশীঘ্র সম্ভব অগ্রাধিকার ভিত্তিতে দিয়ারা জরিপ সম্পন্ন করিতে হইবে। দিয়ারা জরিপ সম্পন্ন হওয়ার পর উক্ত চর্চা ম্যাপের ভিত্তিতে সম্পাদিত বন্দোবস্ত কেসসমূহ সমন্বয় করিতে হইবে। তবে উক্ত কার্যক্রম ১৯৯৪ সালের ১৫ নং আইনের সাথে সংগতিপূর্ণ করিতে হইবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে
**স্বা/-এম,সাইফুল ইসলাম**
সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৪**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৪ই সেপ্টেম্বর ২০০০ইং

নং-ভূঃমঃ/শা-৪/কৃখাজব-১/৯৮-৩৬১-বিগত ১২ই মে, ১৯৯৭ইং তারিখের গেজেটে প্রকাশিত কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার কতিপয় সংশোধনী আনয়নের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় উক্ত নীতিমালার ৩৪.০ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ সংশোধন/ সংযোজন/ পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। নীতিমালা সংশোধন/ সংযোজন/ পরিবর্তনকৃত অংশটুকু সকলের অবগতির জন্য জারী করা হইল। ১৩-০৯-২০০০ইং তারিখ হইতে ইহা কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(১) কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৭ এর অনুচ্ছেদ-২১.০ নিম্নলিখিতভাবে পরিবর্তিত ও প্রতিস্থাপিত হইবেঃ-

"কোন মৌজার কৃষি খাসজমি সংশ্লিষ্ট মৌজার ভূমিহীন প্রার্থীদের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ প্রদান করিতে হইবে। ঐ মৌজার প্রার্থীদের মধ্যে বরাদ্দ প্রদানের পর আরও জমি থাকিলে পার্শ্ববর্তী ইউনিয়ন এবং পরবর্তীতে পার্শ্ববর্তী উপজেলার ভূমিহীনদের মধ্যে বরাদ্দ দেওয়া যাইবে। এই ব্যাপারে জেলা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবেন।"

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বা/-এম, সাইফুল ইসলাম
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৮

নং- ভূম/শা-৮/১৯০/৯৭/৩০৮(৬৯)

তারিখঃ ১৮-৩-১৪০৭বাং
২-৭-২০০০ ইং

প্রেরক ঃ দিলদার আহমদ
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ জেলা প্রশাসক,
.............................।

বিষয় ঃ আশ্রায়ন ও অন্যান্য অনুরূপ প্রকল্পের জন্য খাসজমি সংরক্ষণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে একই স্থানে ৩.০০ একর বা এর অধিক আয়তন বিশিষ্ট খাসজমি ভবিষ্যতে আশ্রায়ন প্রকল্প ও অন্যান্য অনুরূপ প্রকল্পের বাস্তবায়নের জন্য সংরক্ষিত রাখিবার নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হইল।

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

নং- ভূম/শা-৮/১৯০/৯৭/৩০৮(৬৯)

তারিখঃ ১৮-৩-১৪০৭বাং
২-৭-২০০০ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

১। কমিশনার, ............................................ বিভাগ।

স্বা/- (দিলদার আহমদ)
সিনিয়র সহকারী সচিব।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৮**

নং- ভূঃমঃ/শা-৮/৯/৯৮/৩৬৪(৬১) তারিখঃ ২-৪-১৪০৭ বাং
১৭-৭-২০০০ ইং

প্রেরক ঃ দিলদার আহমদ
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ জেলা প্রশাসক,
.................................।

**বিষয়ঃ অকৃষি খাসজমির সেলামী নির্ধারণ প্রসংগে।**

সূত্রঃ অত্র মন্ত্রণালয়ের স্মারক নং-ভূম/শা-৮/খাজব/৯/৯৮/৫৪৬(১০০) তাং- ৮-১০-৯৮ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদেশক্রমে জানানো যাইতেছে যে, জমি বন্দোবস্তের ক্ষেত্রে সেলামী নির্ধারণের সময় সংশ্লিষ্ট জমির মৌজাভুক্ত পূর্ববর্তী ১২ (বার) মাসের জমি ক্রয় বিক্রয়ের তথ্য তালিকা বা সেইল ফিগার সংগ্রহ করিয়া গড়মূল্য নির্ধারণের ব্যবস্থা রহিয়াছে। এই ব্যবস্থাকে আরও কার্যকর করিতে "মৌজার একই শ্রেণী পূর্ববর্তী ১২ (বার) মাসের জমি বিক্রয়ের সেইল ফিগার গ্রহণ করিয়া" গড়মূল্য নির্ধারণ করিতে অনুরোধ করা হইল।

**স্বা/- (দিলদার আহমদ)**
সিনিয়র সহকারী সচিব।

নং- ভূঃমঃ/শা-৮/৯/৯৮/৩৬৪(৬১) তারিখঃ ২-৪-১৪০৭ বাং
১৭-৭-২০০০ ইং

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ**

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
২। কমিশনার, .............................. বিভাগ।

**স্বা/- (দিলদার আহমদ)**
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৮

নং- ভূঃমঃ/শা-৮/খাজব/বিঃ/২২/২০০১/৬৪৯(৬৭) তারিখঃ ২৪-১০-২০০১

বিষয়ঃ সরকারী কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বসতবাড়ী নির্মাণের জন্য অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান প্রসংগে।

আদেশক্রমে জানানো যাইতেছে যে, সরকারী কর্মকর্তা/কর্মচারীগণ বসতবাড়ী নির্মাণের জন্য আবেদন করিয়া খাসজমি বন্দোবস্ত পাওয়ার প্রচেষ্টা চালান। কোন কোন কর্মকর্তা/কর্মচারী এই ধরণের আবেদনের মাধ্যমে অকৃষি খাসজমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত নিয়াছেন। বর্তমানে জমির অপ্রতুলতাহেতু এই বিষয়ে নিরুৎসাহিত করিবার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হইল।

২। বিশেষ এবং মানবিক কারণে কোন কর্মকর্তা/কর্মচারীর আবেদন বিবেচনা করিতে হইলে সেই কর্মকর্তা/কর্মচারীকে আবেদনের সহিত অবশ্যই এই মর্মে এফিডেবিট প্রদান করিতে হইবে যে, বাংলাদেশের কোন শহরে তাঁহার কোন জমি নাই এবং কোন শহরে কোন জমি পাওয়ার সম্ভাবনা নাই। ইহাছাড়া কর্মকর্তা/কর্মচারীগণ এককভাবে আবেদন না করিয়া ন্যূনতম চারজন মিলিতভাবে চারতলা ভবন নির্মাণের আবেদন করিলে সর্বোচ্চ ৩(তিন) কাঠা পরিমাণ জমি বরাদ্দের বিষয় বিবেচনা করা যাইতে পারে।

স্বা/- (মোঃ ফয়জুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব।

প্রাপকঃ

১। বিভাগীয় কমিশনার,
................................ বিভাগ।

২। জেলা প্রশাসক,
........................।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**শাখা নং-৮**

নং- ভূঃমঃ/শা-৮/খাজব/৩৬৬/২০০০/৪৩৪(৬৪) তারিখঃ ২৫/১১/২০০২ইং

প্রেরক ঃ মোঃ ফয়জুর রহমান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক ঃ জেলা প্রশাসক
............................ (সকল)।

বিষয় ঃ **অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রণালয়ের স্মারক নং ভূঃমঃ/শা-৮/খাজব/৩৬৬/২০০০/৭০২(৬১) তারিখঃ ১৫/১১/২০০১ইং

উপরোক্ত বিষয়ে আদেশক্রমে জানানো যাইতেছে যে, অকৃষি খাসজমি বন্দোবস্তের প্রস্তাব বিভাগীয় কমিশনার এর মাধ্যমে মন্ত্রণালয়ের প্রেরণের জন্য সূত্রে উল্লেখিত স্মারকে নির্দেশ প্রদান করা হইয়াছিল। এই নির্দেশের ফলে অকৃষি খাসজমি বন্দোবস্তের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে বিলম্ব পরিলক্ষিত হইতেছে। বিলম্বের কারণে অনেক সময় প্রত্যাশী ব্যক্তি/ সংস্থাকে অসুবিধার সম্মুখীন হইতে হয়।

২। এমতাবস্থায় অকৃষি খাসজমি বন্দোবস্তের প্রস্তাব সরাসরি মন্ত্রণালয়ের প্রেরণের জন্য অনুরোধ করা হইল। এই বিষয়ে ইতিপূর্বে জারীকৃত স্মারক নং- ভূম/শা-৮/খাজব/ ৩৬৬/ ২০০০/ ৭০২ (৬১) তারিখঃ ১৫/১১/২০০১ ইং বাতিল করা হইল।

**স্বা/- (মোঃ ফয়জুর রহমান চৌধুরী)**
সিনিয়র সহকারী সচিব।

নং- ভূঃমঃ/শা-৮/খাজব/৩৬৬/২০০০/৪৩৪(৬৪)/৭ তারিখঃ ২৫/১১/২০০২ইং

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ**

১। কমিশনার,
............................ বিভাগ।

২। মাননীয় ভূমি মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

**স্বা/- (মোঃ ফয়জুর রহমান চৌধুরী)**
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৮।

স্মারক নং- ভূঃমঃ/শাখা-৮/খাজব/২৬৮/৯৭/৫৯৬ তারিখঃ ২০/৮/২০০২ইং

বিষয়ঃ হোটেল/মোটেল এর জন্য খাসজমি বন্দোবস্তের সংশোধিত নীতিমালা।

কক্সবাজার হোটেল/মোটেল জোনে পর্যটন শিল্পের উন্নয়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষে বিগত ০১/৭/২০০২ইং তারিখে ভূমি মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ নাসির উদ্দিন এবং কক্সবাজার জেলার দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী জনাব সালাউদ্দিন আহমেদ, জেলা প্রশাসক, কক্সবাজার এবং সংশ্লিষ্ট সচিব/কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। সভায় আলোচনা ও সিদ্ধান্তের আলোকে নিম্নরূপ ভূমি বরাদ্দ নীতিমালা প্রণয়ন করা হয়ঃ

(ক) জেলা প্রশাসক, কক্সবাজার পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহবান করিবেন। ইহাতে পুরাতন দরখাস্তকারীগণসহ সকল ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান আবেদন করিতে পারিবেন।

(খ) জেলা প্রশাসক আবেদনসমূহ যাচাই বাছাই করিয়া বিধি মোতাবেক প্রস্তাব কমিশনার চট্টগ্রাম বিভাগ এর মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

(গ) প্রস্তাবসমূহ ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হওয়ার পর বাছাইকৃত আবেদনকারীগণকে সংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ জেলা প্রশাসকের নিকট ভূমি ব্যবহারের পূর্ণাঙ্গ প্ল্যান জমা প্রদান করিতে হইবে। জেলা প্রশাসক উল্লেখিত কাগজ পত্রাদি/প্ল্যান তিন মাসের মধ্যে জমা প্রদান করিতে সংশ্লিষ্ট সকলকে পত্র দিয়া অবহিত করিবেন।

(ঘ) ভূমি ব্যবহারের পূর্ণাংগ প্ল্যান প্রাপ্তির পর জেলা প্রশাসক বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে অবিলম্বে প্রেরণ করিবেন।

(ঙ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় জেলা প্রশাসকের পত্র প্রাপ্তির এক মাসের মধ্যে তাহাদের অনাপত্তি/বক্তব্য প্রদান করিবেন।

(চ) যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠান তিন মাসের মধ্যে তাহাদের প্ল্যান জমা প্রদানে ব্যার্থ হইবেন তাহাদের অনুকূলে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(ছ) সকল আবেদন পত্রে ভূমি ব্যবহারের লক্ষ্য ও উদ্দেশ্য পরিষ্কারভাবে উল্লেখ থাকিতে হইবে।

(জ) যে উদ্দেশ্যে ভূমি বন্দোবস্ত দেওয়া হইবে সেই উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে বরাদ্দকৃত ভূমি ব্যবহার করা যাইবে না। অন্যথায় ভূমি বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঞ) বন্দোবস্ত/ইজারা দলিল সম্পাদিত হইবার তিন বৎসরের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করিতে হইবে। তবে সরকার (ভূমি মন্ত্রণালয়) ইচ্ছা করিলে গ্রহণযোগ্য কারণে এই সময়সীমা সর্বোচ্চ আরও দুই বছর পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।

(ট) বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ন্যূনতম পক্ষে এক তারকা বিশিষ্ট হোটেল/মোটেল/রিসোর্ট নির্মাণ করিতে হইবে। প্রকল্পে চাহিত জমির পরিমাণ, হোটেলের শয়ন কক্ষের

সংখ্যা ও অন্যান্য সুবিধাদি যেমন- সুইমিং পুল, শপিং ব্যবস্থা, সেলুন, লন্ড্রি, ট্রাভেল এজেন্ট, অফিস প্ল্যানে স্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

(ঠ) প্রকল্প প্ল্যান অবশ্যই ন্যূনতম পক্ষে পাঁচ বৎসরের অভিজ্ঞতা ও যথাযথ যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠিত নিবন্ধনকৃত স্থপতি ফার্ম দ্বারা প্রস্তুত করাইতে হইবে।

(ড) প্রকল্পের সহিত হোটেল/মোটেল নির্মাণের আনুসংগিক ব্যয়সহ একটি প্রাক্কলন থাকিতে হইবে।

(ঢ) আর্থিক স্বচ্ছলতা সম্পর্কে গ্রহণযোগ্য কাগজপত্রাদি থাকিতে হইবে।

(ণ) আবেদনকারী/প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশী হইতে হইবে।

(ত) কোন দলিল বা আম-মোক্তারনামা দ্বারা হোটেল/মোটেলের জন্য বন্দোবস্তকৃত জমি অন্য কোন নামে হস্তান্তর বা অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না। ইহার কোন ব্যত্যয় ঘটিলে বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং সেলামীর টাকা বাজেয়াপ্ত হইবে। এই বিষয়ে কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

৩। হোটেল/ মোটেলের জন্য সরকারী জমি বন্দোবস্তের উপরে উল্লেখিত নীতিমালার কোন শর্ত ভংগ করা হইলে বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং এই বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রাহ্য করা হইবে না।

৪। এতদ্বারা ইতিপূর্বে এই বিষয়ে জারীকৃত নীতিমালা বাতিল বলিয়া গণ্য হইবে।

আদেশক্রমে

স্বা/- (মোঃ ফয়জুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব।

স্মারক নং- ভূঃমঃ/শাখা-৮/খাজব/২৬৮/৯৭/৫৯৬(৬৯) তারিখঃ ২০/৮/২০০২ইং

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ**

১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪০-১৪২ মতিঝিল বা/এ, ঢাকা।

৩। কমিশনার ------------------------ (সকল)।

৪। জেলা প্রশাসক ------------------- (সকল)।

স্বা/- (মোঃ ফয়জুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-৪

বিজ্ঞপ্তি

তারিখ, ২৯শে মে ২০০৩

নং ভূঃমঃ/শা-৪/কৃখাজব-৪/২০০১-২৯৩।--- বিগত ১২ই মে, ১৯৯৭ তারিখে গেজেটে প্রকাশিত কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা ৩৪.০ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত নীতিমালা নিম্নরূপ সংশোধন/সংযোজন/পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। ইহা গেজেটে প্রকাশনার তারিখ হইতে কার্যকর হইবে। নীতিমালার অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকিবে।

(ক) ০৭ জানুয়ারি ২০০৩ তারিখে প্রকাশিত কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার সংশোধিত (খ) নং অনুচ্ছেদে বর্ণিত "জেলা খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির গঠন" শিরোনামটি "জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির গঠন" শিরোনামে প্রতিস্থাপিত হইবে।

(খ) ০৭ জানুয়ারি ২০০৩ তারিখে প্রকাশিত কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালার সংশোধিত (গ) নং অনুচ্ছেদে বর্ণিত "উপজেলা খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির গঠন" শিরোনামে প্রতিস্থাপিত হইবে।

(গ) জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটিতে জেলা প্রশাসক "সভাপতি" এবং উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটিতে উপজেলা নির্বাহী অফিসার "সভাপতি" মর্মে সংশোধন করা হইল।

(ঘ) জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি এবং উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি দুইটর গঠন নিম্নরূপ হইবে।

জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি ঃ

উপদেষ্টা ঃ একজন সংসদ সদস্য
(ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী কর্তৃক মনোনীত)

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | পুলিশ সুপার | সদস্য |
| (৩) | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | সদস্য |
| (৪) | সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা | সদস্য |
| (৫) | জেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৬) | জেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (৭) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| (৮) | জেলা কৃষক সংগঠনের দুইজন প্রতিনিধি (মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত) | সদস্য |
| (৯) | জেলা কৃষক সমবায় সংগঠনের একজন প্রতিনিধি (মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১০) | জেলা মুক্তিযোদ্ধা সংগঠনের একজন প্রতিনিধি (মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১১) | রেভিনিউ ডেপুটি কালেক্টর | সদস্য-সচিব |

উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি ঃ

উপদেষ্টা ঃ (ক) সংসদ সদস্য (সংশ্লিষ্ট)
(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (ভবিষ্যতে নির্বাচিত হইলে)

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| (২) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৩) | ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা | সদস্য |
| (৪) | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| (৫) | বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জ অফিসার | সদস্য |
| (৬) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (৭) | চেয়ারম্যান, ইউ,সি,সি,এ | সদস্য |
| (৮) | ইউ, পি, চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়নের জন্য) | সদস্য |

(৯) বিত্তহীন সমবায় সমিতির ১জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) — সদস্য

(১০) উপজেলা কৃষক সংগঠনের একজন প্রতিনিধি (মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)

(১১) স্থানীয় সৎ, নিষ্ঠাবান ও জনহিতকর কার্যে উৎসাহী একজন গণ্যমান্য ব্যক্তি (জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সংসদ সদস্যদের সহিত পরামর্শক্রমে মনোনয়ন দিবেন) — সদস্য

(১২) স্থানীয় কলেজ কিংবা হাইস্কুলের প্রধান (একজন) (জেলা প্রশাসক সংশ্লিষ্ট সংসদ সদস্যদের সহিত পরামর্শক্রমে মনোনয়ন দিবেন)। — সদস্য

(১৩) উপজেলা মুক্তিযোদ্ধা সংগঠনের একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি (মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত) — সদস্য

(১৪) একজন মহিলা প্রতিনিধি (উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক মনোনীত) — সদস্য

(১৫) সহকারী কমিশনার (ভূমি) — সদস্য-সচিব

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আজাদ রুহুল আমিন**
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি ঃ

উপদেষ্টা ঃ একজন সংসদ সদস্য

(ভূমি মন্ত্রণালয়ের সুপারিশে নিয়োজিত সংসদ সদস্য)

(১) জেলা প্রশাসক

(২) পুলিশ সুপার

(৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

(৪) সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা

(৫) জেলা কৃষি কর্মকর্তা

(৬) জেলা সমাজসেবা কর্মকর্তা

(৭) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার

(৮) জেলা কৃষক সংগঠনের দুইজন প্রতিনিধি
(মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)

(৯) জেলা ভূমিহীন কৃষক সংগঠনের একজন প্রতিনিধি
(মাননীয় ভূমি মন্ত্রী কর্তৃক মনোনীত)

(১০) জেলা মুক্তিযোদ্ধা সংসদের একজন প্রতিনিধি — সদস্য
([illegible] মনোনীত)

(১১) রেভিনিউ ডেপুটি কালেক্টর — সদস্য-সচিব

উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি ঃ

উপদেষ্টা ঃ (ক) সংসদ সদস্য (স্থানীয়)
(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (নির্বাচিত হওয়ার পর)

(১) উপজেলা নির্বাহী অফিসার — সভাপতি

(২) উপজেলা কৃষি কর্মকর্তা — সদস্য

(৩) ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা — সদস্য

(৪) উপজেলা সমবায় কর্মকর্তা — সদস্য

(৫) বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জ অফিসার — সদস্য

(৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা — সদস্য

(৭) চেয়ারম্যান, ইউ.পি.[illegible] — সদস্য

(৮) ইউ. পি. চেয়ারম্যান — সদস্য
(সংশ্লিষ্ট ইউনিয়নের জন্য)